প্রভাব মূল্যায়ন সমীক্ষা
প্রতিবেদন

নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ প্রকল্প (CASE)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩০ জুন ২০২৩

সূচিপত্র

		পৃষ্ঠা নম্বর
সূচিপত্র		i-iii
নির্বাহী সার-সংক্ষেপ		iv-v
Abbreviations		vi
Glossary		vii
প্রথম অধ্যায়ঃ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ		
১.১	প্রকল্পের পটভূমি	১
১.২	প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি	১
১.৩	প্রকল্প বাস্তবায়নকাল	২
১.৪	প্রকল্পের লক্ষ্য	২
১.৫	প্রকল্পের উদ্দেশ্য	২
১.৬	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম	২
১.৭	প্রকল্পের আউটপুট	৩
১.৮	প্রাক্কলিত ব্যয়	৪
১.৯	প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি	৪
১.১০	প্রকল্প অনুমোদন, সংশোধন ও ব্যয় বৃদ্ধি	১২
১.১১	প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা	১২
১.১২	প্রকল্পের ক্রয় পরিকল্পনা	১২
১.১৩	প্রকল্পের লগফ্রেম	১২
১.১৪	প্রকল্পের Exit Plan	১৫
দ্বিতীয় অধ্যায়ঃ প্রভাব মূল্যায়ন কার্যক্রমের পরিচালন পদ্ধতি (Methodology)		
২.০	ভূমিকা	১৬
২.১	পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি	১৬
২.২	সমীক্ষার কৌশল	১৭
২.৩	সমীক্ষার বিশ্লেষণগত কাঠামো	১৭
২.৪	সমীক্ষার ধারণা	১৫
২.৫	সমীক্ষার কর্মপদ্ধতি	১৯
২.৬	সমীক্ষা এলাকা নির্ধারণ	১৯
২.৭	জরিপ পদ্ধতি	২০
২.৭.১	সংখ্যাগত জরিপের নমুনা-সংখ্যা ও এলাকা নির্ধারণ	২০
২.৭.২	উত্তরদাতার নমুনা চয়ন	২০
২.৭.৩	উত্তরদাতার নমুনা বন্টন	২০
২.৭.৪	গুণগত পদ্ধতির ব্যবহার	২০
২.৭.৫	কি ইনফরমেন্টস্ ইন্টারভিউ (KII)	২১
২.৭.৬	ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD)	২১
২.৭.৭	মাঠ কর্মী এবং সুপারভাইজার প্রশিক্ষণ	২১
২.৭.৮	তথ্য সংগ্রহের উপকরণ প্রণয়ন (প্রশ্নপত্র)	২২
২.৭.৯	স্থানীয় পর্যায়ের কর্মশালা	২২
২.৭.১০	তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং	২২
২.৭.১১	তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ	২২
২.৭.১২	প্রকল্পের সবল দিক ও দূর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ (SWOT Analysis)	২৩

২.৭.১৩	প্রতিবেদন উপস্থাপন	২৩
তৃতীয় অধ্যায়ঃ ফলাফল পর্যালোচনা		
৩.১	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা	২৫
৩.২	প্রকল্প সংশোধনের কারণ	২৫
৩.৩	প্রকল্পের অর্থবছরভিত্তিক ব্যয় পরিকল্পনা ও অগ্রগতি	২৬
৩.৪	প্রকল্পের সার্বিক ও অঙ্গভিত্তিক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি	২৮
৩.৫	ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ	৪১
৩.৫.১	প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহ	৪১
৩.৫.২	প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৪১
৩.৬	প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৪২
৩.৭	প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য	৫০
৩.৮	প্রকল্পের উদ্দেশ্য অর্জন	৫২
৩.৯	প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য	৫৬
৩.৯.১	প্রকল্পের আওতায় জনবল নিয়োগ	৫৭
৩.১০	প্রকল্প ব্যবস্থাপনা	৫৭
৩.১১	মাঠ পর্যায়ে জরিপ কাজের ফলাফল	৫৮
৩.১১.১	হালকা, মাঝারি ও ভারী যানবাহন চালক ও যাত্রীদের থেকে প্রাপ্ত তথ্যসমূহ	৫৮
৩.১১.২	রাস্তা, ফুটপাত, ওয়াকওয়ে, ড্রেন ব্যবহারকারীদের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহ	৬৩
৩.১১.৩	ওভারব্রিজ ব্যবহারকারীদের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহ	৬৮
৩.১১.৪	ইটের ভাটার আশেপাশে বসবাসকারী জনগণের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহ	৬৯
৩.১২	কী ইনফরমেন্ট ইন্টারভিউ (কেআইআই) এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাবলী	৭১
৩.১৩	ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ	৭৩
৩.১৪	উন্নত Brick klin প্রযুক্তি স্থাপনের ফলে পরিবর্তনের চিত্র (কেস স্টাডি)	৭৪
৩.১৫	স্থানীয় পর্যায়ের কর্মশালায় থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা	৭৫
৩.১৬	প্রকল্পের অঙ্গসমুহের বর্তমান কার্যকর অবস্থা	৭৭
৩.১৬.১	পরিবেশ অধিদপ্তরের আওতায় স্থাপিত Continuous Air Monitoring Station (CAMS) সমুহের বর্তমান কার্যকর অবস্থা	৭৭
৩.১৬.২	সিটি কর্পোরেশনের আওতায় স্থাপিত কার্যসমূহের বর্তমান অবস্থা	৮৪
৩.১৭	প্রকল্পের এক্সিট প্ল্যান সংক্রান্ত	৮৭
চতুর্থ অধ্যায়ঃ প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুকি পর্যালোচনা (SWOT Analysis)		
৪.১	প্রকল্পের প্রাপ্ত সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুকিসমূহ	৮৮
পঞ্চম অধ্যায়ঃ প্রভাব মূল্যায়ন সমীক্ষার ফলাফলের আলোকে পর্যবেক্ষণ		
৫.১	প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি	৯০
৫.২	প্রকল্প ব্যয় বৃদ্ধি	৯০
৫.৩	প্রকল্পের মেয়াদ বৃদ্ধি	৯০
৫.৪	প্রকল্প ব্যবস্থাপনা	৯০
৫.৫	প্রকল্পের জনবল সংক্রান্ত	৯০
৫.৬	ক্রয় প্রক্রিয়া	৯১
৫.৭	অডিট সংক্রান্ত	৯১
৫.৮	লজিক্যাল ফ্রেমওয়ার্ক বিশ্লেষণ	৯১
৫.৯	আর্থ-সামাজিক পর্যবেক্ষণ	৯১
৫.১০	ফুটপাত ও ওভারব্রীজ অবৈধ দখল সংক্রান্ত	৯২
৫.১১	নর্দমা পরিস্কার সংক্রান্ত	৯২
৫.১২	পরিবেশ অধিদপ্তরের আওতায় স্থাপিত CAMS সমূহের অবস্থা	৯২

৫.১৩	ডিসিসি অঞ্চোর রাস্তা, ড্রেনেজ ব্যবস্থা, ফুটপাত, ফুটওভার ব্রীজ এবং ইন্টারসেকশন এর বর্তমান অবস্থা	৯২
৫.১৪	ট্রাফিক সিগনাল নির্মাণ, স্বয়ংক্রিয় রিমোট কন্ট্রোল সিস্টেম ও ট্রাফিক সিগনালে সোলার প্যানেল সিস্টেম এর বর্তমান অবস্থা	৯২
৫.১৫	ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে বায়ুর মান এর বর্তমান অবস্থা	৯২
৫.১৬	ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে ফসলের উপর প্রভাব	৯৩
৫.১৭	ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে পানির উপর প্রভাব	৯৩
৫.১৮	প্রকল্প আস্তবায়নের ফলে পরিবেশ অধিদপ্তরের অর্জন	৯৩
৫.১৯	বিদ্যমান বাস অপারেশন ব্যবস্থার সংস্কারের ভিত্তি রচনা ও Mass Transit বিশেষত: Bus Rapid Transit চালু	৯৩
৫.২০	বাস সেক্টরের সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপন	৯৩
৫.২১	Sustainable Urban Transport বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	৯৪
৫.২২	প্রকল্পের (ডিসিসি ও ডিটিসিএ) অঞ্চোর দলিলাদি সংরক্ষণ সংক্রান্ত	৯৪
৫.২৩	প্রকল্পের এক্সিট প্ল্যান সংক্রান্ত	৯৪
ষষ্ঠ-অধ্যায়ঃ	**সমীক্ষার প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সুপারিশমালা**	
৬.১	সুপারিশমালা	৯৫
৬.২	উপসংহার	৯৬

পরিশিষ্টসমূহঃ

পরিশিষ্ট -১	হালকা, মাঝারি ও ভারী যানবাহন চালক, যাত্রীর জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-২	রাস্তা ফুটপাত, ওয়াকওয়ে, ওভারব্রীজ, ড্রেন ব্যবহারকারীদের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৩	ফুট ওভারব্রীজ ব্যবহারকারিদের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৪	ইটের ভাটার আশেপাশে বসবাসকারী জনগণের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৫	সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৬	ডিটিসিএ-এর কর্মকর্তাদের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৭	ট্রাফিক পুলিশ-এর জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৮	বিআরটি-এর কর্মকর্তাদের জন্য প্রশ্নমালা
পরিশিষ্ট-৯	প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তাগণের সমন্বয়ে KII এর চেকলিষ্ট
পরিশিষ্ট-১০	FGD পরিচালনার জন্য চেকলিষ্ট
পরিশিষ্ট-১১	ক্রয় সংক্রান্ত চেকলিষ্ট
পরিশিষ্ট-১২	প্রকল্পের বছরভিত্তিক কর্ম পরিকল্পনা
পরিশিষ্ট-১৩	প্রকল্পের সার্বিক ক্রয় পরিকল্পনা
পরিশিষ্ট-১৪	প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম

নির্বাহী সার-সংক্ষেপ

নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্প হল বায়ুর গুণগতমান ব্যবস্থাপনা প্রকল্প (AQMP) এর একটি ফলো-আপ প্রকল্প, যা একটি লার্নিং অ্যান্ড ইনোভেশন লোন (এলআইএল) প্রকল্প হিসেবে প্রস্তুত করা হয়েছে। বায়ু দূষণ হ্রাস এবং ইট তৈরির সেক্টরে দক্ষ প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে মূল দূষণকারী খাতসমূহে (পরিবহন এবং ইট তৈরি) টেকসই পরিবেশগত উদ্যোগ (এসইআই) গ্রহণকে তরান্বিত করা ও পরিকল্পনা, নিরীক্ষণ, নিয়ন্ত্রণ এবং বাস্তবায়নের ক্ষমতা জোরদার করা, ইট তৈরি শিল্প থেকে নির্গমণ হ্রাস করা, রাজধানী ঢাকায় বাস র‍্যাপিড ট্রানজিটের মতো গণপরিবহন চালুর ভিত্তি স্থাপন, যানজট হ্রাস করা এবং বাস সেক্টরের সংস্কারের ভিত্তি স্থাপন করা ও সংস্কার শুরু করার জন্য প্রাতিষ্ঠানিক এবং নিয়ন্ত্রক ভিত্তি প্রদান ইত্যাদি সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/পরিবেশ অধিদপ্তর/ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ)/ঢাকা এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক যৌথভাবে বাস্তবায়িত হয়েছে।

প্রকল্পটির বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থার যৌথ অর্থায়নে বাস্তবায়িত হয়। প্রকল্পটি প্রথমে ০১ জুলাই ২০০৯ থেকে ৩০ জুন ২০১৪ মেয়াদে ৪৪৫০১.৬৪ লক্ষ টাকা (জিওবি ৫১৮৪.১৬ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৩৯৩১৭.৪৮ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদ ও ব্যয়ে প্রকল্পটি সম্পন্ন না হওয়ায় প্রকল্পটি ৩ বার সংশোধিত হয়। ৩য় সংশোধনের পর প্রকল্পের মেয়াদকাল দাঁড়ায় জুলাই ২০০৯- জুন ২০১৯ পর্যন্ত। প্রকল্পের সংশোধিত প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ৮০২৫২.১৭ লক্ষ টাকা (জিওবি ৩২৭৮.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৭৬৯৭৪.১৭ লক্ষ টাকা)। ৩য় সংশোধিত প্রকল্পটির মেয়াদ ও ব্যয় মূল ডিপিপি'র তুলনায় যথাক্রমে ১০০% ও ৮০% বৃদ্ধি পায়। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের মধ্যে পরিবেশ অধিদপ্তর অংশে নতুন Continuous Air Monitoring Station (CAMS) নির্মাণ ও বিদ্যমান CAMS এর মেরামত ও রক্ষণাবেক্ষণ, পরিবেশ ভবনের উপর ১১ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ, ডেমোনেস্ট্রেশন (Brick Kilns Emission Management); সিটি করপরেশন অংশে রাস্তা, ফুটপাত ও নর্দমা উন্নয়ান, পথচারী বান্ধব ২৩টি ফুটওভার ব্রিজ নির্মাণ, ইন্টারসেকশন উন্নয়ন, রিমোট কন্ট্রোল সিগনাল ব্যবস্থা সরবরাহ ও চালু এবং ডিটিসিএ অংশে BRT ফিজিবিলিটি স্টাডি ও ডিজাইন, বাস নেটওয়ার্ক স্টাডি ইত্যাদি উল্লেখযোগ্য।

প্রভাব মূল্যায়ন কার্যক্রমটির মূল উদ্দেশ্য হচ্ছে প্রকল্পটির উদ্দেশ্য ও লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যতা, কাজের মান, মেয়াদ ও ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা, প্রকল্পের আর্থ-সামাজিক প্রভাব ও প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহের বর্তমান কার্যকর অবস্থা ইত্যাদি নিরূপন করার মাধ্যমে প্রকল্পটি সুফলভোগীদের জন্য কতটুকু সুফল নিশ্চিত করতে পেরেছে তা যাচাই করা। সে লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প এলাকা পরিদর্শন ও জরিপের মাধ্যমে প্রভাব মূল্যায়নের নিমিত্ত তথ্য সংগ্রহ করেছে। এরই ধারাবাহিকতায় প্রকল্প সংশ্লিষ্ট সেকেন্ডারি তথ্য-উপাত্ত বিশ্লেষণ, সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন, প্রকল্পের অঙ্গসমূহের বর্তমান কার্যকর অবস্থা পর্যবেক্ষণ, প্রশ্নোত্তর জরিপ, FGD, KII ও স্থানীয় পর্যায়ে কর্মশালায় আয়োজনের মাধ্যমে প্রভাব মূল্যায়ন কার্যক্রমটি সম্পন্ন করা হয়েছে।

প্রকল্পের ভৌত কার্যক্রম সম্পূর্ণরূপে বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের পরিবেশ অধিদপ্তর অংশ, সিটি কর্পোরেশন অংশ ও ডিটিসিএ অংশ যথাক্রমে ৮০%, ৯২% ও ৯৪% আর্থিক অগ্রগতি অর্জন করেছে। প্রকল্প চলাকালীন নতুন পে-স্কেল ঘোষণা, পরামর্শক সেবা ও অন্যান্য উপাদানের ব্যয় বৃদ্ধি, মূসক ও করের হার বৃদ্ধি স্কোপ অব ,মুদ্রা বিনিময়ের হার বৃদ্ধি , ওয়ার্ক বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটি বার বার সংশোধনের প্রয়োজন হয়। প্রকল্পের ক্রয় কার্যক্রমের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে আন্তর্জাতিক ও জাতীয় প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে প্রকল্পের আওতাধীন পণ্য, কার্য ও সেবা সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী বিশ্ব ব্যাংক ও পিপিআর-২০০৮ এর গাইডলাইন অনুসরণপূর্বক হয়েছে। উল্লেখ্য যে, ক্রয়ের ক্ষেত্রে মূল ডিপিপি'র নির্দেশক তারিখের সঙ্গে মিল রেখে ক্রয় প্রক্রিয়া সমাপ্ত করা হয়নি। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে এবং প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে প্রকল্পের আওতায় স্থাপিত অধিকাংশ অঙ্গসমূহ সম্পূর্ণ কার্যকর অবস্থায় পাওয়া গিয়েছে। তবে কিছু অঙ্গ

যেমন CAMS নির্দিষ্ট কিছু মান পরিমাপের যন্ত্র ও স্বয়ংক্রিয় ট্রাফিক কন্ট্রোল সিস্টেম ও সোলার প্যানেল সিস্টেম অকার্যকর অবস্থায় পাওয়া যায়।

সমীক্ষার আওতায় সম্পাদিত সংখ্যাগত জরিপের ফলাফল অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্জনের পাশাপাশি প্রকল্প এলাকার জনগণের জন্য সুফল বয়ে এনেছে। সমীক্ষার আওতায় সম্পাদিত গুণগত জরিপ থেকেও অনুরূপ তথ্য পাওয়া যায়। প্রকল্প বাস্তবায়নের ফলে যানজট হ্রাস পেয়েছে, প্রকল্প এলাকায় যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, সড়ক উন্নয়ন করার ফলে জনগণ উপকৃত হয়েছে, জলাবদ্ধতা হ্রাস পেয়েছে, রাস্তা পারাপার নিরাপদ হয়েছে। এছাড়া ইট ভাটা থেকে ক্ষতিকর পদার্থ নিঃসরণের পরিমাণ হ্রাস পেয়েছে, পরিবেশ দূষণ হ্রাস পেয়েছে এবং পরিবহন সেক্টরে Mass transit, Bus Rapid Transit এর মত ব্যবস্থা চালুসহ পরিবহণ সেক্টরে সংস্কারের ভিত্তি রচনা হয়েছে। ইট ভাটার কাছাকাছি বসবাসকারী জনগণ ও ইট ভাটার মালিকদের অধিকাংশই বর্ণিত প্রকল্পের মাধ্যমে ইট তৈরিতে প্রচলন হওয়া নতুন zigzag পদ্ধতিকে পরিবেশ ও ব্যবসাবান্ধব বলেছেন। তবে জরিপে অংশগ্রহণকারী কেউ কেউ রাস্তাঘাট, ওভারব্রিজ, নর্দমা এবং ফুটপাত ব্যবহারে কিছুটা সমস্যার বিষয়েও আলোকপাত করেছেন। হকারদের অবৈধভাবে ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করায় পথচারীদের কিছুটা অসুবিধার মুখোমুখি হতে হয়। জরিপে অংশগ্রহণকারী অনেকেই মত দেন যে, তাদের এলাকায় বর্ষাকালে হালকা জলাবদ্ধতা হয়। এর কারণ হিসাবে তারা নিয়মিত নর্দমা পরিষ্কার না করাকে দায়ী করেন। তবে তারা প্রকল্প বাস্তবায়নের ফলে জলাবদ্ধতা হ্রাস পাওয়ার কথাও স্বীকার করেন।

প্রকল্পের সবলদিক এর মধ্যে অন্যতম হল, প্রকল্পের ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সামগ্রীক কার্যক্রম সম্পাদন করা, প্রয়োজনীয় অর্থের সংস্থান, বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত ও বিভিন্ন সুফলভোগীদের সহযোগিতা পাওয়া। প্রকল্পের সবলদিকের পাশাপাশি কিছু দুর্বলদিক ছিল যার মধ্যে অন্যতম হলো প্রকল্পের সুনির্দিষ্ট এক্সিট প্ল্যান না থাকা, প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত না হওয়া, প্রকল্পের আওতায় সংগৃহীত সোলার সিস্টেম ও স্বয়ংক্রিয় ট্রাফিক সিস্টেম ব্যবস্থা অকার্যকর থাকা। উল্লেখযোগ্য সুযোগ হচ্ছে পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ, যানজট হ্রাস পাওয়া, প্রকল্প এলাকায় যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি, সড়ক উন্নয়ন করার ফলে জনগণ উপকৃত হওয়া, জলাবদ্ধতা হ্রাস পাওয়া, বাস সেক্টরেরর সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপন ইত্যাদি। প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি, নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবল ও অর্থের অভাব; সেবা প্রদানকারী সংস্থারকারী মধ্যে সমন্বয়ের অভাব প্রকল্পের ঝুঁকিসমূহের মধ্যে অন্যতম।

নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পটি বাস্তবায়নের ফলে বাংলাদেশের ইট সেক্টর ও পরিবহন সেক্টরে আমূল পরিবর্তন সাধিত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের পর তার অঙ্গসমূহ টেকসইকরণের লক্ষ্যে প্রতিবেদনে সুনির্দিষ্ট কিছু সুপারিশ করা হয়েছে। এর মধ্যে ভবিষ্যতে প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় Exit Plan সম্পর্কে সুস্পষ্টভাবে ডিপিপিতে উল্লেখ থাকা, প্রকল্প এলাকার জনগণ যাতে প্রকল্পের সুফল যথাযথভাবে পায় সে লক্ষ্যে দখলকৃত ফুটপাত ও ওভারব্রীজ স্থায়ীভাবে পুনরুদ্ধার করা, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে নিয়মিতভাবে নর্দমা পরিস্কারের ব্যবস্থা ও রাস্তার পাশে জমানো ময়লা দ্রুত অপসারণ ও প্রকল্পের আওতায় সংগ্রহীত যন্ত্রপাতি নিয়মিত রক্ষণাবেক্ষণ ও কার্যকর যন্ত্রপাতির চালুরে উদ্যোগ গ্রহণ, সেবা প্রদানকারী বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয় বৃদ্ধি, অব্যবহৃত ও অকার্যকর ট্রাফিক সিগনালিং সিস্টেম ও সোলার প্যানেলকে কার্যকর অবস্থায় আনার উদ্যোগ ও সরকারি নীতিমালা অনুযায়ী সমাপ্ত প্রকল্পের ক্রয় সংক্রান্ত ও অন্যান্য দলিলাদি (রেকর্ডপত্র) সংরক্ষণের বিষয়টি অন্যতম। সমীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়িত হলে প্রকল্পটি তার লক্ষ্য ও উদ্দেশ্যের বিপরীতে দীর্ঘমেয়াদে পূর্ণ সাফল্য অর্জন করতে সক্ষম হবে বলে আশা করা যায়।

Accronymes and Abbreviations

AQ	Air Quality
AQMP	Air Quality Management Project
BCR	Benefit Cost Ration
BoQ	Bill of Quanitities
BRT	Bus Rapid Transit
CAMS	Continuous Air Monitoring Station
CASE	Clean Air and Sustainable Environment Project
CPM	Critical Path Method
CPTU	Central Procurement Technical Unit
DNCC	Dhaka North City Corporation
DOE	Department of Environment
DPP	Development Project Proposal
DSCC & DNCC	Dhaka South & North City Corporation
DTCA	Dhaka Transport Co-ordination Authority
FGD	Focus Group Discussion
FOB	Foot Over Bridge
IMED	Implementation, Monitoring and Evaluation Division
IRR	Internal Rate of Return
KII	Key Informant Interview
LIL	Learning and Inovation Loan
MoEFCC	Ministry of Environment, Forest and Climate Change
MoU	Memorandum of Understanding
MV	Motorized Vehical
NoA	Notification of Award
NOA	Notification of Award
OTM	Open Tendering Method
PCR	Project Completion Report
PIC	Project Implementation Committee
PPA	Public Procurement Act
PPR	Public Procurement Rules
PSC	Project Steering Committee
RDPP	Revised Development Project Proposal
SEIs	Sustaninable Environmental Initiatives
SOP	Standard Operatin Procedure
SP	Sustainability Plan
STP	Strategic Transport Plan
SUT	Sustainable Urban Transport
SWOT	Strengths, Weaknessess, Opportunities and Threats
TEC	Technical Evaluation Committee
TOR	Terms of Reference
UPS	Uninterrupted Power Supply
VEM	Vehicular Emission Monitoring
WB	World Bank

Glossary

Case study: গুণগত তথ্য সংগ্রহের মধ্যে কেস স্টাডি হল একটি গবেষণা পদ্ধতি যা বিভিন্ন তথ্যের উৎসের মাধ্যমে কিছু নির্দিষ্ট প্রেক্ষাপটের মধ্যে একটি ঘটনাকে অন্বেষনে সহায়তা করে এবং এটি ঘটনার একাধিক দিক প্রকাশ করার জন্য বিভিন্ন লেন্সের মাধ্যমে অনুসন্ধান চালাতে সাহায্য করে তাকেই case study বলে ।

Exit plan: কোন প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার নিমিত্তে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর কর্তৃক অন্য কোন দপ্তরের উপর সৃষ্ট সুবিধাদি পরিচালনার দায়ভার হস্তান্তর করে প্রণীত প্রস্থান পরিকল্পনাকে এক্সিট প্লান বলা হয়।

রেট সিডিউল: রেট সিডিউল হল একটি নথি যাতে একটি নির্মাণ প্রকল্পের জন্য প্রয়োজনীয় উপকরণ, শ্রম এবং সরঞ্জামের তালিকা থাকে। রেট সিডিউল-এ কাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় প্রতিটি আইটেমের ইউনিট মূল্য এবং পরিমাণ তালিকাভুক্ত করা থাকে। রেট সিডিউল প্রণয়নের উদ্দেশ্য হল একটি প্রকল্পের ব্যয়ের একটি সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ অনুমান প্রদান করা।

একনেক: জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের অধীনে একটি নির্বাহী কমিটি, যা দেশের জাতীয় গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পসমূহ যাচাই, অনুমোদন এবং অগ্রগতি পর্যালোচনা করে। একনেকের সভা সাধারণত পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা বিভাগের অধীনে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়, যার সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী।

ITS : বাস পরিচালনার জন্য Intelligent Transportation System (ITS) যা সমন্বিত কন্ট্রোল সেন্টার গঠনের ধারণা প্রদান।

CAMS : Continuous Air Monitoring Station (CAMS) এমন এক ধরনের যন্ত্র যা দ্বারা একটি নির্দিষ্ট এলাকার বায়ুর গুণগতমান পরিমাপ করা হয়।

BRR : বিদ্ধমান বাসের রুটসমুহকে যৌক্তিকি করণ এবং কোম্পানীভিত্তিক বাস সেবা ব্যবস্থাকে Bus Route Rationalization (BRR) বলে।

Zigzag : ইট পোড়ানোর ক্ষেত্রে একটি নতুন প্রযুক্তি যাতে পরিবেশ দুষণ পূর্ববর্তী FCK পদ্ধতির তুলনায়অপেক্ষাকৃত কম হয়। এ পদ্ধতিতে কয়লা পোড়ানোর ফলে নির্গত দুষিত গ্যাস পানিদ্বারা ফিল্টারের মাধ্যমে বায়ুতে ছাড়ার ফলে দুষণের মাত্রা হ্রাস পায়।

প্রথম অধ্যায়

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

১.১ প্রকল্পের পটভূমি

নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্প হল বায়ুর গুণগতমান ব্যবস্থাপনা প্রকল্প (AQMP) এর একটি ফলো-আপ প্রকল্প, যা একটি লার্নিং অ্যান্ড ইনোভেশন লোন (এলআইএল) হিসেবে তৈরি করা হয়েছে। বায়ু দূষণ হ্রাস এবং ইট সেক্টরে দক্ষ প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে মূল দূষণকারী খাতে (পরিবহন এবং ইট তৈরি) টেকসই পরিবেশগত উদ্যোগ (এসইআই) গ্রহণকে তরান্বিত করা ও রাজধানী ঢাকায় বাস র‍্যাপিড ট্রানজিটের মতো গণপরিবহন চালুর ভিত্তি স্থাপন করার লক্ষ্য নিয়ে প্রকল্পটি গ্রহণ করা হয়। ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, রাজশাহী ও খুলনার মতো প্রধান মহানগরে বায়ু দূষণ বৃদ্ধির পরিপ্রেক্ষিতে প্রকল্পটি হাতে নেওয়া হয়েছে। উল্লিখিত শহরগুলিতে বায়ু পর্যবেক্ষণ কার্যক্রম সম্প্রসারণের জন্য যে কারণসমূহ প্রভাবিত করেছিল তা হল: বিশেষ করে ইট ভাটা, স্টিল রি-রোলিং মিল, ফাউন্ড্রি এবং সিমেন্ট কারখানা থেকে ক্রমবর্ধমান গ্যাস নির্গমণ, বিভিন্ন ধরণের অপ্রচলিত প্রযুক্তির যানবাহন থেকে ধোঁয়া নির্গমণ, পৌরসভা এবং হাসপাতাল থেকে বর্জ্য নির্গমণ এবং বিদ্যুৎ উৎপাদনের জন্য কয়লার ব্যবহার । এই সমস্ত এবং অন্যান্য উৎস থেকে নির্গত CO2, CO, SO2, NOX, 03, PM10 এবং PM 2.5 এর মতো ক্ষতিকারক উপাদান ইতিমধ্যেই জনবহুল শহরগুলির বায়ুতে দূষণের মাত্রা বৃদ্ধি করছে, জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি সৃষ্টি এবং সম্পত্তি, কৃষি ফসল এবং সামগ্রিকভাবে বাস্তুতন্ত্রের ক্ষতি করেছে।

অপরিকল্পিত নগরায়ণ, শিল্পায়ন এবং মোটরায়নের কারণে এই শহরগুলিতে দূষণের মাত্রা বাড়তে থাকলে শহরাঞ্চলের পরিবেশের বায়ুতে ক্ষতিকারক দূষণকারী পদার্থের পরিমাণ বেশি থাকবে। এর ফলে বায়ু দূষণ সম্পর্কিত রোগ যেমন হাঁপানি, শ্বাসনালী রোগ, ফুসফুসের রোগ এবং ফুসফুসের ক্যান্সার বহুগুণ বৃদ্ধি পাবে যা একভাবে অদূর ভবিষ্যতে জনস্বাস্থ্যের উপর প্রভাব ফেলবে। এসমস্ত বিষয় বিবেচনায় পরিবহন ও ইট তৈরি শিল্পে (SELs) পরিকল্পনা, নিরীক্ষণ, নিয়ন্ত্রণ এবং বাস্তবায়নের ক্ষমতা জোরদার করা, ইট তৈরি শিল্প থেকে নির্গমণ হ্রাস করা, যানজট হ্রাস করা এবং সংস্কারের ভিত্তি স্থাপন করা, বিদ্যমান বাস কার্যক্রম এবং সরকারের কৌশলগত পরিবহন পরিকল্পনার (এসটিপি) সাথে সামঞ্জস্য রেখে রাজধানী ঢাকায় বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) এর মতো গণপরিবহন চালু করা, বাস সেক্টরের সংস্কার শুরু করার জন্য প্রাতিষ্ঠানিক ও নিয়ন্ত্রক ভিত্তি প্রদান এবং যানবাহন নির্গমণ কমাতে টেকসই নগর পরিবহন (SUT) বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক ক্ষমতা জোরদার করা ইত্যাদি সুনির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

১.২ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি

প্রকল্পের শিরোনাম	:	"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) প্রকল্প (৩য় সংশোধিত)"		
মন্ত্রণালয়/বিভাগ	:	পরিবেশ ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়		
বাস্তবায়নকারী সংস্থা	:	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/পরিবেশ অধিদপ্তর/ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ)/ঢাকা এবং ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ)		
প্রকল্প এলাকা	:	**বিভাগ**	**জেলা**	**উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন**
		ঢাকা	ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ	ঢাকা গাজীপুর এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
		চট্টগ্রাম	চট্টগ্রাম	চট্টগ্রাম সিটি কর্পোরেশন
		বরিশাল	বরিশাল সিটি কর্পোরেশন	বরিশাল সিটি কর্পোরেশন
		সিলেট	সিলেট সিটি কর্পোরেশন	সিলেট সিটি কর্পোরেশন
		রাজশাহী	রাজশাহী	রাজশাহী সিটি কর্পোরেশন
		খুলনা	খুলনা	খুলনা সিটি কর্পোরেশন

১.৩ প্রকল্প বাস্তবায়নকাল

ডিপিপি এর প্রকার	প্রকল্প শুরুর তারিখ	প্রকল্প সমাপ্তির তারিখ
মূল	১ জুলাই ২০০৯	৩০ জুন ২০১৪
১ম সংশোধীত	১ জুলাই ২০০৯	৩০ জুন ২০১৪
২য় সংশোধীত	১ জুলাই ২০০৯	৩০ জুন ২০১৬
৩য় সংশোধীত	১ জুলাই ২০০৯	৩০ জুন ২০১৯

তথ্যসূত্রঃ পিসিআর ২০১৯

১.৪ প্রকল্পের লক্ষ্য

বাংলাদেশের জনবহুল শহরে পাইলট প্রদর্শনীর মাধ্যমে বায়ু দূষণ কমানোর লক্ষ্যে প্রধান দূষণকারী খাতে (শহুরে পরিবহন এবং ইট ভাটা তৈরি) টেকসই পরিবেশগত উদ্যোগ (SEIs) গ্রহণ করা।

১.৫ প্রকল্পের উদ্দেশ্য

- পরিবহন ও ইট তৈরি শিল্পে SEIs পরিকল্পনা, পরিবীক্ষণ, রেগুলেশন ও বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধি করা;
- ট্রাফিক সিস্টেম উন্নত করার মাধ্যমে ট্রাফিক জট কমানো;
- ইট তৈরি শিল্প হতে দূষিত গ্যাস ও বস্তুকণার নিঃসরণ কমানো;
- বিদ্যমান বাস অপারেশন ব্যবস্থার সংস্কারের ভিত্তি রচনা করা এবং ঢাকা শহরে Strategic Transport Plan (STP) এর সাথে সামঞ্জস্য রেখে Mass transit বিশেষত: Bus Rapid Transit চালু করা;
- বাস সেক্টরেরর সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপন করা; এবং
- Sustainable Urban Transport বাস্তবায়নে প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

১.৬ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

পরিবেশ অধিদপ্তর অংশ	ঢাকা সিটি কর্পোরেশন (বর্তমানে উত্তর ও দক্ষিণ) অংশ	ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথিরিটি (ডিটিসিএ)
➢ পরিবেশ অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ ➢ Continuous Air Monitoring Station (CAMS) নির্মাণ ➢ ০৫ টি বিদ্যমান CAMS ও CAMS shelter এর মেরামত ও রক্ষণাবেক্ষণ ➢ ০৬টি বিদ্যমান CAMS ও সেন্ট্রাল ল্যাবরেটরীর যন্ত্রপাতি সংগ্রহ ➢ ইনফোর্সমেন্ট মনিটরিং যন্ত্রপাতি সংগ্রহ ➢ CAMS, SAMS (Central Air Monitoring Station) ও VEM জনসচেতনতা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি; (Vehicular	➢ ঢাকা মহানগরীর তেজগাঁও, খিলগাঁও, মোহাম্মদপুর ও পুরাতন ঢাকা এলাকায় ৭৮ কি:মি: রাস্তা, ফুটপাত ও নর্দমা উন্নয়ান; ➢ ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে পথচারী বান্ধব ২৩টি ফুটওভার ব্রিজ নির্মাণ ➢ ঢাকা মহানগরীর ৩৯টি সড়ক ইন্টারসেকশন উন্নয়ন; ➢ ঢাকা মহানগরীর ট্রাফিক সিগন্যাল সৌর বিদ্যুৎ ব্যবস্থা প্রয়োগের মাধ্যমে আধুনিকীকরণ ➢ পথচারী ব্যবহার, সড়ক ব্যবহার, ট্রাফিক আইন অনুসরণ, জনসচেতনতা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি; ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী); ➢ ট্রাফিক ম্যানেজমেন্ট ফর ইনফ্রাস্ট্রাকচার সাপ্লাই;	➢ BRT ফিজিবিলিটি স্টাডি ➢ BRT বিস্তারিত ডিজাইন; ➢ বাস নেটওয়ার্ক স্টাডি ➢ ফিজিবিলিটি স্টাডি (বাস টার্মিনাল); ➢ সফটওয়্যার সংগ্রহ; ➢ পরিবহন আইন প্রণয়ান, প্রশিক্ষণ ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী);

পরিবেশ অধিদপ্তর অংশ	ঢাকা সিটি কর্পোরেশন (বর্তমানে উত্তর ও দক্ষিণ) অংশ	ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথিরিটি (ডিটিসিএ)
Emission Monitoring) এর যন্ত্রপাতি সংগ্রহ ➢ স্পেয়ার পার্টস ও Consumables (CAMS) সংগ্রহ ➢ Air Quality Display Software, অফিস সামগ্রী ➢ ডেমোনেস্ট্রেশন (Brick Kilns Emission Management) ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী) ➢ নবনির্মিত পরিবেশ ভবনের উপর ১১ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ ➢ বায়ুমান ল্যাবরেটরী স্থাপন ➢ Cleaner Technology Centre উন্নয়ান ➢ বিকল্প ভবন নির্মাণ সামগ্রী হিসেবে Non Fire brick উৎপাদনের পাইলটিং ➢ শর্ট টার্ম ট্রেনিং ও স্থানীয় প্রশিক্ষণ ➢ নতুন ০৫টি Continuous Air Monitoring Station স্থাপন ও যন্ত্রপাতি	➢ ট্রাফিক সিগনালে রিমোট কন্ট্রোল সরবরাহ ও চালু এবং ০৪টিতে পাইলটিং; ➢ রোড মিডিয়ান, ফুটপাত ও ইন্টারসেকশনে গার্ড রেল স্থাপন (ডিএসসিসি) ১৩ কি:মি:; ➢ সিভিল ওয়ার্কস এক্সেসরিজ রক্ষণাবেক্ষণ, লাইটিং, সৌন্দর্যবর্ধন, গার্ডরেল ইত্যাদি (১৩ ফুটওভার ব্রীজ লোকেশনে); ➢ সিগনাল অবকাঠামোর উন্নয়ান, পুরাতন ক্যাবল কানেকশন সংস্কার, পুরাতন pole, foundation অপসারণ এবং মেইনটিন্যান্স ও অপসারণ সার্ভিসেস (৯২টি/ ইন্টারসেকশন) ➢ ট্রাফিক ব্যবস্থাপনার জন্য ওয়্যারহাউজ স্টোর নির্মাণ (ডিএসসিসি এরিয়া); ➢ রোড মার্কিং ও রোড সাইন (৯২টি ইন্টারসেকশনে) ➢ সাইডওয়ার্ক, ড্রেনেজ ও সড়ক উন্নয়ন ১৩.৬৫ কি:মি: (ডিএসসিসি ও ডিএনসিসি); ➢ বাস স্টপেজ/প্যাসেঞ্জার সেড নির্মাণ (২০টি); ➢ টার্ম কন্ট্রাক্টের মাধ্যমে পূর্ত কাজ (সাইড ওয়াক ও অন্যান্য মেরামত) ৭০ কি:মি: ➢ প্রতিবন্ধীদের চলাচলের ব্যবস্থা উন্নয়নের জন্য ভৌত কাজ (৫টি লোকেশনে)	

তথ্যসূত্রঃ আরডিপিপি

১.৭ প্রকল্পের আউটপুট

ক. পরিবেশ অধিদপ্তর

- DOE-এর মধ্যে সম্পূর্ণরূপে কার্যকরী AQ সেল;
- দুটি প্রধান শহরের জন্য উপলব্ধ আপডেট উৎস/কমিশন প্রোফাইল;
- এনজিওদের সাথে অংশীদারিত্বের জন্য নির্মল বায়ু উদ্যোগের সুবিধা;
- সংশোধিত ইট পোড়া আইন;
- পরিচ্ছন্ন ইট উৎপাদনে যাওয়ার জন্য সময় ভিত্তিক কর্মপরিকল্পনা;
- জ্বালানি সাশ্রয়ী ইট ভাটা;
- বায়ুর গুণগতমান মোকাবেলার জন্য মিডিয়া প্রচারণা বৃদ্ধি।

খ. পরিবহন ব্যবস্থাপনা (DSCC & DNCC/ DTCA)

- মোটর গাড়ি এবং পথচারীদের জন্য বর্ধিত গতিশীলতা;
- বিআরটি এবং রুট নেটওয়ার্ক পুনর্গঠনের ধারণাগত নকশা এবং সম্ভাব্যতা
- কার্যকরী DTCA;
- নির্গমণ হ্রাসের জন্য মোটর চালিত যানবাহন (এমভি) প্রবিধানগুলির সংশোধন; এবং
- স্থানীয় এবং আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ।

১.৮ প্রাক্কলিত ব্যয়

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নিম্নবর্ণিত সারণীতে ছক আকারে প্রদান করা হল:

সারণি- ১: প্রাক্কলিত ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়	মোট	টাকা	প্রকল্প সাহায্য
মুল	৪৪৫০১.৬৪	৫১৮৪.১৬	৩৯৩১৭.৪৮
১ম সংশোধিত	৪৮০৭১.৪১	৫১৮৮.১৬	৪২৮৮৭.২৬
২য় সংশোধিত	৫২১৫৫.০০	২৭৯০.০০	৪৯৩৬৫.০০
৩য় সংশোধিত	৮০২৫২.১৭	৩২৭৮.০০	৭৬৯৭৪.১৭

১.৯ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
(ক) রাজস্ব ব্যয়						
০১	কর্মকর্তার বেতন	৪৬ জন	১৩০.৫৯	৩৫৭.৭১	০.০০	৪৮৮.৩০
০২	কর্মচারীর বেতন	৮৭ জন	১০৮.৯৩	৬২৯.৪২	০.০০	৭৩৮.৩৫
০৩	ভাতাদি (কর্মকর্তা+কর্মচারী)	১৩৩ জন	৩৩৫.৯২	৫৩৮.৫৬	০.০০	৮৭৪.৪৮
	উপ-মোট (বেতন +ভাতাদি)		**৫৭৮.৪৪**	**১৫২৫.৬৯**	**০.০০**	**২১০১.১৩**
	সরবরাহ ও সেবা:					
০৪	ভ্রমনণ ব্যয়	থোক	৩.৩৯	৩০.১৩	০.০০	৩৩.৫২
০৫	অতিরিক্ত কাজ	থোক	১.০০	৩৬.১৪	০.০০	৩৭.১৪
০৬	ডাক	থোক	০.২২	২.০৭	০.০০	২.২৯
০৭	টেলিফোন/ইন্টারনেট/টেলিগ্রাম	থোক	৫.১০	৪৪.৯৪	০.০০	৫০.০৪
০৮	পানি	থোক	১.৫৩	১.৭০	০.০০	৩.২৩
০৯	বিদ্যুৎ	থোক	১০০.৮১	৯২.৭৩	০.০০	১৯৩.৫৪
১০	গ্যাস ও জ্বালানী	থোক	১০৬.৮৫	১৬৬.১০	০.০০	২৭২.৯৫
১১	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	৪৭.০০	৬৫.৯৬	০.০০	১১২.৯৬
১২	ইন্সুরেন্স/ব্যাংক চার্জ	থোক	১৪.২০	৮৫.৮৭	০.০০	১০০.০৭
১৩	কমিশন/ইন্টারেস্ট	থোক	১৩.০০	৫৩.৪৩	০.০০	৬৬.৪৩
১৪	প্রিন্ট/পাবলিকেশন	থোক	১.৩৫	৯.৪৭	০.০০	১০.৮২
১৫	স্টেশনারী ও অন্যান্য	থোক	৬.১০	৯২.৪৫	০.০০	৯৮.৫৫
১৬	বইপত্র ও সাময়িকি	থোক	০.০০	৫.২৩	০.০০	৫.২৩
১৭	মিডিয়া ক্যাম্পেইন	থোক	১.০০	২৪৮.২১	০.০০	২৪৯.২১
১৮	মিডিয়া ক্যাম্পেইন	থোক	০.০০	২৭৫.০০	০.০০	২৭৫.০০
১৯	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৫.০০	৯৫.৩২	০.০০	১০০.৩২
২০	পোস্টার, লিফলেট, ফেস্টুন ও	থোক	০.০০	১২.০০	০.০০	১২.০০

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
	অন্যান্য					
২১	ক্যাম্পেইন ফর ক্লিন এন্ড সেফ মবিলিটি	থোক	০.০০	৬৯.৫২	০.০০	৬৯.৫২
২২	সর্ট টার্ম ট্রেনিং	থোক	০.০০	১১১০.০০	০.০০	১১১০.০০
২৩	ব্রিক ইনফরমেশন সেন্টার	থোক	০.০০	৭৭.৫৩	০.০০	৭৭.৫৩
২৪	স্থানীয় প্রশিক্ষণ	থোক	০.০০	১৪৮.৫৫	০.০০	১৪৮.৫৫
২৫	ট্রাফিক ব্যবস্থাপনা ক্যাপাসিটি বিল্ডিং এন্ড ট্রেনিং, বিদেশ	থোক	০.০০	৪৫৫.১২	০.০০	৪৫৫.১২
২৬	ট্রাফিক ব্যবস্থাপনা ক্যাপাসিটি বিল্ডিং এন্ড ট্রেনিং, স্থানীয়	থোক	০.০০	৪০.০০	০.০০	৪০.০০
২৭	ওয়ার্কশপ	থোক	১১.০০	২০.০১	০.০০	৩১.০১
২৮	আপ্যায়ন ব্যয়	থোক	১৩.৯৮	০.৪৪	০.০০	১৪.৪২
২৯	পরিবহন	থোক	০.৫০	৪.৪৯	০.০০	৪.৯৯
৩০	অনিয়মিত শ্রমিক	থোক	২.২০	১২.৮৪	০.০০	১৫.০৪
৩১	কনজুমাবল স্টোর	থোক	১.০০	১৪.৯৫	০.০০	১৫.৯৫
৩২	পরামর্শক (মনিটরিং এন্ড ইভালুয়েশন)	থোক	০.০০	১৪৭.০০	০.০০	১৪৭.০০
৩৩	বিআরটি স্টাডি	থোক	০.০০	৯২৫.২৩	৯০.০০	১০১৫.২৩
৩৪	বিআরটি ডিজাইন স্টাডি	থোক	০.০০	২০৭৪.০০	০.০০	২০৭৪.০০
৩৫	বাস নেটওয়ার্ক স্টাডি	থোক	০.০০	৬৭১.০২	০.০০	৬৭১.০২
৩৬	পাবলিক পরিবহন (আন্তর্জাতিক)	২৯ জনমাস	০.০০	৪৪০.৬৩	০.০০	৪৪০.৬৩
৩৭	সিটি বাস টার্মিনাল স্টাডি	থোক	০.০০	১৫৮.০৫	০.০০	১৫৮.০৫
৩৮	টেকনিক্যাল কনসালট্যান্ট	থোক/১৬৫ জনমাস	০.০০	৩১৮.৪৯	০.০০	৩১৮.৪৯
৩৯	যানবাহন সপ্তাহ ও কার ফ্রি ডে	থোক	০.০০	১০.০০	০.০০	১০.০০
৪০	আউটসোর্সিং স্টাফ	থোক	০.০০	৮৪.০১	০.০০	৮৪.০১
৪১	আন্তর্জাতিক পরামর্শক (একিউএম)	১২ জনমাস	০.০০	১৩৩.৪৫	০.০০	১৩৩.৪৫
৪২	স্থানীয় পরামর্শক (একিউএম)	৭৪ জনমাস	০.০০	২৫০.০০	০.০০	২৫০.০০
৪৩	এয়ার কোয়ালিটি বিষয়ে স্মল স্টাডিজ	থোক	০.০০	১০.০০	০.০০	১০.০০
৪৪	আন্তর্জাতিক পরামর্শক (এনফোর্সমেন্ট)	৩ জনমাস	০.০০	৪২.৮১	০.০০	৪২.৮১
৪৫	স্থানীয় পরামর্শক (এনফোর্সমেন্ট)	৩৫ জনমাস	০.০০	১৭.৫৮	০.০০	১৭.৫৮
	ইট শিল্পের এফসিকে রেট্রোফিট এসেসমেন্ট	থোক	০.০০	২৯৫.৫৭	০.০০	২৯৫.৫৭
৪৬	ইট শিল্পের এফসিকে, এইচএসবিকে, মিনি ট্যানেল শীর্ষক প্রযুক্তির প্রদর্শনী	থোক	০.০০	১৭০.০০	০.০০	১৭০.০০
৪৭	ইট শিল্পের জিগজ্যাগ প্রযুক্তির প্রদর্শনী	থোক	০.০০	৫৭৫.০০	০.০০	৫৭৫.০০
৪৮	ইট শিল্পের এফসিকে থেকে জিগজ্যাগ প্রযুক্তিতে স্থানান্তর শীর্ষক প্রদর্শনী	থোক	০.০০	৬৫০.০০	০.০০	৬৫০.০০
৪৯	ইট শিল্পের জ্বালানী ও পরিবেশ বিষয়ে পরিবীক্ষণ	থোক	০.০০	১০০.০০	০.০০	১০০.০০

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
৫০	ইট পোড়ানো আইন প্রস্তুতিমূলক কার্যক্রম	৩ জনমাস	০.০০	৫.০০	০.০০	৫.০০
৫১	স্থানীয় পরামর্শক (ইট শিল্প)	৪৮ জনমাস	০.০০	৪২.৪৩	০.০০	৪২.৪৩
৫২	স্থানীয় পরামর্শক (ইট শিল্প)	৯ জনমাস	০.০০	১০.০০	০.০০	১০.০০
৫৩	পরামর্শক (ইমিশন ইনভেন্টরী)	থোক	০.০০	৪৯৫.০৯	০.০০	৪৯৫.০৯
৫৪	স্টাডি অন জিআইএস ম্যাপ	থোক	০.০০	৩০০.০০	০.০০	৩০০.০০
৫৫	পরামর্শক প্রতিষ্ঠান (ডিএসএম)	থোক	০.০০	৫৫.০০	০.০০	৫৫.০০
৫৬	পরামর্শক (বিল্ডিং ডিজাইন রিভিউ)	থোক	০.০০	৭১.০০	০.০০	৭১.০০
৫৭	ইআইএ পরামর্শ ব্যয়	থোক	০.০০	৪.৯৬	০.০০	৪.৯৬
৫৮	পরামর্শক (প্রকিউরমেন্ট)	৭৭ জনমাস	০.০০	২২০.০০	০.০০	২২০.০০
৫৯	পরামর্শক (এফএম)	৮২ জনমাস	১৪.০০	২২৫.০০	০.০০	২৩৯.০০
৬০	কনসালট্যান্ট ফর ম্যানেজমেন্ট প্লান (একিউএম সাসটেইনেবল ম্যানেজমেন্ট)	থোক	০.০০	৪০০.০০	০.০০	৪০০.০০
৬১	সিনিয়র কনসালটেন্ট টেকনিক্যাল সার্পোট	৩ জনমাস	০.০০	১৪.০০	০.০০	১৪.০০
৬২	পরামর্শক ডিএসএম	থোক	০.০০	৩৬.০০	০.০০	৩৬.০০
৬৩	ক্লিন এয়ার এ্যাক্ট প্রণয়ন	থোক	০.০০	৫০.০০	০.০০	৫০.০০
৬৪	ডেভেলপমেন্ট অব কম্পিউটারাইজড রির্পোটিং	থোক	০.০০	২৫.০০	০.০০	২৫.০০
৬৫	ডিজাইন সুপারভিশন অব ইন্টারন্যাশন্যাল অডিটরিয়াম	থোক	০.০০	১৫০.০০	০.০০	১৫০.০০
৬৬	টেকনিক্যাল কনসালট্যান্ট ফায়ার এন্ড নন ফায়ার ব্রিক	থোক	০.০০	৪৮.০০	০.০০	৪৮.০০
৬৭	জুনিয়র কনসালটেন্ট সিভিল	২৪ জনমাস	০.০০	৩৬.০০	০.০০	৩৬.০০
৬৮	জুনিয়র কনসালটেন্ট ট্রেনিং এন্ড ক্যাপাসিটি বিল্ডিং	২৪ জনমাস	০.০০	২৪.০০	০.০০	২৪.০০
৬৯	জুনিয়র কনসালট্যান্ট এ্যাওয়ারনেট বিল্ডিং	১২ জনমাস	০.০০	১২.০০	০.০০	১২.০০
৭০	প্রমোশনাল সার্পোট	থোক	০.০০	১০০.০০	০.০০	১০০.০০
৭১	সাপোর্ট ফর এনভায়ারমেন্টাল রিসার্চ	থোক	০.০০	২০০.০০	০.০০	২০০.০০
৭২	প্রকিউরমেন্ট পরামর্শক	৯১ জনমাস	১২.০০	১০৭.০৩	০.০০	১১৯.০৩
৭৩	ফাইন্যাশিয়াল এন্ড অপারেশনার অডিট	থোক	০.০০	১৫.০৮	০.০০	১৫.০৮
৭৪	ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট	১০৫ জনমাস	১২.০০	১২১.৪৯	০.০০	১৩৩.৪৯
৭৫	মনিটরিং এন্ড ইভালুয়েশন পরামর্শক	৬ জনমাস	০.০০	১৫.০০	০.০০	১৫.০০
৭৬	ডিএসআর পরামর্শক ফার্ম	১০৩৭ জনমাস	০.০০	২১৬২.০৫	০.০০	২১৬২.০৫
৭৭	ডিএসআর পরামর্শক ফার্ম (স্থানীয়)	থোক	০.০০	৭৫০.০০	০.০০	৭৫০.০০
৭৮	কনসালট্যান্ট পার্কিং স্টেটেজি ও সিগন্যাল স্টাডি	৯৫ জনমাস	০.০০	৫৭.০১	০.০০	৫৭.০১

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
৭৯	ট্রাফিক সিগন্যাল এডভাইজার (বুয়েট)	থোক	০.০০	১১০.০০	০.০০	১১০.০০
৮০	ট্রাফিক সিগন্যাল পরামর্শক লোকাল (মাঠ পর্যায়)	৪৮ জনমাস	০.০০	১১০.০০	০.০০	১১০.০০
৮১	আইন পরামর্শক লোকাল	১২ জনমাস	০.০০	৫০.০০	০.০০	৫০.০০
৮২	লোকাল পরামর্শক সিনিয়র কনস্ট্রাকশন সুপারভাইজার	৩০ জনমাস	৯.০০	৪০.০০	০.০০	৪৯.০০
৮৩	লোকাল/জুনিয়র কনসালট্যান্ট ম্যাটারিয়াল এন্ড কোয়ালিটি কন্ট্রোল	৩০ জনমাস	৯.০০	৩৯.০০	০.০০	৪৮.০০
৮৪	ট্রান্সপোর্ট এবং ইন্সটিটিউশনাল ডেভলপমেন্ট স্টাডি ইন্টারন্যাশনাল	১২ জনমাস	০.০০	১৫০.০০	০.০০	১৫০.০০
৮৫	ক্যাম্পেইন ফর ক্লিন এন্ড সেফ মরিলিটি লোকাল	থোক	০.০০	৩৮০.০০	০.০০	৩৮০.০০
৮৬	ডিজেবল পিউপিল'স মবিলিটি স্টাডি	থোক	০.০০	১৮০.০০	০.০০	১৮০.০০
৮৭	পরামর্শক ট্রাফিক ম্যানেজমেন্ট/ট্রাফিক এক্সসিডেন্ট ডাটা প্রোসেসিং লোকাল	৮ জনমাস	০.০০	৫.৫৮	০.০০	৫.৫৮
৮৮	আন্তর্জাতিক পরামর্শক ট্রাফিক সিগন্যাল টাইমিং এবং সিনকোনাইজেশন	১৬ জনমাস	০.০০	১১০.৪২	০.০০	১১০.৪২
৮৯	পরিস্কার পরিচ্ছন্নতা	থোক	০.০৭	২.২২	০.০০	২.২৯
৯০	কমিটি মিটিং ব্যয়	থোক	১৬.৯২	১৯.৬৪	০.০০	৩৬.৫৬
৯১	সার্ভে	থোক	৮.০০	২৭.২৪	০.০০	৩৫.২৪
৯২	কম্পিউটার সামগ্রী দ্রব্যাদি	থোক	০.৯০	২০.৫০	০.০০	২১.৪০
৯৩	কনজুমাবল স্টোর	থোক	০.০০	৬.৫৪	০.০০	৬.৫৪
৯৪	অডিট ফি	থোক	০.০০	৩৫.৬৫	০.০০	৩৫.৬৫
৯৫	উৎসব/মেলা	থোক	৮.০৩	০.০০	০.০০	৮.০৩
৯৬	অন্যান্য ব্যয়	থোক	২০.৫৮	০.০০	০.০০	২০.৫৮
৯৭	জিওবি কন্ট্রিবিউশন (অন্যান্য)	থোক	১.০০	১১.৪০	০.০০	১২.৪০
	উপ-মোট (সরবরাহ ও সেবা)		**৪৪৬.৭৩**	**১৭৩৯২.৩৭**	**৯০.০০**	**১৭৯২৯.০৯**
	মেরামত ও রক্ষণাবেক্ষণ					
৯৮	মোটর যানবাহন মেরামত	থোক	২০.৭১	৯৮.৭২	০.০০	১১৯.৪৩
৯৯	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	থোক	৬.০০	২১.০৪	০.০০	২৭.০৪
১০০	ক্যামস্ রক্ষণাবেক্ষণ	থোক	২৯০.৪০	১৭.৫৬	০.০০	৩০৭.৯৬
১০১	ক্যামস্ রক্ষণাবেক্ষণ	থোক	০.০০	২০০.০০	০.০০	২০০.০০
১০২	ক্যামস্ রক্ষণাবেক্ষণ	থোক	০.০০	২৮০.০০	০.০০	২৮০.০০
১০৩	মেশিনারিজ যন্ত্রপাতি	থোক	১৩.০০	১৬.০৬	০.০০	২৯.০৬
১০৪	ক্যামস্-এর ইউপিএস, ভোল্টেজ স্টাবিলাইজার ও ব্যাটারি	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১০৫	ক্যামস্-এর ইউপিএস, ভোল্টেজ স্টাবিলাইজার ও ব্যাটারি সেন্ট্রাল সার্ভার	থোক	০.০০	১০.০০	০.০০	১০.০০

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
১০৬	অফিস ভবন	থোক	৪.০০	৩৬.০৯	০.০০	৪০.০৯
১০৭	ক্যামস্ রক্ষণাবেক্ষণ	থোক	০.০০	৭.৭৭	০.০০	৭.৭৭
	উপ-মোট (মেরামত ও রক্ষণাবেক্ষণ)		**৩৩৪.১০**	**৬৯২.২৪**	**০.০০**	**১০২৬.৩৪**
	উপ-মোট (ক) রাজস্ব		**১৩৫৬.২৬**	**১৯৬১০.৩২**	**৯০.০০**	**২১০৫৬.৫৮**
(বি) মুলধন						
১০৮	যানবহন পরিবহন	বিভিন্ন ধরণের ১৪ টি	০.০০	৩২৯.০৯	০.০০	৩২৯.০৯
১০৯	এসইউভি জিপ সরবরাহ	১টি	৭১.৩০	০.০০	০.০০	৭১.৩০
১১০	হাইড্রলিক লেডার সরবরাহ	১টি	০.০০	১০০.০০	০.০০	১০০.০০
১১১	প্রকিউরমেন্ট অব ক্রোস কান্টি ভেহিক্যাল	৩টি	১৪৫.০০	০.০০	০.০০	১৪৫.০০
১১২	ক্যামন স্পেয়ার পার্টস	থোক	২০.০০	০.০০	০.০০	২০.০০
১১৩	যন্ত্রপাতি (ক্যামস, স্যামস ও এনফোর্সমেন্ট)	থোক	০.০০	২১৪.২৬	০.০০	২১৪.২৬
১১৪	ক্যামস্ এনালাইজার	থোক	০.০০	১৮১.১২	০.০০	১৮১.১২
১১৫	স্মোক স্টেইন (কার্বন মেজারমেন্ট)	৪ ইউনিট	০.০০	১৬.০০	০.০০	১৬.০০
১১৬	এসি (ক্যামস)	১২ ইউনিট	০.০০	১৩.২৪	০.০০	২.৬৬
১১৭	ক্যামস্ এন্ড স্যামস (ডিহিউমিডিফায়ার)	১২ ইউনিট	০.০০	২.৬৬	০.০০	২.৬৬
১১৮	অটোমেটিক ভোল্টেজ স্টাবিলাইজার	১০ ইউনিট	০.০০	২.৪৩	০.০০	২.৪৩
১১৯	স্পেয়ার পার্টস ক্যামস	থোক	৩১৩.০০	০.০০	০.০০	৩১৩.০০
১২০	স্পেয়ার এনালাইজা	থোক	০.০০	৩৫.০০	০.০০	৩৫.০০
১২১	ইলেক্ট্র ফ্লু গ্যাস এনালাইজার	থোক	০.০০	৭০.০০	০.০০	৭০.০০
১২২	পোটবিল জেনারেটর	৮ ইউনিট	০.০০	৬.০০	০.০০	৬.০০
১২৩	ডিএস, ইউপিএস এবং ব্যাটারী	৬ ইউনিট	০.০০	১৬.০০	০.০০	১৬.০০
১২৪	নতুন ক্যামস স্থাপন ও নেশনওয়ার সিস্টেম ইস্টিশন	বিভিন্ন ধরণের ২১টি	০.০০	৪২.১৯	১৫৪৭.০০	১৫৮৯.১৯
১২৫	এনফোর্সমেন্ট যন্ত্রপাতি	৭ ইউনিট	০.০০	১৩৪.৬৪	০.০০	১৩৪.৬৪
১২৬	ইক্যুইপমেন্ট ফর ০৫ ক্যাম	৪স্থান	০.০০	৩৫৬৫.০০	০.০০	৩৫৬৫.০০
১২৭	ইক্যুইপমেন্ট ফর সেন্ট্রাল একিউ ল্যাব	থোক	০.০০	৩৫০.০০	০.০০	৩৫০.০০
১২৮	ইক্যুইপমেন্ট ফর সেন্ট্রাল এয়ার কোয়ালিটি ল্যাব	থোক	০.০০	১৫২.০০	০.০০	১৫২.০০
১২৯	সোলার প্যানেল	১৮ ইউনিট	০.০০	২০০.০০	০.০০	২০০.০০
১৩০	ডিজিটাল ডিসপ্লে বোর্ড	থোক	০.০০	৫০.০০	০.০০	৫০.০০
২৩১	মোবাইল ড্যান	থোক	০.০০	৪০০.০০	০.০০	৪০০.০০
১৩২	০১ সেট টেস্ট যন্ত্রপাতি ফর রিপিয়ার/রক্ষণাবেক্ষণ	থোক	০.০০	৮.০০	০.০০	৮.০০
১৩৩	স্পেয়ার এনালাইজার ফর ক্যামস (এনভায়রণমেন্ট এস. এ. (ইন্ডিয়া)	থোক	০.০০	৩০০.০০	০.০০	৩০০.০০
১৩৪	স্পেয়ার এনালাইজার ফর ক্যানস (টেলিভাইন)	থোক	০.০০	৪০০.০০	০.০০	৪০০.০০
১৩৫	রিপ্লেসমেন্ট অব স্যাম্পল হ্যান্ডলিং সিস্টেম	থোক	০.০০	২৫.০০	০.০০	২৫.০০

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
১৩৬	স্পেয়ার পার্টস ফর এন্ড স্ট্যাক মনিটর এড স্যাম্পলারস	থোক	০.০০	১০.০০	০.০০	১০.০০
১৩৭	রিপ্লেসমেন্ট অব এসি অব পুরাতন ক্যামস ও সেন্ট্রাল রুম	থোক	০.০০	২০.০০	০.০০	২০.০০
১৩৮	ডিহিউমিডিফায়ার ফর নিউ ক্যামস সেন্টার	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৩৯	বিরাজমান ট্রাফিক সিগন্যালে সোলার প্যানেল, টিসিডি সরবরাহ ও স্থাপন	৭০ ইন্টার সেকশন	০.০০	১৬০০.০০	০.০০	১৬০০.০০
১৪০	ট্রাফিক সিগনাল সরবারাহ ও স্থাপন এবং টিসিডি উন্নয়ন	৩০ ইন্টার সেকশন	০.০০	৯৬৮.০০	০.০০	৯৬৮.০০
১৪১	ট্রাফিক মেনেজমেন্ট ফর ইনফ্রাসস্ট্রাকটার সাপস্লাই	তালিকা অনুযায়ী	০.০০	৬৫০.০০	০.০০	৬৫০.০০
১৪২	ট্রাফিক সিগন্যালে রিমোট কন্ট্রোল সরবরাহ ও চালু এবং ৪টিতে পাইলটিং (এনভয়/ সিএমএস ট্রাফিক	২৬৮ পাইটিং	০.০০	৩৮০.০০	০.০০	৩৮০.০০
১৪৩	বিরাজমান ট্রাফিক সিগন্যালে মেটাল বক্স, সরবরাহ ও স্থাপন	৬২টি	০.০০	১৫০.০০	০.০০	১৫০.০০
১৪৪	হাইড্রোলিক লেডার সরবরাহ	১টি	০.০০	৮৯.০০	০.০০	৮৯.০০
১৪৫	একিউআই সফটওয়ার	থোক	০.০০	২৬.০০	০.০০	২৬.০০
১৪৬	অফিস সরঞ্জাম	থোক	০.০০	৫২.৫২	০.০০	৫২.৫২
১৪৭	অফস সরাঞ্জাম (কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপি, এলসিডি প্রজেক্টর ও অন্যান)	থোক	০.০০	১.৭৬	০.০০	১.৭৬
১৪৮	অফিস ইক্যুইপমেন্ট	থোক	১০.০০	৩০০.০০	০.০০	৩১০.০০
১৪৯	হার্ডওয়ার ফর ইম্পিউটারাইজড সেল্প রিপোর্ট সিস্টেম	থোক	০.০০	৫০.০০	০.০০	৫০.০০
১৫০	কাস্টমাইজড একাউন্টিং সফটওয়ার	থোক	০.০০	৮.০০	০.০০	৮.০০
১৫১	অফিস ইক্যুইপমেন্ট কম্পিউটার, ও অন্যান্য	বিভিন্ন ধরণের ৪১টি	০.০০	৩৪.১১	০.০০	৩৪.১১
১৫২	অফিস সরঞ্জাম (ডেক্সটপ, ও প্রিন্টার)	থোক	০.০০	১.৫৯	০.০০	১.৫৯
১৫৩	অফিস সরঞ্জাম (প্রিন্টর ও ফ্যাক্স)	১১টি	০.০০	১০.৩০	০.০০	১০.৩০
১৫৪	অফিস সরঞ্জাম (স্ক্যানার, ইউপিএস, প্রজেক্টর ও অন্যান)	বিভিন্ন ধরণের ২৩টি	০.০০	৩.০০	০.০০	৩.০০
১৫৫	অফিস সরঞ্জাম মাল্টিমিডিয়া প্রজেক্টর	থোক	০.০০	১.৮২	০.০০	১.৮২
১৫৬	অফিস সরঞ্জাম ফটোকপি ও A3 প্রিন্টার	থোক	০.০০	৭.৮৬	০.০০	৭.৮৬
১৫৭	অফিস সরঞ্জাম ফটোকপি	থোক	০.০০	৪.২৪	০.০০	৪.২৪
১৫৮	অফিস সরঞ্জাম ফ্যাক্স মেশিন	থোক	০.০০	০.৫০	০.০০	০.৫০
১৫৯	অফিস সরঞ্জাম প্রিন্টার	থোক	০.০০	০.৩৪	০.০০	০.৩৪
১৬০	অফিস সরঞ্জাম স্ক্যানার	বিভিন্ন ধরণের ২০টি	০.০০	৪.৬৬	০.০০	৪.৬৬

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
১৬১	অফিস সরঞ্জাম এসি	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৬২	ফার্নিচার	থোক	৭.৪৪	৩৯.৯১	০.০০	৪৭.৩৫
১৬৩	ফার্নিচার (নতুন বিল্ডিং)	থোক	১০.০০	৩০০.০০	০.০০	৩১০.০০
১৬৪	ইউপিএস ভোল্টেজ মেরামত	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৬৫	একিএম ইমিশন রিপোর্ট প্রিন্ট্রং	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৬৬	একিউ রিপোর্ট প্রিন্টিং	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৬৭	আইসি ম্যাটেরিয়ালস	থোক	০.০০	১৪.০০	০.০০	১৪.০০
১৬৮	ডিফারেন্ট রিপোর্ট প্রিন্টিং	থোক	০.০০	১৫.০০	০.০০	১৫.০০
১৬৯	জিআইএস বেষ্ট ম্যাপ	থোক	০.০০	৪০.০০	০.০০	৪০.০০
১৭০	ডিফারেন্ট আইসি মেটারিয়ালস	থোক	০.০০	১৫.০০	০.০০	১৫.০০
১৭১	বুকস এন্ড প্রিরিয়ডিক্যালস	থোক	০.০০	৫.০০	০.০০	৫.০০
১৭২	ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসালিটি	থোক	০.০০	৪০.০০	০.০০	৪০.০০
১৭৩	নতুন বিল্ডিং এর যন্ত্রপাতি	১ ইউনিট	০.০০	৪৬৭১.০০	০.০০	৪৬৭১.০০
১৭৪	অতিরিক্ত ৫ম তলা পর্যন্ত নির্মাণ	থোক	০.০০	১৫০০.০০	০.০০	১৫০০.০০
১৭৫	ডেভেলপমেন্ট অব ফ্রন্ট ল্যান্ড স্কোপ	থোক	০.০০	১০০.০০	০.০০	১০০.০০
১৭৬	বিশ্বমানের সম্মেলন কক্ষ ও অন্যান্য	থোক	০.০০	৮০০.০০	০.০০	৮০০.০০
১৭৭	ক্যামস হাউজিং	থোক	০.০০	১৯৯.৫১	০.০০	১৯৯.৫১
১৭৮	সেটাপ সেন্ট্রাল এয়ার কোয়ালিটি ল্যাববেটরি	থোক	০.০০	৪০.০০	০.০০	৪০.০০
১৭৯	কন্সট্রাকশন অব ক্যামস সেন্টার	থোক	০.০০	৩০০.০০	০.০০	৩০০.০০
১৮০	সাইট প্রিপারেশন ফর ইন্সটলেশন অব একিউএম সিস্টেম	থোক	০.০০	৩০০.০০	০.০০	৩০০.০০
১৮১	সিভিল এন্ড ইলেকট্রিক্যাল মেইটেন্যান্স অব ক্যামস সেন্টার	থোক	০.০০	৫০.০০	০.০০	৫০.০০
১৮২	কন্সট্রাকশন অব এফওবি এন্ড বিউটিফিকেশন এফওবি রিফ্লেকটিং নেম প্লেট	২৩টি	০.০০	৪৯৬৬.১০	০.০০	৪৯৬৬.১০
১৮৩	পাইলটিং অব নন ফায়ার ব্রিক	থোক	০.০০	৫০০.০০	০.০০	৫০০.০০
১৮৪	পুরাতন ভবন মেরামত	থোক	১০.০০	০.০০	০.০০	১০.০০
১৮৫	ক্যামস মেরামত ও সংরক্ষণ	থোক	২০.০০	১০.০০	০.০০	৩০.০০
১৮৬	ইন্টারসেকশন উন্নতিকরণ	২৩টি	০.০০	২৭১২.৮৫	০.০০	২৭১২.৮৫
১৮৭	লেন সেপারেশন	৬.৫ কে এম	০.০০	১২০.৫১	০.০০	১২০.৫১
১৮৮	সাইডওয়াক ও স্ট্রিট ইমপ্রুভমেন্ট মোঃপুর (পূর্ব)	১৭.৬৬৩ কেএম	০.০০	২৯২৬.৪৬	০.০০	২৯২৬.৪৬
১৮৯	সাইডওয়াক ও স্ট্রিট ইমপ্রুভমেন্ট মোঃপুর (পশ্চিম)	৭.৮৭৫ কেএম	০.০০	২২২৮.০১	০.০০	২২২৮.০১
১৯০	সাইডওয়াক ও রোড ইমপ্রুভমেন্ট পুরাতন ডিসিসি দক্ষিণ (w2b1)	৩.২৫৬ কেএম	০.০০	৬৫০.০০	০.০০	৬৫০.০০
১৯১	সাইডওয়াক ও রোড ইমপ্রুভমেন্ট পুরাতন ডিসিসি দক্ষিণ (w2b2)	৫.১৪৫ কেএম	০.০০	১৩৩০.০০	০.০০	১৩৩০.০০
১৯২	সাইডওয়াক ও রোড ইমপ্রুভমেন্ট খিলগাঁও (W3A & W3B)	২১.৩০৩ কেএম	০.০০	৫১১৭.৩২	০.০০	৫১১৭.৩১
১৯৩	সাইডওয়াক ও রোড ইমপ্রুভমেন্ট	১৩.৮৬	০.০০	২৮১০.৩০	০.০০	২৮১০.৩০

ক্র:নং	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য		মোট ব্যয়
				আরপিএ	ডিপিএ	
	তেজগাঁও (W4)	কেএম				
১৯৪	ইনস্টলেশন অব গার্ড রেল ও রোড মিডিয়ান এবং ফুটপাত ব্রিজ ঢাকা উত্তর ও দক্ষিণ	৯৬৫৮.৮ কেএম	০.০০	৪৫০.৩০	০.০০	৪৫০.৩০
১৯৫	ইনস্টলেশন অব গার্ড রেল ও রোড মিডিয়ান এবং ফুটপাত ব্রিজ ঢাকা দক্ষিণ	১০ কেএম	০.০০	৮১৬.০৬	০.০০	৮১৬.০৬
১৯৬	সিভিল ওয়ার্কস এক্সেসরিজ মেইনটেন্যান্স সুন্দর্যবর্ধন, লাইটিং, গার্ডরেল ইত্যাদি (কেইস এফওবিসমূহ)	১৩টি/ লোকেশন	০.০০	১৫০.০০	০.০০	১৫০.০০
১৯৭	সিগন্যাল এনফ্রাস্টট্রাকচার উন্নয়ন ও মেরামন/সংস্কার পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ (৫১ও৫২)	৭৩টি ইন্টারসেকশন	০.০০	৭৮০.০০	০.০০	৭৮০.০০
১৯৮	সিটি ট্রাফিক ব্যবস্থাপনার জন্য warehouse/store নির্মাণ (DSCC এরিয়া)	৮০০০/১০০০০ এসএফটি	০.০০	৫০০.০০	০.০০	৫০০.০০
১৯৯	রোড মার্কিং এন্ড রোড সাইন ইন ইন্টারসেকশন	৯২টি ইন্টারসেকশন	০.০০	৬০০.০০	০.০০	৬০০.০০
২০০	পেডিস্ট্রিয়ান মবিলিটি জন্য সাইডওয়াক/ড্রেনেজ ও রোড ইমপ্রুভমেন্ট ডিএসসিসি (DCC AF W4)	৭.৭৫ কেএম	০.০০	২৫০০.০০	০.০০	২৫০০.০০
২০১	উন্নয়ন/রি-ডেভেলপমেন্ট/সাইডওয়াক/ড্রেনেজ ইত্যাদি ডিএসসিসি (DCC AF W5)	৫.৯ কেএম	০.০০	২৭০০.০০	০.০০	২৭০০.০০
২০২	সাইডওয়াক নির্মাণ ও রোড ইমপ্রুভমেন্ট মিরপুর ডিএনসিসি (DCC AF W6)	২ কেএম	০.০০	৬০০.০০	০.০০	৬০০.০০
২০৩	রিহেবিলেটেশন/ফুটপাত নির্মাণ, ড্রেনেজ ব্যবস্থা ও রোড উন্নয়ন ডিএনসিসি (DCC AF W7)	২.৫ কেএম	০.০০	২০০০.০০	০.০০	২০০০.০০
২০৪	বাস স্টপেজ নির্মাণ/পেসেনজার সেড নির্মাণ	২০টি	০.০০	৫০০.০০	০.০০	৫০০.০০
২০৫	ট্রাম কন্ট্রাক এর মাধ্যমে পূর্ত কাজ (সাইড ওয়াক, ড্রেন ও অন্যান্য) মেরামত	৭০ কেএম	০.০০	৫৩৮.২০	০.০০	৫৩৮.২০
২০৬	প্রতিবন্ধিদের চলাচলের ব্যবস্থা উন্নয়নের জন্য ভৌত কাজ	৫ লোকেশন	০.০০	৭৮০.০০	০.০০	৭৮০.০০
২০৭	সিডি ভ্যাট		১১১৫.০০	০.০০	০.০০	১১১৫.০০
	উপ-মোট (বি) মূলধন		**১৭২১.৭৪**	**৫৫৭২৬.৮৫**	**১৫৪৭.০০**	**৫৮৯৯৫.৫৯**
	উপ-মোট (রাজস্ব+মূলধন)		**৩০৭৮.০০**	**৭৫৩৩৭.১৭**	**১৬৩৭.০০**	**৮০০৫২.১৭**
(ক)	ফিজিক্যাল কন্টিনজেন্সি		১০০.০০	০.০০	০.০০	১০০.০০
(খ)	প্রাইস কন্টিনজেন্সি		১০০.০০	০.০০	০.০০	১০০.০০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)		**৩২৭৮.০০**	**৭৫৩৩৭.১৭**	**১৬৩৭.০০**	**৮০২৫২.১৭**

১.১০ প্রকল্প অনুমোদন, সংশোধন ও ব্যয় বৃদ্ধি

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)			বাস্তবায়নকাল	ব্যয় হ্রাস/ বৃদ্ধি (লক্ষ টাকা)	সময় বৃদ্ধি
	মোট	জিওবি	প্রঃ সাঃ			
মূল	৪৪৫০১.৬৪	৫১৮৪.১৬	৩৯৩১৭.৪৮	১ জুলাই ২০০৯ ৩০ জুন ২০১৪	-	-
১ম সংশোধন	৪৮০৭১.৪১	৫১৮৮.১৬	৪২৮৮৭.২৬	১ জুলাই ২০০৯ ৩০ জুন ২০১৪	৩৫৬৯.৭৭ (৭.৮%)	০%
২য় সংশোধন	৫২১৫৫.০০	২৭৯০.০০	৪৯৩৬৫.০০	১ জুলাই ২০০৯ ৩০ জুন ২০১৬	৭৬৫৩.৩৬ (১৭.২%)	২৪ মাস (৪০%)
৩য় সংশোধন	৮০২৫২.১৭	৩২৭৮.০০	৭৬৯৭৪.১৭	১ জুলাই ২০০৯ ৩০ জুন ২০১৯	৩৫৭৫০.৫৩ (৮০.৩৩%)	৬০ মাস (১০০%)

তথ্যসূত্রঃ আরডিপিপি

প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয় জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ পর্যন্ত। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৪৪৫০১.৬৪ লক্ষ টাকা। প্রকল্পের সমুদয় অর্থ জিওবি ও প্রকল্প সাহায্য খাত থেকে সংস্থান হয়েছে। প্রকল্পটি যথা সময়ে সমাপ্ত না হওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয় এবং প্রকল্পটির ব্যয় ও সময় বৃদ্ধি করা হয়। সময় বৃদ্ধির পর প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয় জুলাই ২০০৯ হতে জুন ২০১৪। প্রকল্পটি বর্ধিত সময়েও সমাপ্ত না হওয়ায় আরও দুইবার সময় বৃদ্ধি এবং ব্যয় সংশোধন করা হয়। সংশোধনের পর প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৮০২৫২.১৭ লক্ষ টাকা। ৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ দাঁড়ায় জুলাই ২০০৯- জুন-২০১৯ পর্যন্ত। এই সংশোধনের কারণ ও যৌক্তিকতা প্রভাব মূল্যায়ন সমীক্ষার মূল প্রতিবেদনে পর্যালোচনা করা হয়েছে।

১.১১ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা

প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা পরিশিষ্ট-১২তে দেওয়া হয়েছে।

১.১২ প্রকল্পের ক্রয় পরিকল্পনা

প্রকল্পের ক্রয়পরিকল্পনা পরিশিষ্ট-১৩তে দেওয়া হয়েছে।

১.১৩ প্রকল্পের লগফ্রেম

সংক্ষিপ্ত বর্ণনা (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশ (OVI)	যাচাইয়ের মাধ্যম (MOV)	গুরুত্বপুর্ণ অনুমান (IA)
লক্ষ্য			
লক্ষ্য: বাংলাদেশের জনবহুল শহরে পাইলট প্রদর্শনীর মাধ্যমে বায়ু দূষণ কমানোর লক্ষ্যে প্রধান দূষণকারী খাতে (শহরে পরিবহন এবং ইট ভাটা তৈরি) টেকসই পরিবেশগত এনটিটিভ (SEIs) গ্রহণ করা	দুষিত বায়ুর উৎস/নির্গমণ প্রোফাইল আপডেট করার জন্য সমীক্ষা করা	পর্যবেক্ষণ প্রতিবেদন	প্রকল্পের জন্য সরকারের দৃঢ় সমর্থন
ইনপুট			
১. পরিবেশ অধিদপ্তর			
বায়ুর গুণমান ব্যবস্থাপনার জন্য সক্ষমতা বৃদ্ধি	বায়ুর গুণমান স্তর AQ নিরীক্ষণ দুষিত বায়ু নির্গমণ হ্রাস	IMED, WB তে প্রতিবেদন পর্যবেক্ষণকারী বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড	প্রকল্প কার্যক্রম সময় মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে কোনো বাধা না থাকা
ইট ভাটায় ধোয়া নির্গমণ ব্যবস্থাপনা	পাইলট প্রকল্প, বিদ্যমান অনুশীলন এবং	বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড	প্রকল্প কার্যক্রম সময়মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে

সংক্ষিপ্ত বর্ণনা (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশ (OVI)	যাচাইয়ের মাধ্যম (MOV)	গুরুত্বপুর্ণ অনুমান (IA)
	প্রযুক্তির উন্নতি প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি, ইট ভাটার প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ	IMED WB মিশন, পর্যবেক্ষণ প্রতিবেদন	কোনো বাধা না থাকা
সচেতনতা কার্যক্রম	মিডিয়া প্রচারাভিযান ও বিশুদ্ধ বায়ুর উদ্যোগ	বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড, IMED WB মিশন, পর্যবেক্ষণ প্রতিবেদন	প্রকল্প কার্যক্রম সময়মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে কোনো বাধা না থাকা
২. পরিবহন ব্যবস্থাপনা (DSCC & DNCC/ DTCA)			
ট্র্যাফিক ব্যবস্থার বাস্তবিক উন্নতি এবং পথচারীদের স্বাভাবিক চলাফেরা	ট্রাফিক ব্যবস্থাপনা ট্রাফিক সিগন্যাল এবং ইন্টারসেকশনের উন্নতি	বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড, IMED WB মিশন, পর্যবেক্ষণ প্রতিবেদন	প্রকল্প কার্যক্রম সময়মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে কোনো বাধা না থাকা
বাস রুট নেটওয়ার্ক যৌক্তিকীকরণ এবং ফ্র্যাঞ্চাইজিং	বিআরটি সম্ভাব্যতা সমীক্ষা, পরিবহন নেটওয়ার্ক সমীক্ষা, বিআরটি ডিটেইল ডিজাইন স্টাডিজ	বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড, IMED WB মিশন, পর্যবেক্ষণ প্রতিবেদন	প্রকল্প কার্যক্রম সময়মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে কোনো বাধা না থাকা
প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ এবং নিয়ন্ত্রণমূলক পর্যালোচনা	নিরাপদ গতিশীলতা, পার্কিং কৌশল সমীক্ষা, ট্রাফিক ব্যবস্থাপনা প্রশিক্ষণের জন্য প্রচারাভিযান	বাস্তবায়নকারী সংস্থার রেকর্ড, IMED WB মিশন সহকারী স্মৃতিকথার পর্যবেক্ষণ প্রতিবেদন	প্রকল্প কার্যক্রম সময়মতো বাস্তবায়নে তহবিল প্রবাহে কোনো বাধা না থাকা
আউটপুট			আউটপুট লিংক থেকে উদ্দেশ্য
১. পরিবেশ অধিদপ্তর			
১. A1-DOE-এর মধ্যে সম্পূর্ণরূপে কার্যকরী AQ সেল	AQC-তে কর্মীদের সংখ্যা প্রশিক্ষিত কর্মীদের সংখ্যা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	AQ সেলের অধীনে প্রশিক্ষিত মানবসম্পদ বাংলাদেশে AQM কার্যক্রম টিকিয়ে রাখার জন্য অবদান রাখবে।
১. A2 দুটি প্রধান শহরের জন্য উপলব্ধ আপডেট কমিশন প্রোফাইল	বায়ু নিঃসরণ ইনভেন্টরি স্টাডি রিপোর্ট	জ্বালানি এবং বায়ু নির্গমণ নিরীক্ষাকরণ	বায়ুর উৎস/নিঃসরণ প্রোফাইল ফ্রেমিং উৎস/নিঃসরণে অবদান রাখা। সব দূষণকারী সেক্টরে ভবিষ্যৎ প্রয়োগের জন্য নির্দিষ্ট মান ব্যবহার করা
১. A3 এনজিওদের সাথে অংশীদারিত্বের জন্য নির্মল বায়ু উদ্যোগের সুবিধা	CAIF এর কোনটি প্রতিষ্ঠিত হয়নি	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	বায়ু দূষণের বিরুদ্ধে সুশীল সমাজের অংশগ্রহণ এর মাধ্যমে একটি টেকসই ভিত্তি নিশ্চিত করা
১. B1 সংশোধিত ইট পোড়া আইন।	ইট পোড়ানো আইনের খসড়া কর্ম পরিকল্পনা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	ইট সেক্টর থেকে নির্গমণ হ্রাসের জন্য আইনটি কার্যকর করা
১. B2 পরিচ্ছন্ন ইট উৎপাদনে যাওয়ার জন্য সময় বদ্ধ কর্মপরিকল্পনা	পরিচ্ছন্ন ইট উৎপাদনের জন্য খসড়া কর্ম পরিকল্পনা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	ইট তৈরির প্রযুক্তি প্রতিস্থাপনের জন্য ভিত্তি স্থাপন

সংক্ষিপ্ত বর্ণনা (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশ (OVI)	যাচাইয়ের মাধ্যম (MOV)	গুরুত্বপুর্ণ অনুমান (IA)
১. B3 জ্বালানি সাশ্রয়ী ইট ভাটা	কতটি জায়গায় পাইলট প্রদর্শন ইট ভাটা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB প্রেরণ	জ্বালানি সাশ্রয়ী ইট ভাটা চালু করার ভিত্তি স্থাপন করা
১. C বায়ুর গুণগত মান মোকাবেলার জন্য মিডিয়া প্রচারণা বৃদ্ধি	বায়ু দূষণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট সংবাদপত্র রিপোর্ট	সচেতনতা সৃষ্টির জন্য প্রচার চালিয়ে যাওয়া
২. পরিবহন ব্যবস্থাপনা (DSCC&DNCC/DTCA)			
২ A1 মোটর গাড়ি এবং পথচারীদের বর্ধিত গতিশীলতা	চলাচলের সময় হ্রাস	ট্রাফিক সার্ভে	যানবাহন নির্গমণ হ্রাস বায়ু দূষণ মানুষের এক্সপোজার কমাতে অবদান
২ A2 হস্তক্ষেপের ক্ষেত্রগুলিতে বর্ধিত সুরক্ষা	FOB এবং ফুটপাত ব্যবহার করার প্রবণতা	নিরাপত্তা সমীক্ষা	শহর এলাকায় দুর্ঘটনার ঘটনা হ্রাস পাওয়া
২ B বিআরটি এবং রুট নেটওয়ার্ক পুনর্গঠনের ধারণাগত নকশা এবং সম্ভাব্যতা	সম্ভাব্যতা সম্মতি	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	পুনর্গঠিত রুট নেটওয়ার্ক এবং ফ্র্যাঞ্চাইজিং ঢাকায় বিআরটি প্রবর্তনের সময় বাঁচবে
২ C1 সম্পূর্ণ কর্মী এবং কার্যকরী DTCA	DTCA -তে কর্মরতদের সংখ্যা প্রশিক্ষিত কর্মীদের সংখ্যা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	বিআরটি বাস্তবায়ন তত্ত্বাবধানের জন্য শক্তিশালী প্রাতিষ্ঠানিক কাঠামো
২. C2. নির্গমণ হ্রাসের জন্য এমভি প্রবিধানগুলির সংশোধন	সংশোধিত নিয়ম	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	যানবাহন নির্গমণ হ্রাসে অবদান সহ সংশোধিত এমভি প্রবিধান
২. D স্থানীয় এবং আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে	প্রশিক্ষিত কর্মীদের সংখ্যা	ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট WB তে প্রেরণ	দক্ষ মানবসম্পদ রাজধানী ঢাকার টেকসই নগর পরিবহন ব্যবস্থাপনায় অবদান
আউটকাম			
১. পরিবেশ অধিদপ্তর			
১. DOE এর প্রাতিষ্ঠানিক ক্ষমতা শক্তিশালী করা হয়েছে	প্রকল্পের মেয়াদ শেষ না হতেই প্রতি ইট ভাটায় পরিচ্ছন্ন প্রযুক্তি এবং অনুশীলন ২০%-৩০% কণা নির্গমণ হ্রাস।	AQM ডেটা বার্ষিক প্রতিবেদন	একিউ সেল অপারেশনে ডেমোনস্ট্রেশন ভাটা এবং প্রকল্পের কর্মীদের সমন্বিত কার্যক্রম
২. বায়ু দূষণের সমস্যাগুলি মোকাবেলা করার জন্য একটি শক্তিশালী আইনি এবং নিয়ন্ত্রক কাঠামো	বিদ্যমান বেসলাইন অবস্থার তুলনায় ১৫-২০% পরিচ্ছন্ন প্রযুক্তি এবং অনুশীলন গ্রহণ করে প্রতি ইট ভাটায় GHG নির্গমণ হ্রাস করা।	স্ট্যাক মনিটরিং বার্ষিক রিপোর্টের উপর ভিত্তি করে তথ্য	সংশোধিত VS, ইট ভাটা নির্গমণ মান এবং খসড়া নির্মল বায়ু বিধি/ অ্যাক্ট
২. পরিবহন ব্যবস্থাপনা (DSCC&DNCC/DTCA)			
১. দক্ষ ট্রাফিক সিগন্যালিং সিস্টেম	যানজট হ্রাসের কারণে উন্নত ট্রাফিক প্রবাহ।	FOB এর ফুটপাথের ধরণ যাচাই, সিগনাল সিস্টেম, WB কার্যবলীর রিপোর্ট।	FOB-এর ফুটপাত, MV/NMV বিভাজক স্থানে ট্র্যাফিক দুর্ঘটনা হ্রাস পাওয়া, ইম্প্রোট্যান্ট ইন্টারসেকশনে ট্র্যাফিক জ্যাম হ্রাস পাওয়া ।
উন্নত ট্রাফিক ব্যবস্থা	প্রকল্পের অবস্থানগুলিতে ট্র্যাফিক দুর্ঘটনার সংখ্যা		ট্রাফিক শৃঙ্খলা পুনরুদ্ধার করা, এফওবি এবং

সংক্ষিপ্ত বর্ণনা (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশ (OVI)	যাচাইয়ের মাধ্যম (MOV)	গুরুত্বপুর্ণ অনুমান (IA)
	১০% হ্রাস, বিশেষ করে মহিলাদের জন্য যারা নন-মোটরাইজড যানবাহন (NMV) এবং গণপরিবহন ব্যবহার করেন।		ফুটপাথের স্বতঃস্ফূর্ত ব্যবহার । ট্রাফিক দুর্ঘটনার কারণে মৃত্যুর ঘটনা হ্রাস ।
MVO বাস রুট ফ্র্যাঞ্চাইজিং এবং BRT এর বিধান		গেজেট বিজ্ঞপ্তি, গবেষণা প্রতিবেদন	বাস রুট যৌক্তিককরণ, BRT-এর জন্য সম্পাদিত সম্ভাব্যতা এবং নকশা

সূত্রঃ আরডিপিপি

প্রকল্পের লগফ্রেম প্রণয়নে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়। পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের লগফ্রেমে কোন উদ্দেশ্য এবং উদ্দেশ্যের বিপরীতে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক, যাচাই-এর মাধ্যম ও গুরুত্বপূর্ণ অনুমান রাখা হয়নি এবং প্রকল্পের আউটপুটের পর আউটকাম রাখা হয়েছে যা লগফ্রেম প্রণয়নের প্রচলিত রীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এক্ষেত্রে ডিপিপি/আরডিপিপি প্রণয়নের ক্ষেত্রে আরো বেশি সতর্ক হওয়া প্রয়োজন ছিল।

১.১৪ প্রকল্পের Exit Plan

প্রকল্পের ডিপিপি এবং আরডিপিতে প্রকল্পের Exit Plan সম্পর্কে সুস্পষ্ট কিছু উল্লেখ নেই। এ বিষয়ে মূল প্রতিবেদনে পর্যালোচনা ও সুপারিশ প্রদান করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়

প্রভাব মূল্যায়ন কার্যক্রমের পরিচালন পদ্ধতি (Methodology)

২.০ ভূমিকা

পরিবেশ দুষণকারী প্রধান প্রধান সেক্টরে (আরবান ট্রান্সপোর্ট ও ইট তৈরি শিল্প) টেকসই পরিবেশ সৃষ্টির উদ্যোগ SEIs (sustainable Environment Initiatives) গ্রহণে সহায়তা করার মাধ্যমে বায়ু দুষণ রোধ করা এবং ইট তৈরি শিল্পে এনার্জি ইফিসিয়েন্ট টেকনোলজী প্রবর্তন করা এবং ঢাকা শহরে Mass Transit বিশেষত; Bus Rapid Transit চালু করার জন্য **"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক এর অর্থায়নে বাস্তবায়ন করা হয়েছে এবং ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পটি আইএমইডি কর্তৃক প্রভাব মূল্যায়ন কাজের জন্য নির্বাচিত হয়েছে। এরই ধারাবাহিকতায় আইএমইডি কর্তৃক চলতি ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় **"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নির্বাচন এবং পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়।

২.১ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি

প্রকল্পটির প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য আইএমইডি'র Terms of Reference (ToR) অনুসারে পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব ও কার্যপরিধি নিম্নরূপ-

- প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদিসহ সকল প্রযোজ্য তথ্য) পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে output, outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়ের (procurement) ক্ষেত্রে সরকারি ক্রয় আইন (পিপিএ-২০০৬), সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর-২০০৮) এবং উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি প্রতিপালন করা হয়েছে কিনা এবং ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচায়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা (বেইজলাইন না থাকলে কন্ট্রোল গ্রুপের মাধ্যমে পর্যালোচনা করতে হবে);
- প্রকল্প বাস্তবায়নের ফলে বায়ু দূষণ রোধে পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা (অবকাঠামোগত ও রেগুলেটরি) বৃদ্ধির প্রভাব মূল্যায়ন, বিশ্লেষণ এবং পর্যালোচনা করা;
বাস স্টপেজ/যাত্রী শেড নির্মাণ	সংখ্যা	৫০০.০০	২০	৪৭১.১৫%	৯৪%
মেয়াদী চুক্তির মাধ্যমে বেসামরিক কাজের রক্ষণাবেক্ষণ (সাইড ওয়াক, ড্রেনেজ ও অন্যান্য)	কি.মি	৫৩৮.২০	৭০	৫৩০.৫৩%	৯৯%

অঙ্গভিত্তিক কাজ (আরডিপিপি অনুসারে)	ইউনিট	লক্ষ্য (আরডিপিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি	
		আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
১	২	৩	৪	৫	৬
প্রতিবন্ধী ব্যক্তিদের গতিশীলতার উন্নতির জন্য শারীরিক কাজ	এলাকা	৭৬৭.০০	৫	২১৫.২৭	২৮%
সরঞ্জামের ডিসিসির জন্য সিডি/ভ্যাট	থোক	৫২৫.০০	১০০%	৫২৫.০০	১০০%
উপ-মোট (খ) মূলধন উপাদান		**৪০৫১১.২০**		**৩৮৪০৩.০৬**	৯৫%
মোট = (রাজস্ব ক + মূলধন খ)		**৪৬০৯৪.১৭**		**৪২৫০৫.২২**	৯২%
সর্বমোট (c+d+e)		**৪৬০৯৪.১৭**	**১০০%**	**৪২৫০৫.২২**	৯২%

তথ্যসূত্রঃ পিসিআর ২০১৯

প্রকল্পের ডিসিসি উপাদানের অঙ্গভিত্তিক কার্যক্রমের বাস্তব অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির ডিজাইন সুপারভিশন অ্যান্ড মনিটরিং (DSM) পরামর্শক বাবদ ২১৬২.০৫ লক্ষ টাকার বিপরীতে ২০৫০.০০ লক্ষ টাকায় ৯৫% আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে। ফুটওভার ব্রীজ নির্মাণ (FOB-এর নির্মাণ W-৬, ৭A, ৭B) (২৩টি) ৪৯৬৬.১০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৯৫১.১২ লক্ষ টাকায় সকল ফুটওভার ব্রীজ নির্মাণ করা হয়েছে যার বাস্তব অগ্রগতি ১০০%। এছাড়াও ফুটপাত ও রাস্তার উন্নয়ন- খিলগাঁও (W৩A & W৩B) ২১.৩কি.মি রাস্তার কাজ ৫১২১.৩৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সকল টাকা ব্যয় করে ১০০% কাজের অগ্রগতি হয়েছে।

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) অংশ

(লক্ষ টাকায়)

অংগের নাম (পিপি অনুযায়ী)	ইউনিট	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)
১	২	৩	৪	৫	৬
কর্মকর্তারগণদের বেতন	জনমাস	১০.০১	-	১০.১৯	-
কর্মচারীদের বেতন	জনমাস	৭৬.৬৩	-	৭৫.৪৫	-
ভাতাদি	জনমাস	১০৫.০৭	-	৯৪.০৪	-
সরবরাহ ও সেবা					
টেলিফোন /ইন্টারনেট যোগাযোগ ও অন্যান্য	থোক	১.৭৬	-	১.০৭	-
প্রেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	১৫.৬৫	-	১২.৭০	-
প্রিন্ট/পাবলিকেশন	থোক	৪.০৯	-	১.৩৪	-
ষ্টেশনারী সরবরাহ এবং বিবিধ	থোক	২৫.৫৬	-	২৪.২৬	-
বইপত্র ও সাময়িকি	থোক	২.২৩	-	০.২৩	-
মিডিয়া কেম্পেইন	থোক	৯৭.৪৭	-	৯২.৪০	-
প্রশিক্ষণ	থোক	২০৫.০০	-	১৯৭.৮৪	-
পরামর্শক সেবা	থোক	৪৭৭১.৪৩	-	৪৫৪৭.৪২	-
সম্মানী	থোক	৫.১৬	-	৪.৩৪	-
অন্যান্য খরচ	থোক	১২.৪০	-	৭.৪৭	-
মেরামত ও রক্ষণাবেক্ষণ					
যানবাহন এবং পরিবহন	থোক	১০.৩৬	-	৬.৭৯	-
অফিস সরাঞ্জাম (কম্পিউটার ও অন্যান্য)	থোক	৭.৪৮	-	১.৩৮	-
মূলধন					
যানবাহন এবং পরিবহন	থোক	৪১.৯৯	-	৪১.৯৯	-
কম্পিউটার লেপটপ এবং প্রিন্টার	থোক	১১.৯৩	-	১০.৫৫	-
কম্পিউটার সফটওয়ার	থোক	১০.৩০	-	৪.০০	-
অফিস সরঞ্জাম	থোক	৫.০০	-	৮.২৯	-

অংগের নাম (পিপি অনুযায়ী)	ইউনিট	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)
১	২	৩	৪	৫	৬
ফার্নিচার	থোক	৩.৪৮	-	২.৪৮	-
মোট প্রকল্প ব্যয়		**৫৪২৩.০০**	-	**৫১৪৩.৯১**	-

সূত্রঃ পিসিআর

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতির চিত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির ডিটিসিএ অংশে প্রায় শতভাগই আর্থিক অগ্রগতি বাস্তবায়িত হয়েছে। ডিটিসিএ অঙ্গের সেবা ও সরবরাহের অংশের পরামর্শক সেবা, প্রশিক্ষণ এবং মিডিয়া কেম্পেইন এর কাজে সবচেয়ে বেশি অর্থ ব্যয় হয়েছে। পরামর্শ সেবা খাতে বরাদ্দ ছিল ৪৭৭১.৪৩ লক্ষ টাকা তার মধ্যে ৪৫৪৭.৪২ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যেখানে প্রায় ৯৫% আর্থিক অগ্রগতি সাধিত হয়েছে। প্রশিক্ষণ বাবদ বরাদ্দ ছিল ২০৫.০০ লক্ষ টাকা তার মধ্যে ১৯৭.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যেখানে প্রায় ৯৭% আর্থিক অগ্রগতি হয়েছে। তবে ডিটিসিএ অঙ্গে ভৌত কোন কাজ নেই বলে বাস্তব অগ্রগতি প্রদর্শন সম্ভব হয়নি।

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতির চিত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় অংশে ও পরিবেশ অধিদপ্তর অংশে প্রধান প্রধান ভৌত কার্যক্রমের প্রায় শতভাগই বাস্তবায়িত হয়েছে। উক্ত কাজ বাস্তবায়ন করতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় অংশে আর্থিক অগ্রগতি ৮১.১৬% (২ কোটি ৫৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় ২ কোটি ৭ লক্ষ টাকা) এবং পরিবেশ অধিদপ্তর অংশে আর্থিক অগ্রগতি প্রায় ৮০.৮৫% (২৮৪ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে প্রায় ২৩০ কোটি টাকা)। প্রকল্পের ডিসিসি উপদানের ক্ষেত্রে শতভাগ ভৌত কার্যক্রম ৪৬০৯৪.১৭ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪২৫০৫.২২ লক্ষ টাকা ব্যয়ে সম্পাদিত হয়েছে। এক্ষেত্রে বাস্তব অগ্রগতি ১০০% এর বিপরীতে আর্থিক অগ্রগতি প্রায় ৯২%। ডিটিসিএ অঙ্গের আর্থিক অগ্রগতি প্রায় ৯৪% (৫৪২৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় ৫১৪৩.৯১ লক্ষ টাকা)।

৩.৫ ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ

৩.৫.১ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহ

প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের জন্য দরপত্রের বিভিন্ন পণ্যের গুণগতমান নমুনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে কিনা এবং এসব কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে যথাযথভাবে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং বিশ্ব ব্যাংক এর গাইড লাইন প্রতিপালন করা হয়েছে কিনা পর্যবেক্ষণ ও পর্যালোচনা করার জন্য ক্রয় কাজে দরপত্র, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, দাখিলকৃত দরদাতার যোগ্যতার সনদপত্র, সরবরাহকারীদের সাথে চুক্তিপত্র/ কার্যাদেশ ইত্যাদি নথিপত্র প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে সংগ্রহ করে পর্যবেক্ষণ করা হয়েছে এবং এ সকল নথিপত্র অনুযায়ী ক্রয় সংক্রান্ত বিষয়াবলি পর্যালোচনা করা হয়েছে।

৩.৫.২ প্রকল্পের ক্রয়সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ

প্রকল্প অফিসের ক্রয় সংক্রান্ত নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্প অফিস বার্ষিক ক্রয় পরিকল্পনা করে থাকে। প্রতি বছর ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার মাধ্যমে অনুমোদন সাপেক্ষে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা হয়। প্রকল্পের মোট ক্রয় কার্যক্রমের সার-সংক্ষেপ পরিশিষ্ট-১৪ এ দেয়া হয়েছে।

৩.৬ প্রকল্পের ক্রয়সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ

প্রকল্প অফিসের ক্রয় সংক্রান্ত নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্প অফিস বার্ষিক ক্রয় পরিকল্পনা করে থাকে। প্রতি বছর ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার (ডিওই, ডিটিসিএ এবং সিটি করপোরেশন) মাধ্যমে অনুমোদন সাপেক্ষে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা হয়।

<u>পরিবেশ অধিদপ্তর অঙ্গঃ</u>

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তি মূল্য		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)
Construction of Additional 5 floors Vertical Extension of the new DoE green office Building (Package No: DoE-AF-W01)	জানু: ১৭	১৪/০১/১৮	ডিসি/আরইবি (ন্যশনাল)	ডিসি/আরইবি (ন্যশনাল)	মন্ত্রণালয় সিসিজিপি	মন্ত্রণালয় সিসিজিপি	১৫০০.০০	১৩০০.৯৮	মার্চ ১৭	০১/০৩/১৮	৩০/০৩/১৯	৩০/০৩/১৯	-	-
Equipment for 05 (five) Continuous Air Quality Monitoring Stations (CAMS) including rack, sample handling system and auxiliary systems including one set of spare analyzers (DOE-AF-G1 [Lot-01])	মে ১৭	০৭/১২/১৭	আইবি (ইন্ট্যারনেশনাল)	আইবি (ইন্ট্যারনেশনাল)	মন্ত্রণালয়	মন্ত্রণালয়	২৪০০.৭২	৬,৮৬,১৪৮.০০ ইউরো বিডিটি ০.৯৫ কোটি	জুলাই ১৭	২৭/০৬/১৮	অক্টে: ২০১৮	৩০/০৩/১৯	৫ মাস	
Consultancy services for Studies (Emission inventory, source apportionment, dispersion modeling, dust management and industrial emission) (DOE-S13)	সেপ্টে: ১০	২৬/০৯/১০	কিউসিবিএস	কিউসিবিএস	মন্ত্রণালয়	মন্ত্রণালয়	৪.৯৫	৪.৮৯	ফেব্রুয়ারী ১২	১৯/০২/১২	৩১/১০/১৬	৩১/১০/১৬		

সূত্রঃ পরিবেশ অধিদপ্তর

কেস স্টাডি

পরিবেশ অধিদপ্তর অঙ্গঃ

(১) Construction of Additional 5 floors Vertical Extension of the new DoE green office Building (Package No: DoE-AF-W01)

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রণমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় Construction of Additional 5 floors Vertical Extension of the new DoE green office Building এর জন্য উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ওটিএম পদ্ধতিতে ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে CPTU-এর e-GP পোর্টালে IFT নোটিশ ইস্যু করা হয়, যার আইডি নং-১৪৬২৭৪। e-Tender নোটিশটি ১৪.০১.২০১৮ ইং তারিখে দৈনিক ইত্তেফাক ও The Daily Star পত্রিকায় প্রকাশ করা হয়, যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। এছাড়া e-Tender নোটিশটি পরিবেশ অধিদপ্তর এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ ছিল-১৪.০১.২০১৮ এবং শেষ তারিখ ছিল ১৩.০২.২০১৮। দরপত্র গ্রহণ ও খোলার শেষ তারিখ ১৪.০২.২০১৮ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় মোট ৩টি ঠিকাদার প্রতিষ্ঠানের দরপত্র পাওয়া যায়। e-GP গাইড লাইনে বর্ণিত নিয়ম অনুযায়ী তিন সদস্য বিশিষ্ট দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠিত হয়। কমিটির সভা নিয়মানুযায়ী অনুষ্ঠিত হয়। মূল্যায়নান্তে ৩টি ঠিকাদার প্রতিষ্ঠানের দরপত্র রেসপনসিভ হয়। ৩টি ঠিকাদার প্রতিষ্ঠানের মধ্যে Banga Builders Limited নামক ঠিকাদার প্রতিষ্ঠান ১৩,৯৭,৯৫,৩০১.৮০৭ টাকা প্রস্তাব করে সর্বনিম্ন দরদাতা হয়। যাচাই বাছাইকালে ঠিকাদার প্রতিষ্ঠান তাদের দরপত্র প্রস্তাবের সাথে যে সমস্ত কাগজপত্র দাখিল করেছিল, যেমন: ব্যাংক সল্ভেন্সি সার্টিফিকেট, ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট ইত্যাদি সংশ্লিষ্ট ব্যাংক/দপ্তরে পত্র প্রেরণ/টেলিফোন যোগে Authentication করা হয়। যথাযথ অনুমোদন প্রক্রিয়াকরণ শেষে উক্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে NOA প্রদান করা হয় এবং ০১-০৩-২০১৮ ইং তারিখে ১৩,৯৭,৯৫,৩০১.৮০৭ টাকায় Banga Builders Limited এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়।

(২) Equipment for 05 (five) Continuous Air Quality Monitoring Stations (CAMS) including rack, sample handling system and auxiliary systems including one set of spare analyzers (DOE-AF-G1 [Lot-01])

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রনমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় Equipment for 05 (five) Continuous Air quality Monitoring Stations (CAMS) including rack, sample handling system and auxiliary systems including one set of spare analyzers ক্রয়ের জন্য উন্মুক্ত দরপত্র ওটিএম (Two-Envelope Bidding Process) পদ্ধতিতে সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে ০৭-১২-২০১৭ দরপত্র নোটিশ আহ্বান করা হয়। দরপত্র নোটিশটি ১০-১২-২০১৭ তারিখে দৈনিক ইত্তেফাক ও ১১-১২-২০২৭ তারিখে The Daily Star পত্রিকায় প্রকাশিত হয় এছাড়াও দরপত্র নোটিশটি UNDP, CPTU ও পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। দরপত্র দাখিলের শেষ তারিখ ছিল ০৭-০২-২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় এবং দাখিলকৃত দরপত্রের কারিগরি অংশ খোলার সময় ছিল ০৭-০২-২০১৮ তারিখ বিকাল ০৩.১৫ ঘটিকায়। নির্ধারিত সময়ের মধ্যে ০৫টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে এবং ৩ সদস্য বিশিষ্ট উন্মুক্তকরণ কমিটি কর্তৃক ০৫ টি দরপত্রের কারিগরি অংশ উন্মুক্ত করা হয়। দাখিলকৃত দরপত্রসমূহ মূল্যায়নের জন্য ৭ সদস্য বিশিষ্ট মূল্যায়ন কমিটি গঠন করা হয়। মূল্যায়ন কমিটিতে ২ জন বহিঃ সদস্য রয়েছে। এছাড়া, দরপত্র সমূহের টেকনিক্যাল স্পেসিফিকেশন মূল্যায়নের জন্য ৩ সদস্য বিশিষ্ট কারিগরী সাব-কমিটি গঠন করা হয়। পিপিআর-২০০৮ অনুযায়ী গঠিত কমিটিসমূহ যথাযথ ছিল। এটি একটি আন্তর্জাতিক ক্রয় প্যাকেজ হওয়ায় বিশ্ব ব্যাংকের দরপত্র দলিল ব্যবহৃত হয়েছে এবং বিশ্ব ব্যাংকের ক্রয় নীতিমালা অনুসরণ করা হয়েছে। দরপত্র দাখিলকারী ৫টি প্রতিষ্ঠানের মধ্যে ২টি প্রতিষ্ঠানের দরপত্র প্রাথমিক বাছাইয়ে নন-রেসপনসিভ হিসেবে বিবেচনা করা হয়। প্রাথমিক বাচাইয়ে গ্রহণযোগ্য ৩টি প্রতিষ্ঠানের টেকনিক্যাল স্পেসিফিকেশন কারিগরী সাব-কমিটি কর্তৃক মূল্যায়ন করা হয়। কারিগরী মূল্যায়নে ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ১টি প্রতিষ্ঠান রেসপনসিভ হয় এবং ২টি প্রতিষ্ঠান নন-রেসপনসিভ হয়। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক টেকনিক্যাল সাব-কমিটির মূল্যায়ন প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র ও আর্থিক প্রস্তাব মূল্যায়ন করে কারিগরী মূল্যায়নে রেসপনসিভকৃত দরপত্রটিকে চূড়ান্ত মূল্যায়নে রেসপনসিভ হিসেবে বিবেচনা করা হয়। কমিটির সভা

নিয়মানুযায়ী অনুষ্ঠিত হয়। মূল্যায়নান্তে কারিগরী ও আর্থিক মূল্যায়নে একমাত্র গ্রহণযোগ্য প্রতিষ্ঠান Environment SA INDIA PVT. LTD কে EURO 686148.00+BDT 9,500,000.00 মূল্যে চূড়ান্তভাবে সুপারিশ করা হয়। উল্লেখ্য আলোচ্য ক্রয়ের জন্য দাপ্তরিক প্রাক্কলন ছিল-USD-1912290.00। বাছাইকালে ঠিকাদার প্রতিষ্ঠান তাদের দরপত্র প্রস্তাবের সাথে যে সমস্ত কাগজপত্র দাখিল করেছিল, যেমন: ব্যাংক সল্ভেন্সি সার্টিফিকেট, ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট ইত্যাদি সংশ্লিষ্ট ব্যাংক/দপ্তরে পত্র প্রেরণ/টেলিফোন যোগে Authentication করা হয়। বিশ্ব ব্যাংকের অনাপত্তি গ্রহণ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের অনুমোদনক্রমে Environment SA INDIA PVT. LTD কে ২৪-০৬-২০১৮ তারিখ LoA প্রদান করা হয় এবং ২৭-০৬-২০১৮ ইং তারিখে EURO 686148.00+BDT 9,500,000.00 টাকায় Environment SA INDIA PVT. LTD এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। কাজটি চুক্তি স্বাক্ষরের পর ১২০দিনে অর্থাৎ ৪ মাসে শেষ হওয়ার কথা থাকলেও কাজটি সম্পন্ন করতে প্রায় ৯ মাস সময় লাগে। মূলতঃ কাজটি শেষ করতে প্রায় ৫ মাস বিলম্ব হয়।

(৩) Consultancy services for Studies (Emission inventory, source apportionment, dispersion modeling, dust management and industrial emission) (DOE-S13)

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রনমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় Studies on Emission inventory, Dispersion modeling, Source apportionment, Dust control & Industrial emissions এর জন্য Consulting Firm নিয়োগের লক্ষ্যে গত ২৭-০৯-২০১০, ০২-১০-২০১০ ও ৩০-০৯-২০১০ তারিখে যথাক্রমে dgMarket, দৈনিক সমকাল ও The Daily Star পত্রিকায় Expression of Interest (EoI) আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়া, CPTU website এ ৩০-০৯-২০১০ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। EoI দাখিলের সর্বশেষ সময় ছিল ২৫-১০-২০১০ তারিখ বিকাল ৪.০০ টা। EoI উন্মুক্তকরণের সময় ছিল- ২৫-১০-২০১০ তারিখ বিকাল ৪.১৫ টা। তৎপ্রেক্ষিতে ১০টি প্রতিষ্ঠান EoI দাখিল করে। প্রকল্পের প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক EoI মূল্যায়ন করে ৩টি প্রতিষ্ঠানকে Short list করা হয় এবং এ বিষয়ে বিশ্ব ব্যাংকের অনাপত্তি গ্রহণ করা হয়। ৫ সদস্য বিশিষ্ট প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হয়। প্রস্তাব মূল্যায়ন কমিটিতে ২ জন বহিঃসদস্য ছিল। পিপিআর ২০০৮ অনুযায়ী প্রস্তাব মূল্যায়ন কমিটি যথাযথ ছিল। Short list ভূক্ত ৩টি প্রতিষ্ঠানের অনুকূলে বিগত ০৯-০১-২০১১ তারিখে RFP ইস্যু করা হয়। কারিগরী ও আর্থিক প্রস্তাব মূল্যায়নে সর্বোচ্চ স্কোর অর্জনকারী প্রতিষ্ঠান Norwegian Institute for Air Research (NILU), Norway এর সাথে প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক নেগোসিয়েশন করে Foreign Currency NoK 2,216,720.00 এবং Local Currency BDT 17,682,078.00 এ খসড়া চুক্তি সম্পাদন করা হয়। বিশ্ব ব্যাংকের অনাপত্তি গ্রহণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে Norwegian Institute for Air Research (NILU), Norway এর সাথে ১৯-০২-২০১২ তারিখ চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়।

ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) অঞ্চাঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তি মূল্য		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)
Construction of Sidewalk & Road Improvement Tejgaon area DCC W4	১৫ জুলাই ১১	১৪/০৭/১১	ওটিএমএন	ওটিএমএন	মন্ত্রণালয়	মন্ত্রণালয়	২৮১০.৩৩	২৮১০.০০	৬ ফেব্রুয়ারী ১২	৬/০২/১২	০৭/০২/১৩	২০/০৪/১৩	২ মাস	
Design, Supervision and Monitoring DSM) Consultancy Services for DCC transport infrastructure component under Clean Air and Sustainable Environment (CASE) Project (Package# DCC S 3)	মে ০৯	০২/০৪/০৯	কিউসিবিএস	কিউসিবিএস	সিসিজিপি	সিসিজিপি	২১৬২.০৫	২১৬২.০০	অক্টোবর ১০	০৫/১০/১০	জুন ২০১৬	৩০/০৬/১৬	-	
Construction of Sidewalk & Road Improvement in Old/Southern Dhaka DCC-W2A	৯ নভেম্বর ১২	৯/১১/১২	ওটিএমএন	ওটিএমএন	হোপ	হোপ	২২২৮.০১	২২২৮.০০	১৭ ফেব্রুয়ারী ১৩	১৭/০২/১৩	০৯/০১/১৪	৩০/০৩/১৫	১২ মাস	

তথ্যসূত্রঃ ঢাকা সিটি কর্পোরেশন

কেস স্টাডি

ঢাকা সিটি করপোরেশন অঙ্গঃ

১) Construction of Sidewalk & Road Improvement Tejgaon area DCC W4

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রনমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ১৭/০৭/২০১১ইং তারিখে দৈনিক ইত্তেফাক ১৬/০৭/২০১১ দৈনিক যুগান্তর, ১৫/০৭/২০১১ ইংরেজী দৈনিক The Daily Star পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়। দরপত্রটি ২টি বাংলা দৈনিক এবং ১টি ইংরেজী দৈনিক পত্রিকায় দরপত্র আহ্বান করা হয়, যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। এছাড়াও দরপত্রটি সিপিটিইউ, ঢাকা সিটি করেপারেশন এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। দরপত্র বিক্রয় শুরুর তারিখ ১৭-০৭-২০১১ এবং শেষ তারিখ ২৪-০৮-২০১১ দরপত্র গ্রহণ ও খোলার শেষ তারিখ, অর্থাৎ ২৪-০৮-২০১১ ইং তারিখে মোট ০৭টি দরপত্র গৃহীত হয়। বিক্রিত দরপত্রের সংখ্যা ছিল ১৪টি। নিয়ম অনুযায়ী মূল্যায়ন কমিটি গঠিত হয়। সাত সদস্য বিশিষ্ট কমিটিতে ২জন বহিঃসদস্য ছিল। কমিটির সভা নিয়মানুযায়ী অনুষ্ঠিত হয়। মূল্যায়নান্তে মাত্র ৬টি দরপত্র রেসপনসিভ হয় এবং ১টি ননরেসপনসিভ হয়। NOA প্রদান এর তারিখ ছিল ১৫-০১-২০১২। যাচাই বাছাইকালে ঠিকাদার প্রতিষ্ঠান তাদের দরপত্র প্রস্তাবের সাথে যে সমস্ত কাগজপত্র দাখিল করেছিল, যেমন: ব্যাংক সল্ভেন্সি সার্টিফিকেট, ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট ইত্যাদি সংশ্লিষ্ট ব্যাংক/দপ্তরে পত্র প্রেরণ/টেলিফোন যোগে Authentication করা হয়। যথাযথ অনুমোদন প্রক্রিয়াকরণ শেষে ০৬-০২-২০১২ইং তারিখে MBEL & UDC JV এর সঙ্গে ২৮১০.৩৩ লক্ষ টাকার চুক্তি সাক্ষরিত হয়।

২) Design, Supervision and Monitoring (DSM) Consultancy Services for DCC transport infrastructure component under Clean Air and SustainableEnvironment (CASE) Project (Package# DCC S 3)

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রণমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কিউসিবিএস পদ্ধতিতে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আইডিএ'র ছাড়পত্র ও ক্রয় কার্যলয় প্রধানের (হোপ) অনুমোদনের প্রেক্ষিতে ১৫/০৮/২০০৮ ইং তারিখে দৈনিক নয়া দিগন্ত, ১৮/০৮/২০০৮ ইং তারিখে দৈনিক যুগান্তর, ১৪/০৮/২০০৮ ইং তারিখে ইংরেজী দৈনিক The Daily Star পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়। দরপত্রটি ২টি বাংলা দৈনিক এবং ১টি ইংরেজী দৈনিক পত্রিকায় দরপত্র আহ্বান করা হয়, যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। এছাড়াও দরপত্রটি সিপিটিইউ, ইউএনডিবি, ডিজি মার্কেট জার্নাল ও ঢাকা সিটি করেপারেশন এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। দরপত্র বিক্রয় শুরুর তারিখ ১৮-০৮-২০০৮ এবং শেষ তারিখ ৩০/১২/২০০৮ তারিখে মোট ০৬ টি দরপত্র গৃহীত হয়। বিক্রিত দরপত্রের সংখ্যা ছিল ১২টি। নিয়ম অনুযায়ী মূল্যায়ন কমিটি গঠিত হয়। সাত সদস্য বিশিষ্ট কমিটিতে ২জন বহিঃসদস্য ছিল। কমিটির সভা নিয়মানুযায়ী অনুষ্ঠিত হয়। ৪ এপ্রিল ২০০৯ তারিখে সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৬টি প্রতিষ্ঠানকে RFP বিতরণ করা হয়। ২০ এপ্রিল ২০০৯ প্রাক-প্রস্তাব বৈঠক অনুষ্ঠিত হয়। ১৪ মে ২০০৯ সর্বশেষ নির্ধারিত তারিখে সকল পরামর্শক প্রতিষ্ঠানই RFP জমাদান করে এবং একই দিন বিকাল ৪.১৫ ঘটিকায় প্রস্তাব দাখিলকারীদের উপস্থিতিতে প্রস্তাব খোলা কমিটি কর্তৃক কারিগরি প্রস্তাব উন্মুক্ত করা হয়। প্রস্তাব খোলার প্রতিবেদন যথাসময়ে বিশ্বব্যাংকের নিকট প্রেরণ করা হয়।

পিপিআর ২০০৮ এর বিধি ৮(৩) অনুযায়ী গঠিত প্রস্তাব মূল্যায়ন কমিটি গুণগতমান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি (Quality and Cost Based Selection) অনুসরণ করে ৬ আগষ্ট ২০০৯ তারিখে সর্বশেষ সভার মাধ্যমে কারিগরি মূল্যায়ন চূড়ান্ত করে। ক্রয় কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনের প্রেক্ষিতে কারিগরি প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন ২৪ আগষ্ট ২০০৯ তারিখে অনাপত্তির জন্য বিশ্বব্যাংকে প্রেরণ করা হয়। ৪ সেপ্টেম্বর ২০০৯ তারিখে বিশ্বব্যাংকের অনাপত্তি পাওয়া যায়। প্রস্তাবটির বৈধতার মূল মেয়াদ ১৪/১১/২০০৯ পর্যন্ত ছিল। QCBS (Quality & Cost Based Selection) পদ্ধতিতে অনুমোদন প্রক্রিয়ায় বিভিন্ন স্তর/ধাপ সম্পন্নের ক্ষেত্রে অধিক সময়ের প্রয়োজনে প্রস্তাব বৈধতার

মেয়াদ ১১/১০/২০১০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সমন্বিত (combined) মূল্যায়ন প্রতিবেদন ও খসড়া চুক্তি ক্রয় কার্যালয়ের প্রধানের অনুমোদনের প্রেক্ষিতে সর্বোচ্চ score অর্জনকারী Minconsult Sdn Bhd, Malaysia Joint Venture with Modern Engineers Planners & Consultant Ltd., Bangladesh এর সাথে বৈদেশিক মূদ্রায় ১০,২৮,৮৯২ মার্কিন ডলার এবং করসহ স্থানীয় মূদ্রায় ৮,৬৩,৮৮,৩৬৮ টাকায় চুক্তি স্বাক্ষরের জন্য ২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে আইডিএ'র অনাপত্তি পাওয়া যায়। যথাযথ অনুমোদন প্রক্রিয়াকরণ শেষে প্রকল্প কাজের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য ৫৮ বৈদেশিক জন মাস ও ৬৭৪ স্থানীয় জান মাস সহ সর্বমোট ৭৩২ জন মাস সংস্থান রেখে ৩ বৎসর মেয়াদে বৈদেশিক মূদ্রায় ১০,২৮,৮৯২ মার্কিন ডলার এবং স্থানীয় প্রায় ৮,৬৩৮৬৮ টাকা (ভ্যাট ও আয়কর ১,৫৬,৬৭,৭৮০/=) অর্থাৎ সর্বমোট ১৫,৭৭,৯৩,৪৭৩/- টাকায় "Minconsult Sdn. Bhd, Malaysia JV with Modern Engineers Planners & Consultant Ltd., Bangladesh" চুক্তি স্বাক্ষরিত হয়।

৩) Construction of Sidewalk & Road Improvement in Old/Southern Dhaka DCC-W2A

ক্লিন এয়ার এন্ড সাসটেইনেবল এনভায়রণমেন্ট (কেস)-প্রজেক্ট-এর আওতায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে NCB পদ্ধতিতে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ০১/১১/২০১৪ইং তারিখে দৈনিক সমকাল, ৩০/১০/২০১৪ দৈনিক জনকণ্ঠ, এবং ইংরেজী দৈনিক The Daily Observer পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়। দরপত্রটি ২টি বাংলা দৈনিক এবং ১টি ইংরেজী দৈনিক পত্রিকায় দরপত্র আহ্বান করা হয়, যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। এছাড়াও দরপত্রটি সিপিটিইউ, ঢাকা সিটি করেপারেশন এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। দরপত্র বিক্রয় শুরুর তারিখ ৩০-১০-২০১৪ এবং শেষ তারিখ ০৪-১২-২০১৪ দরপত্র গ্রহণ ও খোলার শেষ তারিখ, অর্থাৎ ০৪-১২-২০১৪ ইং তারিখে মোট ০৪ টি দরপত্র গৃহীত হয়। বিক্রিত দরপত্রের সংখ্যা ছিল ১২টি। নিয়ম অনুযায়ী মূল্যায়ন কমিটি গঠিত হয়। সাত সদস্য বিশিষ্ট কমিটিতে ২ জন বহিঃসদস্য ছিল। কমিটির সভা নিয়মানুযায়ী অনুষ্ঠিত হয়। মূল্যায়নান্তে মাত্র ৪টি দরপত্র রেসপনসিভ হয় । NOA প্রদান এর তারিখ ১৭.০২.২০১৩। যাচাই বাছাইকালে ঠিকাদার প্রতিষ্ঠান তাদের দরপত্র প্রস্তাবের সাথে যে সমস্ত কাগজপত্র দাখিল করেছিল, যেমন: ব্যাংক সল্ভেন্সি সার্টিফিকেট, ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট ইত্যাদি সংশ্লিষ্ট ব্যাংক/দপ্তরে পত্র প্রেরণ/টেলিফোন যোগে Authentication করা হয়। যথাযথ অনুমোদন প্রক্রিয়াকরণ শেষে ফেব্রুয়ারী ২০১৫ইং তারিখে Apollo Engineering Ltd. Dhaka এর সঙ্গে ৫,৮২,০২,৫৯৯.৫০টাকার চুক্তি সাক্ষরিত হয়।

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশ অথরিটি (ডিটিসিএ) অঙ্গঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তি মূল্য		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধির পরিমাণ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)
BRT Feasibility Study (Package # DTCB-S**1**)	১২অক্টো ২০০৯	১২অক্টো ২০০৯	কিউসিবিএস	কিউসিবিএস	মন্ত্রণালয়	মন্ত্রণালয়	১০৩০.০০	৯২৯৩.২৫	১০ মার্চ ২০১১	১০ মার্চ ২০১১	৭ এপ্রিল ২০১২	৭ এপ্রিল ২০১২	-	-
BRT Dhaka bus Network and regulatory reform implementation study and design work (Package # DTCB- S**3**)	২৫ এপ্রিল ২০১০	২৯ এপ্রিল ২০১০	কিউসিবিএস	কিউসিবিএস	মন্ত্রণালয়	মন্ত্রণালয়	৬৭৫.০০	৬১০.০০	১৩ এপ্রিল ২০১১	১৩ এপ্রিল ২০১১	১২ জানু: ২০১৩	৩১ জানুয়ারি ২০১৫ইং	২৪ মাস	-

তথ্যসূত্রঃ ডিটিসিএ

কেস স্টাডি

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) অঙ্গঃ

১. নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (Clean Air & Sustainable Environment) প্রকল্পের ডিটিসিবি/ ডিটিসিএ অংশের BRT Feasibility Study (প্যাকেজ নং DTCB-S1) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ

পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগকল্পে ইউএনডিবি (UNDB), ডিজি মার্কেট (dg market) জার্নাল, সিপিটিইউ ও ডিটিসিবি'র ওয়েব সাইটে আগ্রহ ব্যক্তকরণের (Expression of Interest) অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। প্রাপ্ত তালিকা (Short listing) প্রস্তুতকরণের ক্ষেত্রে আইডিএ'র ছাড়পত্র ও ক্রয় কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনের প্রেক্ষিতে দি ডেইলি স্টার (১২/১০/২০০৯), দৈনিক ইত্তেফাক ২৯/১০/২০০৯), ইউএনডিবি (UNDB), ডিজি মার্কেট (dg market) জার্নাল, সিপিটিইউ ও ডিটিসিবি/ ডিটিসিএর ওয়েব সাইটে আগ্রহ ব্যক্তকরণের (Expression of Interest) অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। মোট ২৬টি পরামর্শক প্রতিষ্ঠান নির্ধারিত সময়সীমার মধ্যে Expression of Interest (EOI) জমা দেয়। আইডিএ নীতিমালা অনুসরণে মূল্যায়নের ভিত্তিতে geographically ৬টি প্রতিষ্ঠানকে Short listed করার প্রস্তাব ১৭/০১/২০১০ তারিখে অনাপত্তির জন্য বিশ্বব্যাংকে প্রেরণ করা হয়। ১১/০৪/২০১০ তারিখে ৬টি পরামর্শক প্রতিষ্ঠানের অনুকুলে আইডিএ অনাপত্তি প্রদান করেছে।

পরবর্তীতে ০১/০৪/২০১০ তারিখে খসড়া প্রস্তাব দলিল (Request for Proposal) আইডিএ'র অনাপত্তির জন্য বিশ্বব্যাংকে প্রেরণ করা হয় এবং ১১/০৪/২০১০ তারিখ আইডিএ'র অনাপত্তি পাওয়া যায়। ১৫ এপ্রিল ২০১০ তারিখে সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৬টি প্রতিষ্ঠানকে RFP বিতরণ করা হয়। ০৩/০৬/২০১০ সর্বশেষ নির্ধারিত তারিখে এটি পরামর্শক প্রতিষ্ঠান RFP জমাদান করে এবং একই দিন বিকাল ৩.৩০ ঘটিকায় প্রস্তাব দাখিলকারীদের উপস্থিতিতে প্রস্তাব খোলা কমিটি কর্তৃক কারিগরি প্রস্তাব উন্মুক্ত করা হয়। প্রস্তাব খোলার প্রতিবেদন যথাসময়ে বিশ্বব্যাংকের নিকট প্রেরণ করা হয়। কারিগরী প্রস্তাব উন্মুক্ত করার পর পিপিআর ২০০৮ এর বিধি ৮(৩) অনুযায়ী গঠিত প্রস্তাব মূল্যায়ন কমিটির ধারাবাহিক সভা অনুষ্ঠিত হয়। পরামর্শক নিয়োগের ক্ষেত্রে গুনগতমান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি (Quality and Cost Based Selection) অনুসরণ করতঃ ১৫ জুন ২০১০ তারিখে সর্বশেষ সভার মাধ্যমে প্রস্তাব মূল্যায়ন কমিটি কারিগরি মূল্যায়ন চূড়ান্ত করে। ক্রয় কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনের প্রেক্ষিতে কারিগরি প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন ২২ জুন ২০১০ তারিখে অনাপত্তির জন্য বিশ্বব্যাংকে প্রেরণ করা হয়। ৩০ সেপ্টেম্বর ২০১০ তারিখে আইডিএ এর অনাপত্তি পাওয়া যায়। কারিগরিভাবে উত্তীর্ণ ২টি পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে প্রস্তাব খোলা কমিটি কর্তৃক ০৬/১০/২০১০ তারিখে আর্থিক প্রস্তাব খোলা হয়। সংক্ষিপ্ত তালিকভুক্ত ২টি পরামর্শক প্রতিষ্ঠানের আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক কারিগরী ও আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন (Combined Evaluation Report) প্রস্তুত করা হয়। প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশ অনুয়ায়ী সর্বোচ্চ স্কোর অর্জনকারী Advanced logistics Group, Spain এর সাথে ২০, ২৮ অক্টোবর এবং ০৪ নভেম্বর ২০১০ নিগোসিয়েশন হয় এবং ১১ নভেম্বর ২০১০ যৌথভাবে Minutes of Negotiation ও Draft Contract স্বাক্ষরিত হয়।

সমন্বিত (combined) মূল্যায়ন প্রতিবেদন ও খসড়া চুক্তি ক্রয় কার্যালয়ের প্রধানের অনুমোদনের প্রেক্ষিতে অনাপত্তির জন্য ১৫ নভেম্বর ২০১০ তারিখে বিশ্বব্যাংকে প্রেরন করা হয়। Advanced Logistics Group, Spain এর সাথে বৈদেশিক মূদ্রায় ১০৬৯৭৫০ মার্কিন ডলার এবং করসহ স্থানীয় মুদ্রায় ৯২৯৩৪৫৩১.২৫ টাকায় চুক্তি স্বাক্ষরের জন্য ২৪ নভেম্বর ২০১০ তারিখে আইডিএ'র অনাপত্তি পাওয়া যায় এবং ১০ মার্চ ২০১১ ইং তারিখে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয় ।

২. নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (Clean Air & Sustainable Environment) প্রকল্পের ডিটিসিবি/ ডিটিসিএ অংশের BRT Dhaka bus Network and regulatory reform implementation study and design work (প্যাকেজ নং- DTCB- S3) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্ম অনুমোদন সংক্রান্ত।

নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (Clean Air & Sustainable Environment) প্রকল্পের ডিটিসিবি/ **ডিটিসিএ** অংশের BRT Dhaka bus Network and regulatory reform implementation study and design work (প্যাকেজ নং DTCB-S3) এর জন্য ২৯/০৪/২০১০ ইং তারিখে দ্যা স্টার বিজনেস পত্রিকায় এবং ০১/০৫/২০১০ ইং তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায়, সিপিটিইউ ও ডিটিসিবি'র/ ডিটিসিএ'র ওয়েব সাইটে আগ্রহ ব্যক্তকরণের Expression of Interest (EOI) অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। ইওআই জমাদানের শেষ তারিখ ছিল ২৬/০৫/২০১০। ইওআই জমাদানের শেষ তারিখ পর্যন্ত মোট ১৩টি EOI গৃহিত হয়। নিয়ম অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয়। নিয়ম অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটির সভা যথানিয়মে অনুষ্ঠিত হয়। সাত সদস্য বিশিষ্ট কমিটিতে ২ জন বহিঃসদস্য ছিল। মূল্যায়ন কমিটির সভা যথানিয়মে অনুষ্ঠিত হয় এবং মূল্যায়ানের মাধ্যমে ৬টি প্রতিষ্ঠানকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করে তা বিশ্বব্যাংক এর অনাপত্তির জন্য প্রেরণ করা হয় এবং ২৭ জুলাই ২০১০ইং তারিখে বিশ্বব্যাংক তাতে অনাপত্তি প্রদান করে। তারপর সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৬টি প্রতিষ্ঠানকে আরএফপি ডকুমেন্ট প্রদান করা হয়। সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৬টি প্রতিষ্ঠানের মধ্যে তিনটি প্রতিষ্ঠান কারিগরি ও আর্থিক প্রস্তাব দাখিল করে। তিনটি প্রতিষ্ঠানের মধ্যে একটি প্রতিষ্ঠান নিজেদের প্রস্তাব প্রত্যাহার করে। যার ফলে দুইটি প্রতিষ্ঠানের কারিগরি প্রস্তাব মূল্যায়ন করা হয় এবং উভয়েই রেসপনসিভ হয় এবং মূল্যায়ন প্রতিবেদন বিশ্বব্যাংকের অনাপত্তির জন্য প্রেরণ করা হয়। বিশ্বব্যাংকের অনাপত্তি সাপেক্ষে রেসপনসিভ পরামর্শক প্রতিষ্ঠানসমুহের আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়। সার্বিক মূল্যায়নে Advanced Logistics Group, Spain মূল্যায়নে উর্ত্তীন হয় এবং তাদের NOA প্রদান করা হয়। Advanced Logistics Group, Spain এর সংঙ্গে ৬১০৪৪১৭৯.৪১ কোটি টাকা চুক্তিমূল্যে ১৩ এপ্রিল ২০১১ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি অনুযায়ী কাজটি শেষ হওয়ার কথা ছিল ১২ জানুয়ারি ২০১৩ইং তারিখে । বাস্তবে কাজটি শেষ করতে সময় লাগে ৩১ জানুয়ারি ২০১৫ইং পর্যন্ত। বাস্তবে প্রায় ২ বছর সময় বেশি ব্যয় হয়।

৩.৭ প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য

নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত) প্রকল্পটির পরিবেশ অধিদপ্তর অংশে বহিঃস্থ অডিট (External Audit) করা হয়েছে। পিসিআর পর্যালোচনা দেখা যায় অভ্যন্তরীন কোনো অডিট করা হয়নি। পরিবেশ অধিদপ্তর অংশে External Audit আপত্তি উত্থাপন করা হয়েছে ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে যা নিষ্পত্তি হয়েছে। সিটি কর্পোরেশন অংশে ২০১৮-১৯ নিরীক্ষার অর্থবছরে ছাড়া সকল অর্থবছরে অডিট আপত্তি ছিল যা নিষ্পত্তি হয়েছে। নিম্নে সারণীর মাধ্যমে বহিঃস্থ অডিট (External Audit) এর তথ্যাদি সন্নিবেশিত করা হলোঃ-

পরিবেশ অধিদপ্তর অংশ

বহিঃস্থ নিরীক্ষা

নিরীক্ষার অর্থবছর	প্রতিবেদন দাখিলের তারিখ	আপত্তি	নিষ্পত্তির অবস্থা
২০০৯-২০১০	৩০-১২-২০১০	আপত্তি নেই	-
২০১০-২০১১	২৬-০৮২০১১	আপত্তি নেই	-
২০১১-২০১২	৩১-১২-২০১২	আপত্তি নেই	-
২০১২-২০১৩	৩১-১২-২০১৩	আপত্তি নেই	-
২০১৩-২০১৪	২৯-১২-২০১৪	আপত্তি নেই	-
২০১৪-২০১৫	৩১-১২-২০১৫	আপত্তি নেই	-
২০১৫-২০১৬	২২-১২-২০১৬	আপত্তি নেই	-
২০১৬-২০১৭	৩১-১২-২০১৭	আপত্তি নেই	-
২০১৭-২০১৮	২০-১২-২০১৮	৪৪০০০০ টাকার বিমান টিকিট দরপত্র	

নিরীক্ষার অর্থবছর	প্রতিবেদন দাখিলের তারিখ	আপত্তি	নিষ্পত্তির অবস্থা
		ছাড়া ক্রয় করা হয়	
২০১৮-২০১৯		**প্রথম অংশ** ৫০০০০০০ টাকা বকেয়া ব্যয়ের পরিমাণ অতিরিক্ত হিসাবে দেখানো আর্থিক বিবরণী **দ্বিতীয় অংশ** ঠিকাদারকে অতিরিক্ত ইউনিট ওজন দেখিয়ে ৩১৭,৪১৫.৫০ টাকার অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছে। ঠিকাদারকে অতিরিক্ত বোরিং এর জন্য ২২৩৯১০.৪১ টাকার অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছে। চুক্তি অনুযায়ী ঠিকাদার বিমা করেনি। টেন্ডার তফসিলের বিক্রয় আয় ১৩৩০০০ সরকারের কাছে জমা করা হয়নি। নন রেস্পন্সিভ বিডারকে ওয়ার্ক অর্ডার দেয়া হয়েছে।	নিষ্পত্তি হয়েছে।

সূত্রঃ পিসিআর

সিটি কর্পোরেশন অংশ

নিরীক্ষার অর্থবছর	প্রতিবেদন দাখিলের তারিখ	আপত্তির সংখ্যা	নিষ্পত্তির অবস্থা
২০০৯-১০ ২০১০-১১	১৩/০৩/২০১৪	৪	নিষ্পত্তি করা হয়েছে
২০১১-১২	০৬/১১/২০১৬	৭	নিষ্পত্তি করা হয়েছে
২০১২-১৩	১৪/০১/২০১৫	৯	নিষ্পত্তি করা হয়েছে
২০১৩-১৪	১২/০৬/২০১৬	৫	নিষ্পত্তি করা হয়েছে
২০১৮-১৯	-	-	নিষ্পত্তি করা হয়েছে
২০১৭-১৮	২০/১২/২০১৮	৬	নিষ্পত্তি করা হয়েছে
২০১৬-১৭	৩১/১২/২০১৭	৩	নিষ্পত্তি করা হয়েছে
২০১৫-১৬	২৯/১২/২০১৬	৩	নিষ্পত্তি করা হয়েছে
২০১৪-১৫	২৭/১২/২০১৫	৮	নিষ্পত্তি করা হয়েছে
২০১৩-১৪	২৯/১২/২০১৪	৫	নিষ্পত্তি করা হয়েছে
২০১২-১৩	১২/১২/২০১৩	২	নিষ্পত্তি করা হয়েছে
২০১১-১২	১৬/১০/২০১২	২	নিষ্পত্তি করা হয়েছে
২০১০-১১	২৯/১২/২০১১	৪	নিষ্পত্তি করা হয়েছে
২০০৯-১০	৩১/১২/২০০৯	২	নিষ্পত্তি করা হয়েছে

সূত্রঃ পিসিআর

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ)

নিরীক্ষার অর্থবছর	প্রতিবেদন দাখিলের তারিখ	প্রধান প্রধানআপত্তিসমূহ	নিস্পত্তির অবস্থা
২০১০-১১	২৮.১২.২০১১	১. ভ্যাট কম কাটার কারণে সরকারের রাজস্ব ক্ষতির পরিমাণ টাকা ৮৯৬৫ ২. ব্যাংক সুদের টাকা ৫৮৭৭২৯ সরকারি অ্যাকাউন্টে জমা হয়নি। ৩. ভ্যাট এবং আয়কর জমাকৃত ট্রেজারি চালান যাচাই করা হয়নি।	নিষ্পত্তি করা হয়েছে
২০১১-১২	২০.১২.২০১২	বীমা কভারেজ না থাকার কারণে চুক্তির শর্ত পালন করা হয়নি।	নিষ্পত্তি করা হয়েছে
২০১২-১৩	৩১.১২.২০১৩	১. চুক্তির শর্ত অনুযায়ী বীমা করা হয়নি। ২. সচেতনতা প্রচারণা এবং RDPP এর বাইরে কারিগরি পরামর্শকের জন্য চুক্তি প্রদান করা হয়েছে।	নিষ্পত্তি করা হয়েছে
২০১৩-১৪	২৩.১২.২০১৪	বীমা কভারেজের ৮৩২৬২৫০ টাকা পরামর্শক দ্বারা প্রদান করা হয়নি	নিষ্পত্তি করা হয়েছে
২০১৪-১৫	৩১.১২.২০১৫	প্রকল্প কর্তৃপক্ষের অফিস সরঞ্জাম সরবরাহের জন্য ৩০-০৯-২০১৪ তারিখে M/S আমিন এন্টারপ্রাইজকে ১০৬১৮০০ টাকা প্রদান করা হয়েছে। কিন্তু ভ্যাটের পরিমাণ টাকা (১০৬৭৮০০ * ৪%) = ৪২৪৭২ সরবরাহকারীদের বিল পরিশোধ থেকে কাটা হয়নি	নিষ্পত্তি করা হয়েছে
২০১৫-১৬	২০.১২.২০১৬	পরিশোধযোগ্য খরচ হিসাবে পরামর্শককে ২৮৩১১০০০ টাকা পেমেন্ট করা হয়েছে কিন্তু নথিপত্র নিরীক্ষার জন্য সরবরাহ করা হয়নি।	নিষ্পত্তি করা হয়েছে
২০১৬-১৭	২০.১২.২০১৭	প্রকল্পের অব্যয়িত ৪৮৫৪৬৮৭.৬৪ টাকা প্রকল্প শেষ হওয়ার পর সমর্পণ করা হয়নি। প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট (পিসিআর) এর অ-ব্যয়িত ব্যালেন্স এবং ফিনান্সিয়াল স্টেটমেন্টের ক্লোজিং ব্যালেন্সের মধ্যে পার্থক্য ১৫২০০০টাকা।	নিষ্পত্তি করা হয়েছে

সূত্রঃ পিসিআর

৩.৮ প্রকল্পের উদ্দেশ্য অর্জন

পরিবেশ অধিদপ্তর

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হল বায়ু দূষণ হ্রাস এবং ইট সেক্টরে জ্বালানি সাশ্রয়ী দক্ষ প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে সুবিধা সৃষ্টি করার লক্ষ্যে মূল দূষণকারী খাতগুলিতে টেকসই পরিবেশগত উদ্যোগ (SEIs) গ্রহণকে তরান্বিত করা এবং ইট তৈরি করা। পরিবহন ও ইট তৈরির শিল্পে SEI পরিকল্পনা, নিরীক্ষণ, নিয়ন্ত্রণ এবং বাস্তবায়নের ক্ষমতা জোরদার করা। ইট তৈরি শিল্প হতে দূষিত গ্যাস ও বস্তুকণার নিঃসরণ কমানো	প্রকল্পের মাধ্যমে একটি বড় উন্নয়ন হয়েছে। উন্নত ইট ভাটা প্রযুক্তির নকশা প্রণয়ন করা হয়েছে, যা দেশের ০৮টি জেলায় প্রদর্শিত হয়েছে। নির্গমণ পর্যবেক্ষণ এবং ইট ভাটা শিল্পের ক্ষতিকর প্রভাব মূল্যায়ন করা হয়েছে। এই সমীক্ষার উপর ভিত্তি করে, ইট উৎপাদন ও ভাটা স্থাপন আইন -2013 (সংশোধিত 2018) গৃহীত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় প্রণীত নকশা ও আইন অনুসারে দেশের সকল ইট ভাটা পরিবেশ বান্ধব পদ্ধতিতে পরিচালিত হচ্ছে যার ফলে পরিবেশ দূষণ হ্রাস পেয়েছে এবং পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়েছে। যানবাহন খাতে, বিদ্যমান

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
	যানবাহন নির্গমণ দৃশ্যকল্প পরিমাপ করা হয়েছে। যানবাহনের নির্গমণ মানগুলির সংশোধন প্রস্তাব করা হয়েছে; মান প্রয়োগের একটি প্রক্রিয়াও প্রস্তুত করা হয়েছে এবং প্রস্তাব করা হয়েছে।
প্রকল্পের মেয়াদ শেষে 20%-30% পরিচ্ছন্ন জ্বালানী প্রযুক্তি গ্রহণ করে প্রতি ইট ভাটায় PM নির্গমণ হ্রাস করা;	প্রদর্শিত প্রযুক্তিগুলি থেকে PM নির্গমনের হার প্রচলিত পুরানো প্রযুক্তি (FCK) থেকে 50% এর বেশি হ্রাস পেয়েছে বলে প্রকল্পের আওতায় সমীক্ষায় পাওয়া যায়।
ইট তৈরি শিল্প হতে দূষিত গ্যাস ও বস্তুকণার নিঃসরণ কমানো	প্রকল্পের আওতায় উন্নত ইট ভাটা প্রযুক্তির প্রণয়ন ও অনুসরণ বাধ্যতামূলক করায় ইট তৈরি শিল্প হতে দূষিত গ্যাস ও বস্তুকণার নিঃসরণ অনেকাংশে হ্রাস পেয়েছে। সরেজমিন পরিদর্শন ও ইট ভাটা এলাকার মানুষের সঙ্গে আলোচনা করে এ বিষয়ে তথ্য পাওয়া যায়।
পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি	প্রকল্পের আওতায় পরিবেশ অধিদপ্তর ভবন ও বিভিন্ন স্থানে (CAMS) স্থাপনের ফলে পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক ও কারিগরি সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ)

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা

ডিপিপির উদ্দেশ্য অনুযায়ী	প্রকৃত অর্জন
পরিবহণ ও ইট তৈরির শিল্পে SEI পরিকল্পনা নিয়ন্ত্রণ ও বাস্তবায়নের মনিটর করার ক্ষমতা জোরদার করা, যানজট কমানো	পরিবহণ ও ইট তৈরির শিল্পে SEI পরিকল্পনা নিয়ন্ত্রণ ও বাস্তবায়নের মনিটর করার ক্ষমতা জোরদার হয়েছে। যানজট হ্রাস পেয়েছে।
বিভিন্ন প্রকল্প উপাদান বাস্তবায়ন সক্ষমতা বৃদ্ধি করা	পথচারীর ফুটওভার ব্রীজ ও ফুটপাত ব্যবহার বৃদ্ধি পেয়েছে।

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ)

প্রকল্পের ডিটিসিএ অঙ্গের উদ্দেশ্য অর্জনের অবস্থা

ডিপিপির উদ্দেশ্য অনুযায়ী	প্রকৃত অর্জন
বিদ্যমান বাস অপারেশন ব্যবস্থার সংস্কারের ভিত্তি রচনা করা এবং ঢাকা শহরের Strategic Transport Plan (STP) এর সাথে সামঞ্জস্য রেখে Mass Transit বিশেষত: Bus Rapid Transit চালু করা	ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক সমীক্ষা, প্রাক-সম্ভাব্যতা যাচাই ও সম্ভাব্যতা যাচাইয়ের ওপর ভিত্তি করে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) মাধ্যমে ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। একইভাবে, বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রবর্তনের লক্ষ্যে, বাস্তবায়নকারী রূপে ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট (ডিবিআরটি) কোম্পানিও গঠন করা হয়েছে। উল্লেখ্য যে, ডিটিসিএ আইনের বলে ডিএমটিসিএল ও ডিবিআরটি কোম্পানিসমূহ গঠিত হয়েছে এবং ডিটিসিএ, মেট্রোরেল ও বিআরটি'র কর্তৃপক্ষও বটে। এছাড়া, ঢাকা মহানগরীতে মেট্রো রেল ও বিআরটির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে

ডিপিপির উদ্দেশ্য অনুযায়ী	প্রকৃত অর্জন
	মেট্রো রেল আইন ও বিআরটি আইনও প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে এমআরটি লাইন-৬ এর উদ্বোধন করা হয়েছে এবং শীঘ্রই বিআরটি লাইন-৩ এর নির্মাণ কার্য সম্পন্ন হবে। এর পাশাপাশি ডিটিসিএ, এমআরটি লাইন-১, এমআরটি লাইন-৫ (উত্তর ও দক্ষিণাংশ) এবং বিআরটি লাইন-৭ এর সম্ভাব্যতা যাচাই সমীক্ষা সম্পন্ন করেছে। এছাড়া, সম্প্রতি একটি প্রকল্পের মাধ্যমে ঢাকা মহানগরীর সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা তথা রিভাইজড স্ট্র্যাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (আরএসটিপি) হালনাগাদকরণের কাজ চলমান আছে।
বাস সেক্টরের সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপন করা	স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং-৪৬.০৭০.০৫৪.০০.০০.০৭২.১১ (অংশ-১).১১৩৫, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০১৮ মারফত মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহবায়ক করে ১০ সদস্য বিশিষ্ট ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার নিমিত্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে ডিটিসিএ সাচিবিক দায়িত্ব পালন করে আসছে। গত ০৯/০৫/২০২৩ তারিখ পর্যন্ত কমিটির ২৭টি সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ (ক) ঢাকা মহানগরীর যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রয়াত মেয়র জনাব আনিসুল হক কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ বিবেচনায় নিয়ে এতদ্সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয় করা; (খ) সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনার মাধ্যমে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন করা; (গ) Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের রোড ম্যাপসহ সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করা; (ঘ) বর্ণিত বিষয়ের সাথে সম্পৃক্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা; (ঙ) কমিটির কার্যক্রমের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিতভাবে অবহিত করা; (চ) উক্ত কমিটি এর ওপর অর্পিত দায়িত্ব বাস্তবায়ন, তদারকি ও সমন্বয়ের ক্ষেত্রে যে কাউকে কো-অপ্ট করতে পারবে। কমিটির সিদ্ধান্ত মোতাবেক মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক গত ২৬/১২/২০২১ তারিখে ২১ নং রুটের ঘাটারচর-মোহাম্মদপুর-জিগাতলা-প্রেসক্লাব-মতিঝিল--যাত্রাবাড়ী-কাঁচপুর নমুনা যাত্রাপথে “ঢাকা নগর পরিবহন” শীর্ষক বাস সেবা পরিচালনা শুরু করা হয়েছে। উক্ত সেবায় প্রাথমিকভাবে বিআরটিসির ৩০টি দ্বিতল বাস, ট্রান্স সিলভা পরিবহনের ২০টি বাসসহ মোট ৫০টি বাস চলাচল করছে। ৯টি ক্লাস্টারের মাঝে গ্রিন ক্লাস্টারে বিদ্যমান মোট ৫৪টি রুটকে সমন্বয় করে ৮টি রুটে পরিণত করা হয়েছে যাদের রুট নং ২১ হতে ২৮। এর মাঝে ২১ নং রুটটি গত ২৬/১২/২০২১ তারিখে

ডিপিপির উদ্দেশ্য অনুযায়ী	প্রকৃত অর্জন
	পাইলট রুট হিসেবে উদ্বোধন করা হয়। গত ১৩/১০/২০২২ এ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক আরো দুইটি (২২ ও ২৬ নং) রুটের বাস চলাচল উদ্বোধন করা হয়। ২২ নং রুটে ৫০টি বাস ২৬ নং রুটে ৫০টি বাস চলছে। পর্যায়ক্রমে ২৩, ২৪, ২৫, ২৬ ও ২৭ নং রুট ৩টি চালু করা হবে। উল্লিখিত কমিটির নির্দেশনা মোতাবেক ডিটিসিএ কর্তৃক বাস রুট রেশনালাইজেশন সংক্রান্ত একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্যগুলো নিম্নরূপঃ নতুন প্রয়োজনীয় সকল ট্রাফিক সার্ভে বিশেষত গণপরিবহণের উপর সার্ভে (অরিজিন-ডেস্টিনেশন, বোর্ডিং-এলাইটিং ইত্যাদি) করা হবে। বাস রুট ও বাসের সংখ্যা চূড়ান্ত করা হবে। প্রতিটি রুটের টপোগ্রাফি করা হবে। পূর্ববর্তী ও নতুন ট্রাফিক সার্ভে হতে প্রাপ্ত তথ্য-উপাত্তসমূহ রিভিউ ও হালনাগাদ করে এর ভিত্তিতে ভবিষ্যৎ ট্রাফিক চাহিদা নিরূপণ করা হবে। প্রয়োজনীয় বাস-বে, বাস-স্টপ, যাত্রী ছাউনি ইত্যাদির নির্মাণের জন্য নকশা করা হবে। বাস পরিচালনার জন্য Intelligent Transportation System (ITS) সমন্বিত কন্ট্রোল সেন্টার গঠনের ধারণা প্রদান। র‍্যাপিড পাসের মাধ্যমে ডিটিসিএ'তে স্থাপিত ক্লিয়ারিং হাউজ ব্যবহার করে ভাড়া আদায়ের ব্যবস্থা করা হবে। বাসের স্পেসিফিকেশন, পুরাতন বাস স্ক্র্যাপিং ও পুনর্বাসন প্রক্রিয়া নির্ধারণ। পরামর্শকগণ ডিপিপি ও টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতে সহায়তা করবে। বাস পরিচালনা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, কোম্পানিসমূহ ও সরকারি প্রতিষ্ঠানের সক্ষমতা অর্জন।
Sustainable Urban Transport বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।	প্রকল্পটির সুপারিশ মোতাবেক ডিটিসিএ, তার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। ২০১৮ সাল হতে ডিটিসিএ'তে ৫ম, ৭ম ও ৯ম গ্রেডে প্রায় ৪০ জন কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। গত ২০১৯-২০২০ সালে প্রথমবারের মতো সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য একটি বার্ষিক কর্মসূচী তৈরি করা হয়। এর প্রেক্ষিতে সে অর্থবছরে ১৯টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এবং ১২টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়। বিশ্বব্যাপী করোনা মহামারীসৃষ্ট পরিস্থিতির কারণে পরবর্তী ২ বছর এ কার্যক্রম ব্যাহত হলেও ২০২২-২০২৩ সাল হতে নিয়মিত এ কার্যক্রম পুনরায় চালু হয়েছে। এছাড়া, বাস রুট রেশনালাইজেশন ও ফ্রাঞ্চাইজ পদ্ধতিতে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে ডিটিসিএ, গণপরিবহন চালকগণের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। ট্রাফিক আইন এবং সড়ক ব্যবহার সম্পর্কে স্কুল শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরির জন্য প্রতি বছর ডিটিসিএ গড়ে ৪টি সভা/সেমিনার আয়োজন করে আসছে। ডিটিসিএ,র একটি ই-লাইব্রেরি প্রতিষ্ঠা করা হয়েছে, যেখানে পরিবহন বিষয়ক আইন, বিধিমালা, নীতিমালা, গাইডলাইন ও ম্যানুয়াল সম্পূর্ণরূপে বিনামূল্যে ডাউনলোড করে ব্যবহার করা যাচ্ছে।

৩.৯ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য

"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের পরিবেশ অধিদপ্তর অংশে মোট তিনজন প্রকল্প পরিচালক এবং সিটি কর্পোরেশনের অংশে মোট ২ জন এবং ডিটিসিএ অংশে ১ জন প্রকল্প পরিচালক জুলাই-২০০৯ হতে জুন-২০১৯ পর্যন্ত প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পর্যায়ক্রমিকভাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের মোট মেয়াদকাল বিবেচনায় প্রকল্প পরিচালক খুব ঘন ঘন পরিবর্তন হয়নি এবং পরিবর্তন যা হয়েছে তাতে প্রকল্প কার্যক্রমের তেমন কোন ব্যাঘাত ঘটেনি। নিম্নে প্রকল্প পরিচালকদ্বয়ের নাম ও মেয়াদকাল দেখানো হলোঃ-

পরিবেশ অধিদপ্তর

প্রকল্প পরিচালকের তথ্য

নাম ও পদবি	পূর্ণকালীন	অতিরিক্ত দায়িত্বে	একাধিক প্রকল্পে নিয়োজিত	তারিখ		মন্তব্য
				যোগদান	বদলি	
ড. মোঃ নাসির উদ্দিন যুগ্ম সচিব,বন ও পরিবেশ মন্ত্রণালয়	০১-০৭-০৯ থেকে ২৬-০৪-২০১৫			০১-০৭-২০০৯	২৬-০৪-২০১৫	অতিরিক্ত ও পূর্ণ দায়িত্ব
মোঃ রাইসুল ইসলাম মণ্ডল মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর				২৭-০৪-২০১৫	১৩-০৬-২০১৫	অতিরিক্ত দায়িত্ব
ড. এস এম মঞ্জুরুল হান্নান খান	১৪-০৬-২০১৫ থেকে ১১-৪-২০১৮	১২-০৪-২০১৮ থেকে ৩০-০৬-২০১৯		১৪-০৬-২০১৫	১১-৪-২০১৮	পূর্ণ দায়িত্ব
				১২-০৪-২০১৮	৩০-০৬-২০১৯	অতিরিক্ত দায়িত্ব

সূত্রঃ পিসিআর

সিটি কর্পোরেশনের অংশ

নাম এবং পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	একাধিক প্রকল্পের দায়িত্বে	সময়		অন্যান্য
				যোগদান	বদলী	
১	২	৩	৪	৫	৬	৭
মো: শিহাব উল্ল্যাহ অতিরিক্ত প্রধান প্রকৌশলী	প্রকল্পের জন্য	না	অতিরিক্ত দায়িত্বে আছেন অন্য দুটি প্রকল্পে	০১/০৭/২০০৯	৩১/০৮/২০১৮	অবসরপ্রাপ্ত
মুহাম্মদ সিরাজুল ইসলাম প্রধান নগর পরিকল্পনাবিদ	প্রকল্পের জন্য	না	অতিরিক্ত দায়িত্বে আছেন অন্য দুটি প্রকল্পে	০১/০৯/২০১৮	৩০/০৬/২০১৯	কর্মরত

সূত্রঃ পিসিআর

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি অংশ

নাম এবং পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	একাধিক প্রকল্পের দায়িত্বে	সময়		অন্যান্য
				যোগদান	বদলী	
১	২	৩	৪	৫	৬	৭
মো: আনিছুজ্জামান	না	হ্যাঁ	না	০১/০৭/২০০৯	প্রকল্প শেষ পর্যন্ত	-

সূত্রঃ পিসিআর

৩.৯.১ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ

পরিবেশ অধিদপ্তরের অংশ

জনবলের তথ্য

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী	প্রকৃত জনবল নিয়োগ		
		পুরুষ	মহিলা
কর্মকর্তা: ৩০জন	১৯জন	১৭	২
কর্মচারী : ৩৯জন	৩২জন	৩০	২
মোট: ৬৯জন	৫১	৪৯	৪

সিটি কর্পোরেশন অংশ

জনবলের তথ্য

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী	প্রকৃত জনবল নিয়োগ		
		পুরুষ	মহিলা
কর্মকর্তা: ১৩জন	৫	৪	১
কর্মচারী : ২৯জন	১৮	১৭	১
মোট: ৪২জন	২৩	২১	

ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) অংশ

জনবলের তথ্য

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী	প্রকৃত জনবল নিয়োগ		
		পুরুষ	মহিলা
কর্মকর্তা: ২ জন	২	২	-
কর্মচারী : ২১ জন	২০	২০	১
মোট: ২৩ জন	২২	২২	১

প্রকল্পের জনবল নিয়োগের চিত্র পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের ডিটিসিএ অংশ ব্যতীত কোন অংশই আরডিপিপি অনুযায়ী জনবল প্রকল্পে নিয়োগ করতে পারেনি। পরিবেশ অধিদপ্তরের অংশ ও সিটি কর্পোরেশন অংশ যথাক্রমে ৬৯ ও ৪২ জন অনুমোদিত জনবলের বিপরীতে ৫১ ও ২৩ জন জনবল প্রকল্পে নিয়োগ করতে পেরেছে। প্রকল্পের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী জনবল প্রকল্পে নিয়োগ করতে না পারা প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ক্ষেত্রে একটি বড় অন্তরায়।

৩.১০ প্রকল্প ব্যবস্থাপনা

প্রকল্পের মনিটরিং এর সর্বোচ্চ ফোরাম তথা Project Steering Committee (PSC) গঠন করা হয়। উক্ত প্রকল্পের মেয়াদ ১০ বছর, পরিবেশ অধিদপ্তর অংশে সর্বমোট ৪০টি পিএসসি সভা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও সভা হয়েছে মাত্র ৯টি। এটি প্রকল্পের একটি দুর্বল দিক। তবে সভার সংখ্যা কম হলেও সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। ডিটিসিএ ও সিটি কর্পোরেশন অংশ থেকে প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায় নি।

৩.১১ মাঠ পর্যায়ে জরিপ কাজের ফলাফল

৩.১১.১ হালকা, মাঝারি ও ভারী যানবাহন চালক ও যাত্রীদের থেকে প্রাপ্ত তথ্যসমূহঃ

মাঠ পর্যায়ে জরিপ কাজের উপর ভিত্তি করে নিম্নোক্ত ফলাফল পর্যবেক্ষণ করা হলোঃ



চিত্র-২: সুবিধাভোগীদের জেন্ডার বিন্যাস

প্রকল্প বাস্তবায়নের প্রভাব মূল্যায়নের জন্য হালকা, মাঝারি ও ভারী যানবাহন চালক, যাত্রীর উপর জরিপ পরিচালনা করা হয়। মোট ২০০ জন উত্তরদাতাকে দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করে জরিপ প্রশ্নমালার মাধ্যমে জরিপ করে বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। উত্তরদাতাদের মধ্যে বেশিরভাগ (৯২.৩%) উত্তরদাতা পুরুষ অর্থ্যাৎ ১৮০ জন উত্তরদাতা পুরুষ। কেবলমাত্র ১৫ জন (৭.৭) উত্তরদাতা মহিলা।



চিত্র-৩: সুবিধাভোগীদের শিক্ষাগত যোগ্যতা

উত্তরদাতাদের মধ্যে ৫০ জন চালকের মধ্যে ৪৮ জন (২৪.৬%) সর্বোচ্চ অস্টম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করেছেন। ১৯% চালক অর্থ্যাৎ ৩৭ জন উত্তরদাতা পঞ্চম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করেছেন। ২১ জন উত্তরদাতা (১০.৪%) দশম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করেছেন। ৬.৭% দ্বাদশ শ্রেণী পর্যন্ত লেখাপড়া করেছেন। কেবলমাত্র ৫ জন (২.৬%) নিরক্ষর বলে উল্লেখ করেছেন।



চিত্র-৪: আবাসস্থলের মালিকানা

উত্তরদাতাদের মধ্যে ৮৫.১% অর্থ্যাৎ ১৬৬ জন উত্তরদাতা বলেছেন তারা ভাড়া থাকেন। মাত্র ১৮ জন উত্তরদাতা (৯.২%) উল্লেখ করেছেন যে তারা নিজস্ব বাড়ীতে বসবাস করেন। কেবলমাত্র ১% বলেছেন তারা অন্যান্য জমিতে বিনা ভাড়ায় বসবাস করেন।



চিত্র-৫: চালিত যানবাহনের ধরণ

অংশগ্রহণকারীদের মধ্যে বেশিরভাগ উত্তরদাতা (২৫%) উল্লেখ করেছেন যে, তারা সিএনজি চালিয়ে জীবিকা নির্বাহ করেন। ২৩% অর্থাৎ ৫২ জন বাস, ৫১ জন(২২%) প্রাইভেটকার চালান। ১৬% মোটরসাইকেল, ১১% পিকআপ চালান। বাকি ১৭ জন (৭%) উত্তরদাতা অন্যান্য যানবাহন চালান।



চিত্র-৬: সড়কটিতে চলাচল করা যানবাহনসমূহ

অধিকাংশ উত্তরদাতা ১৯.১% বলেছেন প্রাইভেটকার, ১৭.৮% বলেছেন সিএনজি চালান। ১৩.৫% উত্তরদাতা উল্লেখ করেন তারা বাস চালান যেখানে একইরুপ উত্তরদাতা ১২.৯% বলেছেন তারা পিকআপ চালান। এছাড়া ১১.২% উত্তরদাতা বলেছেন তারা ট্রাক চালান।



চিত্র-৭: সড়কটি ব্যবহারে করে যাতায়াতের স্থানসমূহ

উত্তরদাতাদের মধ্যে বেশিরভাগ উত্তরদাতা ২০% অর্থ্যাৎ ১৩৭ জন উত্তরদাতা উল্লেখ করেন, সড়কটি ব্যবহার করে তার স্কুল কলেজ মাদ্রাসায় যান। অন্যদিকে ১৯% বলেছেন যে তারা কর্মস্থলে যান, ১৭% বলেছেন সরকারি অফিস আদালতে এবং ১৬% উল্লেখ করেন যে, তারা এই সড়কটি ব্যবহার করে হাসপাতালে যান। সমান সংখ্যক উত্তরদাতা উল্লেখ করেছেন যে, তারা বাসস্ট্যান্ডে আর বাজারে যান।



চিত্র-৮: সড়কটি ব্যবহারে জনগণ উপকৃত হচ্ছে

অধিকাংশ উত্তরদাতা (৮৫%) উল্লেখ করেছেন যে, সড়কটি ব্যবহার করে তারা উপকার পান। অতি অল্প সংখ্যক উত্তরদাতা উল্লেখ করেছেন যে, তারা এই সড়কটি ব্যবহারে কোন উপকার পান না।



চিত্র-৯: সড়কটি উন্নয়ন করার ফলে এই এলাকায় যানজট হ্রাস পেয়েছে

অধিকাংশ উত্তরদাতা ৮৪% বলেছেন সড়কটি উন্নয়ন করার ফলে এই এলাকায় যানজট হ্রাস পেয়েছে। মাত্র ১৫% উত্তরদাতা উল্লেখ করেছেন যে এই সড়কটি উন্নয়ন করার ফলে উক্ত এলাকায় যানজট হ্রাস পায়নি।



চিত্র-১০: সড়ক উন্নয়ন করার ফলে প্রকল্প এলাকায় যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে

প্রায় ৯৪% উত্তরদাতা বলেছেন সড়কটি উন্নয়ন করার ফলে প্রকল্প এলাকায় যানবাহন ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে ৫% না-বোধক উত্তর প্রদান করেন। কেবলমাত্র ১% জানেন না বলে মন্তব্য করেছেন।



চিত্র-১১: সড়ক উন্নয়ন করার ফলে প্রকল্প এলাকার অন্যান্য রাস্তায় যানজটের চাপ কমেছে

অধিকাংশ উত্তরদাতা ৮৭% মতামত প্রদান করেন যে, সড়কটি উন্নয়ন করার ফলে প্রকল্প এলাকার অন্যান্য রাস্তায় যানজটের চাপ কমেছে। মাত্র ১২% উত্তরদাতা মনে করেন যে সড়কটি উন্নয়ন করার ফলে প্রকল্প এলাকার অন্যান্য রাস্তায় যানজটের চাপ কমবে না। অন্যদিকে মাত্র ১% উত্তরদাতা এ বিষয়ে জানেন না বলে মন্তব্য করেন।



চিত্র-১২: সড়ক উন্নয়ন করার ফলে যানজট হ্রাসে ভূমিকা রাখছে

অধিকাংশ উত্তরদাতা ৯৩% মনে করেন সড়কটি উন্নয়ন করার ফলে যানজট হ্রাসে ভূমিকা রাখবে। মাত্র ৬% উত্তরদাতা মনে করেন সড়কটি উন্নয়ন করার ফলে যানজট হ্রাসে ভূমিকা রাখবে না। অন্যদিকে মাত্র ১% উত্তরদাতা জানেন না বলে মন্তব্য করেন।



চিত্র-১৩: আপনি কি মনে করেন সড়কটি উন্নয়ন করার ফলে জনগণ উপকৃত হয়েছে?

উত্তরদাতাদের মধ্যে ৮৫% বলেছেন সড়ক উন্নয়নের ফলে জনগণ উপকৃত হয়েছে। কেবলমাত্র ১১% উত্তরদাতা না বলেছেন।



চিত্র-১৪: সড়কটি উন্নয়ন করার ফলে উপকারসমূহ

সড়ক উন্নয়ন করার ফলে জনগণের নানাবিধ উপকারসমূহের মধ্যে ৩৫% উত্তরদাতা অর্থ্যাৎ ৬১ জন উত্তরদাতা মতামত দেন যে, তাদের সময় কম লাগে। ২৭% বলেছেন সড়ক উন্নয়নের ফলে যানজট কমেছে, ১২% যাতায়াত ও যোগাযোগ উন্নত হয়েছে বলে অভিমত প্রকাশ করেন। অবশিষ্ট উত্তরদাতারা জলাবদ্ধতা কমেছে এবং গাড়ীর সংখ্যা বাড়ানো দরকার বলে অভিমত প্রকাশ করেন।



চিত্র-১৫: রাস্তা ওভারব্রিজ নির্মাণের ফলে পথচারীদের জন্য সুবিধাসমূহ

৩৬% এর বেশি উত্তরদাতা মতামত প্রকাশ করেছেন যে, রাস্তা ওভারব্রিজ নির্মাণের ফলে সড়ক দুর্ঘটনা পূর্বের চেয়ে হ্রাস পেয়েছে। একইভাবে ৩২.৬% উত্তরদাতা মনে করেন যে, রাস্তা ওভারব্রিজ নির্মাণের ফলে যানজট সমস্যা পূর্বের চেয়ে হ্রাস পেয়েছে। এছাড়া ২৯.১% উত্তরদাতা অভিমত প্রদান করেছেন যে, রাস্তা ওভারব্রিজ নির্মাণের ফলে রাস্তা পারাপারের সময় কম লাগছে। বাকি ৯% অন্যান্য সমস্যা হ্রাস পেয়েছে বলে অভিমত প্রকাশ করেন।

৩.১১.২ রাস্তা, ফুটপাত, ওয়াকওয়ে, ড্রেন ব্যবহারকারীদের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহঃ

-



চিত্র ১৬ - উত্তরদাতার বসবাসের অবস্থান

উত্তরদাতাদের মধ্যে ৮৪% উত্তর সিটি কর্পোরেশনে বসবাসকারী বাসিন্দা। ১৬% দক্ষিণ সিটি কর্পোরেশনে বসবাসকারী বাসিন্দা। চিত্র অনুযায়ী, ঢাকা জেলার উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের অধীনে বসবাসকারী জনগণকে তাদের মতামত সম্পর্কে জানতে চাওয়া হয়েছে।



চিত্র ১৭- ফুটপাত নির্মাণের ফলে সুবিধাসমূহ

বেশিরভাগ উত্তরদাতা (১০০%) মতামত প্রদান করেছেন যে ফুটপাত নির্মাণের ফলে তাদের বসবসাকারি এলাকায় ব্যবসা বানিজ্যের সুযোগ সুবিধা পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। কেবলমাত্র ২.৯% কোন সুবিধা পায়নি বলে মতামত প্রদান করেছেন। ১৬০ জন উত্তরদাতার মধ্যে ১২৪ জন (৮৯.৯%) ফুটপাত নির্মাণের ফলে যানজট পূর্বের চেয়ে হ্রাস পেয়েছে বলে মতামত প্রদান করেন। ৮৮.৪% বেশি ফুটপাত নির্মাণের ফলে দূর্ঘটনা কমেছে বলে উল্লেখ করেন। ১১৭ জন (৮৭.০%) মনে করেন এর ফলে সময়ের অপচয় হ্রাস পেয়েছে। ৮৪.৮% উত্তরদাতা ফুটপাত নির্মাণের ফলে তাদেরও মানসিক শান্তি বৃদ্ধি পেয়েছে বলে অভিমত প্রকাশ করেন। ৭৬.৮% এই ফুটপাত নির্মাণের ফলে যাতায়াত খরচ হ্রাস পেয়েছে বলে অভিমত প্রকাশ করেন।



চিত্র ১৮- শহর এলাকায় প্রধান অসুবিধাসমূহ

চিত্রে দেখা যাচ্ছে, ১৫০ জন উত্তরদাতার মধ্যে ১৪২ জন (৮৯.৯%) বর্তমানে রাস্তা, ফুটপাত, ওভারব্রীজ নির্মাণের ফলে যত্র-তত্র গাড়ি পার্কিং সমস্যার সম্মুখীন হয়ে থাকেন বলে উল্লেখ করেন। ১১৬ (৭৩.৪%) রাস্তা অনুপাতে ওভারব্রীজকে প্রতিবন্ধকতা হিসেবে উল্লেখ করেন। ৬৬.৫% উত্তরদাতা ভাসমান হকারের উপদ্রপকে সমস্যা হিসেবে অভিমত প্রকাশ করেছেন। ৪৮ জন (৩০.৪%) বর্ষার উপচানো পানিকে প্রতিবন্ধকতা হিসেবে উল্লেখ করেন। ২৪% এর উপরে উত্তরদাতা অপ্রশস্ত রাস্তা এবং সারা বছর ধরে রাস্তা খুড়াখুড়িকে তাদের চলাচল বিঘ্নিত করে বলে অভিমত প্রকাশ করেন। বাকি ১৫% এর বেশি উক্ত এলাকায় বসবাসকারি উত্তরদাতারা ফুটপাতের অভাব, নর্দমা হতে উপচানো পানি, গর্ত বা ভাঙ্গা রাস্তা, ভাঙ্গা ঢাকনা বিহীন ম্যানহোলকে উক্ত এলাকার সমস্যা বলে অভিমত প্রকাশ করেন।



চিত্র ১৯- চলাচলের জন্য হচ্ছে ফুটপাতসমূহ ব্যবহৃত কিনা প্রশ্নে মতামত

বেশিরভাগ উত্তরদাতা ৫১% এর বেশি মতামত প্রদান করেন যে, চলাচলের জন্য ফুটপাতসমূহ ব্যবহৃত হচ্ছে। মাত্র ২৭.৫% উত্তরদাতা ফুটপাতসমূহ চলাচলের জন্য ব্যবহৃত হয় না বলে অভিমত প্রকাশ করেন। বাকি ২১% এর বেশি চলাচলের জন্য ফুটপাতসমূহ আংশিক ব্যবহৃত হয় বলে মতামত প্রদান করেন।



চিত্র ২০- ফুটপাত নির্মাণের ফলে পথ চলাচল সহজতর হওয়ার অবস্থা

প্রায় অর্ধেকের বেশি উত্তরদাতা ৫৫% অভিমত প্রকাশ করেন যে, ফুটপাত নির্মাণের ফলে তাদের পথ চলাচল পূর্বের তুলনায় সহজতর হয়েছে। ৪১% মনে করেন যে, ফুটপাত নির্মাণের ফলে পথ চলাচল পূর্বের তুলনায় সহজতর হয়নি। মাত্র ৪% উত্তরদাতা মনে করেন ফুটপাত নির্মাণের ফলে তাদের পথ চলাচলে কোন পরিবর্তন লক্ষ্য করেনি।



চিত্র ২১- ফুটপাতসমূহ চলাচলের জন্য ব্যবহৃত না হওয়ার কারণসমূহ

ফুটপাতসমূহ চলাচলের জন্য ব্যবহৃত না হওয়ার কারণসূহের মধ্যে হকারদের অবৈধ দখলকে ৩৩.৮% এর বেশি উক্ত এলাকায় বসবাসকারী জনগণ উল্লেখ করেন। ২৪.১% উত্তরদাতা ময়লা আবর্জনা পড়ে থাকাকে ফুটপাত চলাচলের জন্য ব্যবহৃত না হওয়ার কারণ হিসেবে উল্লেখ করেন। ১৬.২% উত্তরদাতা অভিমত প্রকাশ করেন যে, ফুটপাত সংলগ্ন ব্যবসায়ী কর্তৃক ফুটপাত দখল করার কারনে জনগণ ফুটপাতসমূহ চলাচলের জন্য ব্যবহার করেন না। বাকি উত্তরদাতারা অপ্রশস্ত ফুটপাত, বিদ্যুতের পিলার, ফুটপাতের উপর দিয়ে সাইকেল/ মোটর সাইকেল চলাচলকে ফুটপাতসমূহ চলাচলের জন্য ব্যবহৃত না হওয়ার কারণসমূহ বলে উল্লেখ করেন।



চিত্র ২২- ফুটপাত নির্মাণের ফলে পরিবেশের উপর প্রভাব

৮৪% উত্তরদাতা মনে করেন যে, ফুটপাত নির্মাণের ফলে ধূলাবালি পূর্বের চেয়ে হ্রাস পেয়েছে যেখানে মাত্র ২৩% উত্তরদাতা মনে করেন ফুটপাত নির্মাণের ফলে ধূলাবালি পূর্বের চেয়ে বৃদ্ধি পেয়েছে। মাত্র ৯% উত্তরদাতা মনে করেন যে, ফুটপাত নির্মাণের ফলে ধূলাবালি হ্রাসও পায়নি, বৃদ্ধিও পায়নি অর্থ্যাৎ পূর্বের মতোই আছে। অল্প সংখ্যক উত্তরদাতা (মাত্র ১%) জানেন না বলে উত্তর প্রদান করেন। ৬৯% উত্তরদাতা অভিমত প্রকাশ করেন যে, ফুটপাত নির্মাণের ফলে কালোধোঁয়া হ্রাস পেয়েছে। মাত্র ২২% উত্তরদাতা মতামত প্রদান করেছেন যে, ফুটপাত নির্মাণের ফলে কালোধোঁয়া বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে মাত্র ৮% উত্তরদাতা মনে করেন যে ফুটপাত নির্মাণের ফলে কালোধোঁয়ার অবস্থা অপিরিবর্তিত রয়েছে। ৫৫% উত্তরদাতা ফুটপাত নির্মাণের ফলে শব্দদূষণ হ্রাস পেয়েছে। মাত্র ৪০% উত্তরদাতা মতামত প্রদান করেছেন যে, ফুটপাত নির্মাণের ফলে শব্দদূষণ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে মাত্র ৫% উত্তরদাতা মনে করেন যে ফুটপাত নির্মাণের ফলে শব্দ দূষণের অবস্থা অপিরিবর্তিত রয়েছে। ৮০% উত্তরদাতা ফুটপাত নির্মাণের ফলে দূষণজনিত রোগ-ব্যাধি হ্রাস পেয়েছে। মাত্র ১৩% উত্তরদাতা মতামত প্রদান করেছেন যে, ফুটপাত নির্মাণের ফলে দূষণজনিত রোগ-ব্যাধি বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে মাত্র ৪% উত্তরদাতা মনে করেন যে ফুটপাত নির্মাণের ফলে দূষণজনিত রোগ-ব্যাধি অপিরিবর্তিত রয়েছে। ১০% উত্তরদাতা মাত্র এ সম্পর্কে জানেন না বলে উত্তর প্রদান করেন।



চিত্র ২৩- সুবিধাভোগীদের ফুটপাত নির্মাণের ফলে হেঁটে চলাচল আগের তুলনায় বেড়েছে কিনা

অর্ধেকের বেশি উত্তরদাতা ৫৫% মতামত প্রদান করেন যে, ফুটপাত নির্মাণের ফলে পায়ে হেটে চলাচল আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে ৪১% উত্তরদাতা অভিমত প্রকাশ করেন যে, ফুটপাত নির্মাণের ফলে পায়ে হেটে চলাচল আগের তুলনায় হ্রাস পেয়েছে। কেবলমাত্র ৪% উত্তরদাতা মনে করেন যে, ফুটপাত নির্মাণের ফলে পায়ে হেটে চলাচল পূর্বের মতোই অপরিবর্তিত রয়েছে।



চিত্র ২৪- এলাকায় জলাবদ্ধতা হয় কিনা সম্পর্কে সুবিধাভোগীদের মতামত

চিত্রে দেখা যাচ্ছে, সুবিধাভোগীদের মধ্যে ৮২.৩% এর বেশি উত্তরদাতা তাদের এলাকায় কোন জলাবদ্ধতা হয় না বলে উল্লেখ করেন। মাত্র ১৭.৭% উত্তরদাতা তাদের এলাকায় জলাবদ্ধতা হয় বলে উল্লেখ করেন।



চিত্র ২৫- ড্রেন নির্মাণের পূর্বে এলাকায় জলাবদ্ধতা হয়েছে কিনা সম্পর্কে সুবিধাভোগীদের মতামত

চিত্রে দেখা যাচ্ছে, উত্তরদাতাদের ৫৪% এর বেশি মতামত প্রকাশ করেন যে, ড্রেন নির্মাণের পূর্বে এলাকায় জলাবদ্ধতা হয়েছে। অন্যদিকে ৪৬% উত্তরদাতা মতামত প্রকাশ করেন যে, ড্রেন নির্মাণের পূর্বে এলাকায় জলাবদ্ধতা হয়নি।



চিত্র ২৬- এলাকায় ড্রেন নির্মাণের প্রভাব

বেশিরভাগ উত্তরদাতা ৯২.৩% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে জলাবদ্ধতা হ্রাস পেয়েছে। অতি অল্প সংখ্যক উত্তরদাতা ১.৪% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে জলাবদ্ধতা বৃদ্ধি পেয়েছে। একইভাবে মাত্র ৪.২% উত্তরদাতা মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে জলাবদ্ধতার হার অপরিবর্তিত রয়েছে। একইভাবে মাত্র ২.৮% এই বিষয়ে তারা অনভিজ্ঞ বলে অভিমত প্রকাশ করেছেন। এছাড়াও অর্ধেকের বেশি উত্তরদাতা ৫৮.৩% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে মশার উপদ্রব হ্রাস পেয়েছে। ৩০.১% উত্তরদাতা মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। একইভাবে মাত্র ৯.৭% উত্তরদাতা মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে মশার উপদ্রব অপরিবর্তিত রয়েছে। একইভাবে মাত্র ১.৯% এই বিষয়ে তারা অনভিজ্ঞ বলে অভিমত প্রকাশ করেছেন। একইভাবে, বেশিরভাগ উত্তরদাতা ৭২.৮% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে সংক্রামক রোগ-ব্যাধি হ্রাস পেয়েছে। অতি অল্প সংখ্যক উত্তরদাতা ১০.২% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে সংক্রামক রোগ-ব্যাধি বৃদ্ধি পেয়েছে। একইভাবে মাত্র ৩.৯% উত্তরদাতা মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে সংক্রামক রোগ-ব্যাধি অপরিবর্তিত রয়েছে। একইভাবে মাত্র ১৩.১% এই বিষয়ে তারা অনভিজ্ঞ বলে অভিমত প্রকাশ করেছেন। অধিকন্তু, বেশিরভাগ উত্তরদাতা ৮৬.৮% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে দুর্গন্ধ হ্রাস পেয়েছে। অতি অল্প সংখ্যক উত্তরদাতা ৮.৮% মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে দুর্গন্ধ বৃদ্ধি পেয়েছে। একইভাবে মাত্র ৩.৯% উত্তরদাতা মনে করেন যে, এলাকায় ড্রেন নির্মাণের ফলে দুর্গন্ধ অপরিবর্তিত রয়েছে। মাত্র ০.৬% এই বিষয়ে তারা অনভিজ্ঞ বলে অভিমত প্রকাশ করেছেন।



চিত্র ২৭- জলাবদ্ধতার প্রধান কারণসমূহ

১৪০ জন উত্তরদাতার মধ্যে ১৩১ জন উত্তরদাতা (৩৯.১%) ড্রেনে ময়লা আর্বজনা ফেলাকে জলাবদ্ধতার প্রধান কারণ হিসেবে উল্লেখ করেন। ৩০.৮% এর বেশি উত্তরদাতা তাদের এলাকায় জলাবদ্ধতার জন্য ড্রেন নিয়মিত পরিস্কার না করাকে দায়ী করেন। অন্যদিকে ১২.২% উত্তরদাতা মনে করেন তাদের এলাকায় পর্যাপ্ত ড্রেন না থাকার জন্য উক্ত এলাকায় জলাবদ্ধতা হতে দেখা যায়। ৩.৩% এর বেশি উত্তরদাতা পুকুর, নদীনালা ভরাট, ড্রেনের ভুল ডিজাইন, ম্যানহোলের ঢাকনা না থাকা সহ অন্যান্য কারণকে উক্ত এলাকায় জলাবদ্ধতার কারণ হিসেবে উল্লেখ করেন।



চিত্র ২৮- জলাবদ্ধতা বেশি হওয়ার সময়

১০২ জন উত্তরদাতা (৩৪.৬%) জুলাই মাসে জলাবদ্ধতা বেশি হয় বলে মতামত প্রদান করেন। ২৫.৮% উত্তরদাতা জুন মাসে অধিকাংশ জলাবদ্ধতা হতে দেখা যায় বলে উল্লেখ করেন। এছাড়াও ২১.৪% উত্তরদাতা আগস্ট মাসে জলাবদ্ধতা হতে দেখা যায় বলে অভিমত প্রদান করেন। মাত্র ৮.৫ % উত্তরদাতা মে মাসে বেশিরভাগ জলাবদ্ধতা হতে দেখা যায় বলে উল্লেখ করেন। একইভাবে ৭.৮% উত্তরদাতা মনে করেন সেপ্টেম্বর মাসে জলাবদ্ধতা বেশি হয়। অতি অল্প সংখ্যক উত্তরদাতা ১.০% এপ্রিল ও অক্টোবর মাসে বেশিরভাগ জলাবদ্ধতা হতে দেখা যায়।

৩.১১.৩ ওভারব্রিজ ব্যবহারকারীদের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহঃ-



চিত্র-২৯: নির্মিত ফুট ওভারব্রিজের কার্যকারিতা

প্রায় সমস্ত উত্তরদাতা (৯৪.৭%) উল্লেখ করেছেন যে, তাদের এলাকায় নির্মিত ফুটওভারব্রিজ কার্যকর রয়েছে। কেবলমাত্র ১২ জন (৫.৩%) উত্তরদাতা তাদের এলাকায় নির্মিত ফুটওভারব্রিজ অচল বলে উল্লেখ করেন।



চিত্র-৩০: ফুট ওভারব্রিজ নির্মাণের ফলে ঝুঁকিপূর্ণভাবে রাস্তা পারাপার হ্রাস পেয়েছে

বেশিরভাগ উত্তরদাতা (৮৬.৬%) মতামত প্রদান করেছেন যে, ফুট ওভারব্রিজ নির্মাণের ফলে ঝুঁকিপূর্ণভাবে রাস্তা পারাপার হ্রাস পেয়েছে। কেবলমাত্র ২ জন (১.০%) উত্তরদাতা ফুট ওভারব্রিজ নির্মাণের ফলে ঝুঁকিপূর্ণভাবে রাস্তা পারাপার হ্রাস পাওয়ার বিষয়ে অসম্মতি প্রদান করেন এবং ১২. ২৬ জন কোন মন্তব্য করেন ৪% জন অর্থ্যাৎ নাই।

চিত্র-৩১: ফুট ওভারব্রিজ নির্মাণের ফলে শহরে সবুজায়ন বৃদ্ধি পেয়েছে

৯৩% এর বেশি ফুটওভার ব্রিজ ব্যবহারকারী এই বিষয়ে সম্মত হয়েছেন যে ফুটওভার ব্রিজ শহরের সবুজায়ন বৃদ্ধি করেছে। কেবলমাত্র ৩ জন (১.৪%) অসম্মত হয়েছে যে ফুটওভার ব্রিজ শহরের সবুজায়ন বৃদ্ধি করেছে এবং ৫.৩% অথ্যাৎ ১১ জন কোন মন্তব্য করেন নাই।



চিত্র-৩২: ফুট ওভারব্রিজ নির্মাণের ফলে শহরের নান্দনিকতা বৃদ্ধি পেয়েছে

প্রায় সমস্ত উত্তরদাতা (৯৪.৭%) এই বিষয়ে সম্মত হয়েছেন যে ফুটওভার ব্রিজ সবুজায়নের ফলে শহরের নান্দনিকতা বৃদ্ধি করেছে। অতি অল্প সংখ্যক উত্তরদাতা, মাত্র ১ জন (০.৫%) অসম্মত হয়েছে যে ফুটওভার ব্রিজ সবুজায়নের ফলে শহরের নান্দনিকতা বৃদ্ধি পেয়েছে এবং ৪.৮% অথ্যাৎ ১০ জন কোন মন্তব্য করেন নাই।

৩.১১.৪ ইটের ভাটার আশেপাশে বসবাসকারী জনগণের নিকট থেকে প্রাপ্ত তথ্যসমূহ

সকল (১০০%) সুবিধাভোগী জিগজ্যাগ পদ্ধতির ইট ভাটার প্রযুক্তি সম্পর্কে অবগত আছে (চিত্র-১)। ৯৫% (১২২) সুবিধাভোগী মনে করেন নতুন প্রযুক্তির ফলে ইট ভাটায় পরিবর্তন (চিত্র-২)।



চিত্র ৩৩: কম ধোয়া নিঃসরণকারী জিগজ্যাগ পদ্ধতির ইট ভাটা



চিত্র ৩৪: নতুন প্রযুক্তির ফলে ইট ভাটায় পরিবর্তন হয়েছে

বিভিন্ন এলাকার ৮২% (১০৪) জন সুবিধাভোগী মনে করেন যে ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে বায়ুর মান উন্নত হয়েছে কিন্তু ৭% (৯ জন) সুবিধাভোগী মনে করেন যে বায়ুর মান অপরিবর্তিত আছে (চিত্র-৩)।



চিত্র ৩৫: ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে বায়ুর মান উন্নত হয়েছে

ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে চর্মরোগ, চোখের জ্বালাপোড়া, শ্বাসজনিত রোগ ও পানিবাহিত রোগ কমেছে বলে মন্তব্য করেছেন যথাক্রমে ৯২ জন (৭১.৯%), ১১০ জন (৮৫.৯%), ৭৩ জন (৫৭.০%) ও ৮৭ জন (৬৮.০%) সুবিধাভোগী (চিত্র-৪)।



চিত্র ৩৬: ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে স্বাস্থ্যের উপর প্রভাব

ইট ভাটায় নতুন প্রযুক্তির ফলে মাটির উর্বরতা বেড়েছে বলে মনে করেন ১০২ জন (৭৯.২%) সুবিধাভোগী। এ প্রযুক্তির ফলে এলাকায় ফসলের রোগ কমেছে মতামত দিয়েছেন ১০৫ জন (৮২%) ও ফসলের ফলন বেড়েছে মতামত দিয়েছেন ১২০ জন (৯৩.৮%) সুবিধাভোগী।



চিত্র ৩৭: ইট ভাটায় নতুন প্রযুক্তির মাটি ও ফসলের উপর প্রভাব



চিত্র ৩৮: ইট ভাটায় নতুন প্রযুক্তির পানি দূষণ উপর প্রভাব



৩৯: ইট ভাটায় নতুন প্রযুক্তির বর্জ্য নিঃসরণে প্রভাব

ইট ভাটায় নতুন প্রযুক্তি অর্থাৎ জিগজাগ প্রযুক্তির ফলে পানি দূষণ হ্রাস ও বর্জ্য নিঃসরণ হ্রাস পেয়েছে বলে মনে করেন যথাক্রমে ৮৬% ও ৭৮% উত্তরদাতা।

৩.১২ কী ইনফরমেন্ট ইন্টারভিউ (কেআইআই) এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাবলী

কী ইনফরমেন্টস সাক্ষাৎকারের জন্য উত্তরদাতা হিসেবে প্রকল্প পরিচালক, পরিবেশ অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের উপ-পরিচালক, ডিসিসি (ডিএসসিসি ও ডিএনসিসি) পর্যায়ের কর্মকর্তাদের নির্বাচন করা হয়। তাদের নিকট থেকে সরসারি সাক্ষাৎকার গ্রহণ করা হয়। প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য KII দের-কে যে সকল প্রশ্ন করা হয়েছিল । সেগুলোর মধ্যে ছিল এডিপিতে যথাসময়ে অর্থ বরাদ্দ, অর্থ ছাড় এবং বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে কোন ধরণের প্রতিবন্ধকতার সম্মুখীন হয়ছেলি কিনা, কর্মপরিকল্পনা সংশোধিত ডিপিপি অনুযায়ী অনুসরণ করা হয়েছে কিনা? অডিট আপত্তি ছলি কিনা ইত্যাদি গ্রহণ করা হয়ছে। নিম্নে তাদরে মতামত তুলে ধরা হলোঃ-

প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তারা প্রকল্পের আওতায় এডিপিতে যথাসময়ে অর্থ বরাদ্দ, অর্থ ছাড় এবং বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে কোন ধরণের প্রতিবন্ধকতার সম্মুখীন হননি বলে মন্তব্য করেন। তারা বলেন যে, উক্ত প্রকল্পটি বিশ্ব ব্যাংক এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে, প্রকল্প গ্রহণের পূর্বে বেইজলাইন সার্ভে এবং সম্ভাব্যতা যাচাই বিশ্ব ব্যাংকের

পক্ষ থেকে করা হয়েছে। প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের কাজের অগ্রগতিতে কোন বাধার সম্মুখীন হননি বলে উল্লেখ করেন। তারা ক্রয়ের ক্ষেত্রে ডিপিপি এর নির্দেশন/ক্রয় আইন বিধিমালা অনুসরণ করেছেন। প্রকল্প সমাপ্তির পর অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রকল্প কার্যালয় থেকে পরিবেশ অধিদপ্তরে জমা দেয়া হয়েছে। বছরভিত্তিক কর্মপরিকল্পনা সংশোধিত ডিপিপি অনুযায়ী অনুসরণ করা হয়েছে বলে অভিমত ব্যক্ত করেন। লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের আউটপুট সমানুপাতিক হারে অর্জন করা সম্ভব হয়েছে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা জানান যে, পিএসসি কমিটির ০৯ টি সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তারা বলেন যে, বিধান অনুযায়ী পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত না হয়ে থাকলে প্রকল্প অগ্রগতিতে কোন নেতিবাচক প্রভাব দেখা যায়নি। আইএমডি-ও কর্মকর্তাগণ সময়ে সময়ে পরিদর্শন করেছেন তাঁদের পরিদর্শনের প্রতিবেদন/পর্যবেক্ষণের প্রতিবেদন প্রতিবেদন পাওয়া গিয়েছে। বিগত দুই বছরের প্রতিবেদন এর কপি সংরক্ষিত আছে। প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়নের পথে কোন অসুবিধার সম্মুখীন হন নাই বলে অভিমত প্রকাশ করেন। প্রকল্পের কাজে কোন ধরনের জমি অধিগ্রহণ করা হয়নি বলে উল্লেখ করেন বরং ব্যবহারের অনুমতি নেয়া হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, আরডিপি অনুযায়ী জনবল নিয়োগ দেয়া হয়েছে।

সিটি কর্পোরেশনের একজন কর্মকর্তা বলেন যে, ঢাকা মহানগরীর ঢাকার উভয় সিটি কর্পোরেশনে (দক্ষিণ ও উত্তর) ৮৮টি ইন্টারসেকশনে সৌর বিদ্যুৎ ব্যবস্থা প্রবর্তন করা হয়েছিল। তারা জানান যে, প্রকল্পের সমাপ্তিকালে ও ত্রুটিজনিত দায়ের মেয়াদকালে উক্ত ব্যবস্থা সচল ছিল। যা বর্তমানে উভয় সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগের নিয়ন্ত্রণাধীন হওয়ায় প্রকৃত তথ্য প্রদান করা যাচ্ছে না। সৌর বিদ্যুৎ ব্যবস্থা চালুর ফলে বিদ্যুৎ সাশ্রয় এর পরিমাণ আশানুরুপ নয়। ঢাকা মহানগরীর বাতাসে অতিরিক্ত পরিমাণ ধুলাবালি ও আদ্রতা থাকায়, সৌর বিদ্যুৎ ব্যবস্থা কার্যকর রাখার ক্ষেত্রে ঘনঘন রক্ষণাবেক্ষণে অধিক ব্যয় হয়। যার ফলে এ ব্যবস্থা সচল রাখা কষ্টসাধ্য। রাতে এ সমস্ত ইন্টারসেকশনে ট্রাফিক সিগনাল চালু থাকে কিনা এ বিষয়ে তারা জানান, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনের সকল ট্রাফিক সিগন্যাল উভয় সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগ কর্তৃক রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা হয়ে থাকে বিধায় প্রকৃত তথ্য প্রদান করা সম্ভব না। সৌর বিদ্যুৎ প্যানেল পরিবেশ সংরক্ষণে অবশ্যয়ই ধনাত্বক ভূমিকা রাখবে বলে কর্মকর্তারা অভিমত ব্যক্ত করেন। ভবিষ্যতে ঢাকা মহানগরীর সমস্ত ইন্টারসেকশনে সৌর প্যানেল প্রবর্তনের পরিকল্পনা রয়েছে কিনা বিষয়ে তথ্য জানা নেই বলে অভিমত ব্যক্ত করেন।

সমস্ত ট্রাফিক পুলিশ কর্মকর্তা জানান যে, বর্তমানে কোন স্থানে ইন্টারসেকশন রিমোট কন্ট্রোল সিগনালিং ব্যবস্থা কার্যকর অবস্থায় বিদ্যমান নাই। প্রায় বেশিরভাগ পুলিশ কর্মকর্তা জানান যে, উক্ত রিমোট কন্ট্রোল সিগনালিং ব্যবস্থার কোনটাই চলমান নেই। বেশিরভাগ উত্তরদাতা রিমোট কন্ট্রোল সিগনালিংব্যবস্থা চালুর ফলে তেমন কোন সুবিধা হয়নি বলে অভিমত প্রকাশ করেন। কয়েকজন উত্তরদাতা জানান যে, এটি ঠিকমতো চালুই হয়নি। একইভাবে কয়েকজন উত্তরদাতা জানান যে, এর ফলে সুবিধার চেয়ে অসুবিধাই বেশি হয়েছে। অন্যদিকে কয়েকজন উত্তরদাতা অভিমত প্রকাশ করেন যে, রিমোট কন্ট্রোল সিগনালং ব্যবস্থা চালুর ফলে অনেক ধরণের সুবিধা হয়, তার মধ্যে কস্ট কম হয়, সহজেই নিয়ন্ত্রণ করা যায়, তারা পাশাপাশি আবার কিছু অসুবিধার কথাও উল্লেখ করেন যেমন-পরিবেশের সাথে এডজাষ্ট করা সম্ভব না।

সমস্ত ট্রাফিক পুলিশ কর্মকর্তা জানান যে, কাছাকাছি চলমান স্বয়ংক্রিয় সিগনালিং সিস্টেমের কারনে সমন্বয় করতে অসুবিধা হয়। অতি জরুরি ও তাৎক্ষণিক ট্রাফিক নিয়ন্ত্রণে সুবিধা বা অসুবিধার সম্পর্কে কয়েক জন জানান যে, রাস্তায় দাঁড়িয়ে নিয়ন্ত্রণ করতে হবে না। কোন জরুরি সময় রিমোটের মাধ্যমে নিয়ন্ত্রণ করা যাবে বলে অভিমত প্রকাশ করেন। কয়েকজন কর্মকর্তা বলেন যে, যেহেতু এটি বেশি দিন ব্যবহার করা হয়নি তাই এই সম্পর্কে বলা কঠিন। অন্যদিকে বেশ কয়েকজন জানান যে, এটি এডজাস্ট করতে সমস্যা হয়। নিয়ন্ত্রণে কষ্ট কম হয়।

সমস্ত ট্রাফিক পুলিশ কর্মকর্তা জানান যে, ইন্টারসেকশন রিমোট কন্ট্রোল সিগনালিং ব্যবস্থাটির সাথে তারা অভ্যস্ত না। ভবিষ্যতে ঢাকা মহানগরীর সমস্ত ইন্টারসেকশনে এ ব্যবস্থা প্রচলনের বিষয়ে তারা অভিমত প্রকাশ করেন যে, এই ব্যবস্থাটি চালু করতে পারলে ভাল হয়। হাত দ্বারা নির্দেশিত ট্রাফিক সিগনালিং ব্যবস্থা থেকে উন্নত বলে সমস্ত পুলিশ কর্মকর্তা মতামত প্রদান করেন। এর ফলে এই সিস্টেমে ট্রাফিক পুলিশের সংখ্যা কম লাগবে বলে সমস্ত পুলিশ কর্মকর্তা অভিমত দেন।

৩.১৩ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ

প্রকল্পের বিভিন্ন এলাকার সুফলভোগী জনগণকে নিয়ে মোট ১০টি FGD করা হয়েছে । প্রতিটি FGD সমীক্ষা অঞ্চলের এমন একটি জায়গায় করা হয়েছে যাতে সকল অংশগ্রহণকারী উক্ত স্থানে সহজে আসতে পারে এবং অবাধে মতামত প্রদান করতে পারে। FGD সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত হয়েছে যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে মন্তব্য প্রদানের জন্য উৎসাহিত করেছেন। প্রস্তাবিত FGD গুলো FGD গাইডলাইন অনুসারে পরিচালিত হয়েছে এবং গাইডলাইন উল্লেখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে।

নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের ফলে প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন তথা রাস্তাঘাট, নর্দমা এবং ফুটপাত নির্মাণ/সংস্কার সম্পর্কে মতামত জানতে চাওয়া হলে এফজিডি'তে অংশগ্রহণকারী বেশিরভাগ মানুষ বলেন উক্ত প্রকল্পের ফলে তাদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন ঘটেছে। ফুটপাত নির্মাণের ফলে হাঁটা চলাচলের সুবিধা হয়েছে। নর্দমা নির্মাণের ফলে ময়লা আবর্জনা থেকে মুক্তি মিলেছে এবং জলাবদ্ধতা হ্রাস পেয়েছে।

রাস্তাঘাট, ওভারব্রীজ, নর্দমা এবং ফুটপাত নির্মাণ/সংস্কারের ফলে যানজট হ্রাস, ধুলাবালি কম হওয়া, পানি জমে না থাকা না, পথচারীদের হাঁটার সুবিধা ইত্যাদি সুবিধা হচ্ছে।

রাস্তাঘাট, ওভারব্রীজ, নর্দমা এবং ফুটপাত ব্যবহারে কিছুটা সমস্যা হয় যা মুলত হকারদের সৃষ্ট। তারা অবৈধভাবে ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করায় পথচারীদের কিছুটা অসুবিধার মুখোমুখি হতে হয়।

আপনাদের ওয়ার্ডে ফুটপাতগুলো কী চলাচল বান্ধব এমন প্রশ্নের জবাবে প্রত্যেকেই মত দেন যে, তাদের ওয়ার্ডের ফুটপাতগুলো চলাচল বান্ধব অবস্থায় থাকলেও হকারদের কারণে যাতায়াতে অসুবিধা হয়।
সভায় অংশগ্রহণকারী অধিকাংশ সুফলভোগী মত দেন যে তাদের এলাকায় বর্ষাকালে হালকা জলাবদ্ধতা হয়। এর কারণ হিসাবে তারা নিয়মিত নর্দমা পরিষ্কার না করাকে দায়ী করেন। তবে তারা প্রকল্প বাস্তবায়নের ফলে জলাবদ্ধতা হ্রাস পাওয়ার কথাও স্বীকার করেন।

সভায় উপস্থিত সকলেই মনে করেন যে প্রকল্পটি বাস্তবায়নের ফলে যানজট হ্রাস, জলাবদ্ধতা হ্রাস, ময়লা আবর্জনা হ্রাস, যান চলাচল, পায়ে হাটা ও রাস্তা পারাপার আরও সহজ হয়েছে। তারা এই সমস্ত স্থাপনার নিয়মিত রক্ষণাবেক্ষণ দাবি করেন, অবৈধ দখলকারের উচ্ছেদ দাবি করেন এবং ভবিষ্যতে অনুরূপ কার্যক্রম আরও গ্রহণের অনুরোধ করেন।

৩.১৪ উন্নত Brick klin প্রযুক্তি স্থাপনের ফলে পরিবর্তনের চিত্র (কেস স্টাডি):

ইট ভাটার নামঃ মেসার্স শাহ আলম ব্রিকস
ইউনিয়নঃ দুর্গাপুর
উপজেলাঃ আশুগঞ্জ
জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া

মেসার্স শাহ আলম ব্রিকস ইট ভাটাটি ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলার দুর্গাপুর ইউনিয়নে অবস্থিত। এর সত্ত্বাধিকারী জনাব মোহাম্মদ শাহ আলম। এই ইট ভাটার ইট বাজারে MSB নামে বহুল প্রচলিত। তার ইট ভাটায় তিনি জ্বালানি হিসেবে কয়লা ব্যবহার করেন। নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের আওতায় উন্নত ইট ভাটা প্রযুক্তির নকশা প্রণয়ন করা হয়েছে। এই সমীক্ষার উপর ভিত্তি করে, ইট উৎপাদন ও ভাটা স্থাপন আইন-2013 এর উপর ভিত্তি করে তিনি তার ইট ভাটা ২০১৫ সালে FCK পদ্ধতি থেকে zigzag পদ্ধতিতে রুপান্তর করেন। এতে প্রাথমিকভাবে তার কিছু অর্থ ব্যয় হলেও তা দীর্ঘমেয়াদে তার জন্য বিভিন্ন রকমের সুফল বয়ে এনেছে। এই পদ্ধতি অনেক পরিবেশ বান্ধব। তার মতে এই পদ্ধতিতে রুপান্তরের ফলে পরিবেশের অনেক উন্নতি সাধিত হয়েছে। এই পদ্ধতিতে পূর্বের পদ্ধতির তুলনায় দূষিত ধোঁয়া নিঃসরণ অনেক কম হয়। এই পদ্ধতিতে কয়লা পোড়ানোর ফলে নির্গত দূষিত গ্যাস পানি দ্বারা ফিল্টার করে বায়ুতে ছাড়া হয় বিধায় এই প্রযুক্তি ব্যবহারের ফলে পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পরে না। ইট ভাটার মালিক আরও বলেন যে, এই পদ্ধতি প্রতি বছর ব্যবহারযোগ্য এবং এর মাধ্যমে প্রস্তুতকৃত ইট পূর্ববর্তী প্রযুক্তিতে প্রস্তুতকৃত ইটের চেয়ে মানের দিক থেকে উন্নত। শুধু তাই নয়, এই প্রযুক্তি ব্যবহার অনেক সময় ও ব্যয় সাশ্রয়ী। পূর্ববর্তী প্রযুক্তিতে বছরে তার ইট উৎপাদন সক্ষমতা ছিল ৫০ লক্ষ। কিন্তু zigzag পদ্ধতিতে তার ইট উৎপাদন সক্ষমতা ৯০ লক্ষে উন্নীত হয়েছে। তিনি আর বলেন, এই পদ্ধতি জ্বালানি সাশ্রয়ী এবং এই পদ্ধতিতে বর্জ্য নিঃসরণ কম হয়। এই পদ্ধতিতে বায়ু, পানি, জমি, ফসল, গাছপালা, পরিবেশ ইত্যাদির উপর ক্ষতিকর প্রভাব পূর্বের তুলনায় অনেক হ্রাস পেয়েছে। এছাড়া এই পদ্ধতিতে শব্দ দূষণের ও তেমন কোন সম্ভাবনা নেই। এই পদ্ধতিতে শ্রমিকদের স্বাস্থ্যগত নিরাপত্তার বিষয়টি আরও অধিকতর ভাবে নিশ্চিত হচ্ছে। শুধু তাই নয়, স্বাস্থ্যগত নিরাপত্তার পাশাপাশি শ্রমিকদের পেশাগত নিরাপত্তার বিষয়টি ও নিশ্চিত হচ্ছে। সর্বোপরি, নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের আওতায় প্রণীত উন্নত ইট ভাটা zigzag পদ্ধতি পরিবেশ ও ব্যবসাবান্ধব বলে তিনি মনে করেন।

চিত্র ৪০: zigzag ইট ভাটার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন

৩.১৫ স্থানীয় পর্যায়ের কর্মশালায় থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা

নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (CASE) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রমের স্থানীয় পর্যায়ের কর্মশালা ০৮-০৫-২০২২ তারিখে দুপুর ২ ঘটিকায় ঢাকার মতিঝিল এজিবি কলোনি কমিউনিটি সেন্টারে একটি মতবিনিময় কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটিতে সভাপতিত্ব করেন উক্ত এলাকার ওয়ার্ড কাউন্সিলর জনাব মারুফ আহমেদ মনসুর। সভাপতি মহোদয় কর্মশালায় আগত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে সংযুক্ত ছিলেন আইএমইডি'র সেক্টর-৮ এর মহাপরিচালক জনাব মোঃ রাব্বি মিয়া। এছাড়াও আইএমইডি'র পক্ষ থেকে পরিচালক জনাবা নিশাত জাহান ভিডিও কনফারেন্সে ও সহকারি পরিচালক জনাব তাজুল ইসলাম সরাসরি উপস্থিত ছিলেন।

কর্মশালায় পরামর্শক প্রতিষ্ঠানের টীম লিডার প্রভাব মূল্যায়ন ও কর্মশালা আয়োজনের উদ্দেশ্য উপস্থিত সকলের নিকট উপস্থাপন করেন। তারপর কর্মশালার প্রধান অতিথি প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, ব্যয় ও মেয়াদকাল সম্পর্কে সকলকে অবহিত করেন এবং তাদের নিকট থেকে প্রকল্প থেকে প্রাপ্ত সুফল ও বিভিন্ন সমস্যা সম্পর্কে উপস্থিত সকলের সুচিন্তিত মতামত আশা করেন। তিনি আরও বলেন উপস্থিত সকলের প্রাণবন্ত অংশগ্রহণ প্রকল্পের অঙ্গসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে এবং কোন সমস্যা সমাধানে প্রয়োজনীয় করণীয় নির্ধারণে আইএমইডি'কে সহায়তা করবে। তিনি আরও বলেন প্রকল্পটি বাস্তবায়নে দীর্ঘ সময় ব্যয় হয়েছে যার ফলে প্রকল্প এলাকার জনগণ প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। ভবিষ্যতে এই ধরণের বিলম্ব যেন না হয় সে বিষয়ে আইএমইডি কাজ করে যাচ্ছে বলে তিনি সকলকে অবহিত করেন।

কর্মশালায় উপস্থিত আলিমুর রেজা বলেন, প্রকল্পের আওতায় রাস্তা, ফুটপাত, ড্রেন, ওভারব্রীজ ইত্যাদি বিলম্বে নির্মাণ হলেও তারা সুফল পেয়েছেন। তিনি আরও বলেন প্রকল্পের আওতায় রাস্তা, ফুটপাত, ড্রেন, ওভারব্রীজ ইত্যাদি সিটি কর্পোরেশনের আওতায় রয়েছে। ফারজানা হোসেন নামে একজন বলেন ফুটওভারব্রীজ নির্মাণের ফলে যাতায়াত সহজ হয়েছে এবং দুর্ঘটনার সম্ভাবনা হ্রাস পেয়েছে। তবে মানুষের মধ্যে ফুটওভারব্রীজ ব্যবহারের প্রবণতা কম লক্ষ্য করা যায়। তিনি আরও বলেন ফুটওভারব্রীজ এর ২ পাশে ল্যান্ডিং রাখা হলে ভাল হতো। তিনি আরও বলেন ফুটওভারব্রীজ ব্যবহার স্বাচ্ছন্দ্যময় করতে হকারের দখলমুক্ত করতে হবে। আনোয়ার হোসেন বলেন পরিবেশ নির্মল রাখতে গাছ লাগানোর কোন বিকল্প নেই। তিনি নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের আওতায় ফুটওভার ব্রীজে গাছ লাগানোর মাধ্যমে সৌন্দর্য বর্ধনের বিষয়টিকে সাধুবাদ জানান। ট্রাফিক সিগনাল সম্পর্কে উপস্থিত বেশিরভাগ মানুষ বলেন নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের আওতায় স্বয়ংক্রিয় ট্রাফিক সিগনাল সিস্টেম লাগানো হলেও তা এখন সচল নেই। বেশিরভাগ ক্ষেত্রেই ট্রাফিক পুলিশ হাত দিয়ে ট্রাফিক নিয়ন্ত্রণ করে যা বর্তমানে পৃথিবীর সব দেশে প্রায় বিরল। এতে যানজট আরও বৃদ্ধি পায়।

কর্মশালায় উপস্থিত অধিকাংশই বলেন রাস্তাঘাট, ওভারব্রীজ, নর্দমা এবং ফুটপাত নির্মাণ/সংস্কারের ফলে যানজট হ্রাস, ধুঁলাবালি কম হওয়া, পানি জমে না থাকা, পথচারীদের হাঁটার সুবিধা ইত্যাদি সুবিধা হচ্ছে। রাস্তাঘাট, ওভারব্রীজ, নর্দমা এবং ফুটপাত ব্যবহারে কিছুটা সমস্যা হয় যা মুলত হকারদের সৃষ্ট। তারা অবৈধভাবে ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করায় পথচারীদের কিছুটা অসুবিধার মুখোমুখি হতে হয়। তাঁরা সকলেই এ বিষয়ে সিটি কর্পোরেশনের হস্তক্ষেপ কামনা করেন। সভায় অংশগ্রহণকারী অধিকাংশ সুফলভোগী মত দেন যে, তাদের একাকায় বর্ষাকালে হালকা জলাবদ্ধতা হয়। এর কারণ হিসাবে তারা নিয়মিত নর্দমা পরিষ্কার না করাকে দায়ী করেন। তবে তারা প্রকল্প বাস্তবায়নের ফলে জলাবদ্ধতা হ্রাস পাওয়ার কথাও স্বীকার করেন। এর প্রতিকার হিসেবে তাঁরা নিয়মিত নর্দমা পরিষ্কার ও নর্দমার ময়লা রাস্তায় ফেলে না রাখার পরামর্শ দেন। উপস্থিত কাউন্সিলর মহোদয় এ বিষয়ে পদক্ষেপ নিবেন বলে সকলকে আশ্বস্ত করেন।

সভায় উপস্থিত অধিকাংশ মানুষ মনে করেন নিয়মিত রক্ষণাবেক্ষণ করলে এবং রাস্তা, ফুটপাত ও ওভারব্রীজ দখলমুক্ত করতে পারলে প্রকল্পটি থেকে আরও অধিকতর সুফল পাওয়া সম্ভব। পরবর্তীতে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে কর্মশালটির সমাপ্তি ঘোষণা করেন।

চিত্র ৪১: স্থানীয় পর্যায়ে কর্মশালা, মতিঝিল এজিবি কলোনী

৩.১৬ প্রকল্পের অঙ্গসমুহের বর্তমান কার্যকর অবস্থা

৩.১৬.১ পরিবেশ অধিদপ্তরের আওতায় স্থাপিত Continuous Air Monitoring Station (CAMS) সমুহের বর্তমান কার্যকর অবস্থা

পরিবেশ অধিদপ্তরের তত্তাবধায়নে দুই ধরণের CAMS স্থাপন করা হয় যথা CAMS এবং C- CAMS উল্লেখিত CAMS এবং C- CAMS যা পরিবেশ অধিদপ্তর কর্তৃক সার্বিক তত্তাবধায়নে চলমান আছে। CAMS সমূহ দ্বারা বায়ুর PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters উপদানসমুহ সার্বক্ষণিক মনিটরিং হচ্ছে ।

নিম্মে ঢাকাসহ বিভিন্ন জেলায় স্থাপিত CAMS এবং C- CAMS এর তালিকা প্রদান করা হলঃ-

CAMS এর তালিকা

জেলা	আইডি	এলাকা	Lat/Lon	মনিটরিং সক্ষমতা	ইনলেট এবং মেট টাওয়ারের উচ্চতা (মি)
ঢাকা	CAMS-1	সংসদ ভবন, শেরে বাংলা নগর	-	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৪.৮ & ৮
	CAMS-2	ফার্মগেইট	২৩° ৪৫´৩৯.১৮˝N ৯০° ২৩´২১.৫৫˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
	CAMS-3	দরুস সালাম	২৩° ৪৬´৫০.৮৬˝N ৯০° ২১´২০.৮২˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
গাজীপুর	CAMS-4	গাজীপুর	২৩° ৫৯´৪২.৪৫˝N ৯০° ২৫´১৮.৪৯˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
নারায়ণগঞ্জ	CAMS-5	নারায়ণগঞ্জ	২৩° ৩৭´৩৩.৪৬˝N ৯০° ৩০´২৩.৪৩˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
চট্টগ্রাম	CAMS-6	টিভি ইষ্টেশন , খুলশী	২২° ২১´৩৮.৭৯˝N ৯১° ৪৭´৫২.৮১˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৪.৮ & ৭
	CAMS-7	আগ্রাবাদ	২২° ১৯´২১.৩৯˝N ৯১° ৪৮´০৪.১০˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
খুলনা	CAMS-8	বয়রা	২২° ৫০´০৬.৮৯˝N ৮৯° ৩১´৪৭.১৪˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৬.৮ & ১০
রাজশাহী	CAMS-9	সাপুরা	২৪° ২২´৫৮.৩৩˝N ৮৮° ৩৬´২৭.৪২˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৬.৮ & ১০
সিলেট	CAMS-10	রেড ক্রিসেন্ট কেম্পাস	২৪° ৫৩´১৮.৯৫˝N ৯১° ৫১´৫৮.৮২˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৩.৮ & ১৫
বরিশাল	CAMS-11	ডিএফও অফিস	২২° ৪২´৩৮.৫৬˝N	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological	৬.৮ & ১০

		কেম্পাস	৯০° ২১´৪৫.৫৭´´E	Parameters	
ময়মনসিংহ	CAMS-12	ডি ও ই অফিস বিভাগীয় হেড কোয়ার্টার	২৪° ৪৫´৪২.৯০´´N ৯০° ২৪´০১.৩৯´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
রংপুর	CAMS-13	বিটিভি রংপুর ইষ্টেশন	২৫° ৪৪´৪৩.৯৩´´N ৮৯° ১৩´৫৩.১৯´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
সাভার	CAMS-14	এটোমিক ইনার্জি রিচার্স ইনিস্টিটিউট	২৩° ৫৭´০৫.৭৭´´N ৯০° ১৬´৩১.১৩´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১০.৮ & ১৪
নরসিংদী	CAMS-15	উপজেলা সদর কম্পলেক্স	২৩° ৫৫´৫৬.৩১´´N ৯০° ৪২´৫৫.৮৮´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১
কুমিল্লা	CAMS-16	কোর্ট এরিয়া		PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৮.৮ & ১১

C-CAMS এর তালিকা

জেলা	আইডি	এলাকা	এলএটি/ এল ও এস	Monitoring Capacity	Inlet & Met tower Hight(m)
ফরিদপুর	C-CAMS-17	সদর ফরিদপুর (মিউনিসিপাল অফিস)	২৩° ৩৬´১২.৫৬´´N ৮৯° ৫০´১৩.৩২´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৯ & ১১
যশোর	C-CAMS-18	সদর যশোহর (সার্কিট হাউস)	২৩° ০৯´৪২.৬২´´N ৮৯° ১২´১৯.৭২´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১২ & ১৪
সাতক্ষীরা	C-CAMS-19	শ্যমনগর, সাতক্ষীরা (টি পি এম সি)	-	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৫.২ & ৭.২
বাগেরহাট	C-CAMS-20	রামপাল, বাগের হাট (মিত্র সুপার টারমিনাল পাওয়ার প্রজেক্ট	২২° ৩৪´৪১.৫৪´´N ৮৯° ৩৪´২৯.৩২´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৫.৭ & ৭.৭
গোপালগঞ্জ	C-CAMS-21	সদর, গোপালগঞ্জ	২৩° ০০´৩০.৩০´´N ৮৯° ৪৯´৪৬.০৮´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	২২ & ২৪
টাংগাইল	C-CAMS-22	সদর টাংগাইল (ডিওই অফিস)	২৪° ১৪´৫৯.৬৫´´N ৮৯° ৫৫´৪৬.০৩´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৫ & ১৭
বগুড়া	C-CAMS-23	সদর, বগুড়া (ডিওই অফিস)	২৪° ৫১´৪৩.২৫´´N ৮৯° ২১´৩৮.৪০´´E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৯ & ১১

টংগী	C-CAMS-24	বিসিক, টংগী BSCIC, Tongi, Gazipur	২৩° ৫৩´৪১.৫৩˝N ৯০° ২৪´৩৬.১০˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৮ & ২০
বুয়েট	C-CAMS-25	ডিপাটমেন্ট অফ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং,বুয়েট, ঢাকা	২৩° ৪৩´৩৮.৬৫˝N ৯১° ৫৮´২২.৫১˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১০ & ১২
ব্রাম্মনবাড়ীয়া	C-CAMS-26	সদর , বি বাড়ীয়া (মিনিসিপাল অফিস)	২৩° ৫৮´২৮.৩৫˝N ৯১° ০৬´৪০.৫৭˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৮ & ২০
ফেনী	C-CAMS-27	সদর,ফেনী (ডিওই অফিস)	২৩° ৪৬´৩২.৪৬˝N ৯০° ২২´১৩.৪৪˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৮ & ২০
নোয়াখালী	C-CAMS-28	মাইজদি বাজার, নোয়াখালী (ডিওই অফিস)	২২° ৫২´৪৯.৯৮˝N ৯১° ০৫´৫১.৬২˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৫ & ১৭
চট্টগ্রাম	C-CAMS-29	বিএসআরএম, নাসিরাবাদ চট্টগ্রাম	২২° ২২´১৮.২০˝N ৯১° ৪৮´৫৬.০৯˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১২ & ১৪
ক্সস বাজার	C-CAMS-30	সায়মন রোড, সদর কক্সবাজার (ডিওই অফিস)	২১° ২৬´১১.২৩˝N ৯০° ২১´২০.৮২˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	৯ & ১১
ঢাকা	C-CAMS-31	নগর ভবন, ঢাকা দক্ষীন সিটি ঢাকা	২৩° ৪৩´৩৩.৮৮˝N ৯০° ২৪´৩৩.৩৮˝E	PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx with Meteorological Parameters	১৩ & ১৫

উল্লেখিত CAMS এবং CCAMসমূহের মেরামত ষ্টেশনসমুহ পরিচালনার সার্বিক দায়িত্ব পরিবেশ অধিদপ্তর উপর ন্যস্ত। সরজমিন পরিদর্শনকালে এসকল CAMS এবং C-CAM সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে দেখা যায়। এ বিষয়ে সার্বিক তথ্যাদি উপ প্রকল্প পরিচালক পরিবেশ অধিদপ্তর এবং মেন্টেনেন্স প্রকৌশলী এর নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে।

পরিবেশ অধিদপ্তরের আওতায় স্থাপিত CAMS সমুহের বর্তমান অবস্থা

সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, পরিবেশ অধিদপ্তরের আওতায় স্থাপিত অধিকাংশ CAMS সমুহ কার্যকর অবস্থায় আছে। তবে কিছু কিছু ক্ষেত্রে কিছু নির্দিষ্ট প্যারামিটার এর পরিমাপক যন্ত্রগুলো অকার্যকর অবস্থায় পাওয়া গেছে, যা অচিরেই মেরামত করা হবে বলে পরিবেশ অধিদপ্তর থেকে জানানো হয়। উদাহরণস্বরুপ ঢাকার ফার্মগেট, গাজীপুর, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় অবস্থিত CAMS সমূহের প্রাপ্ত ডাটার পর্যালোচনা নিম্নে দেয়া হলোঃ-

CAMS -২ ফার্মগেইট এলাকায় বার্ক ভবনে অবস্থিত, যাহার টাইপ Rd/com 1 টাওয়ার হাইট (মি.) ৮.৮ এবং ১১। পরিদর্শনকালে PM_{10}, $PM_{2.5}$, SO_2, CO, O_3 & NOx ডাটা সংগ্রহ করা হয়। (২৪ ঘন্টা) যা নিম্নরুপ

Average	SO2_BARC	NOX_BARC	CO_BARC	O3_BARC	PM10_BARC	PM2_5_BARC
	ppb	ppb	ppm	ppb	ug/m3	ug/m3
20/05/2023 01:00	8.56	34.91	2.37	5.93	48.7	26.78
20/05/2023 02:00	8.58	32.48	2.36	12.14	72.87	36.61
20/05/2023 03:00	9.1	29.54	2.34	21.55	69.29	44.01
20/05/2023 04:00	9.32	29.73	2.38	14.95	122.42	80.19
20/05/2023 05:00	9.06	29.63	2.35	14.93	188.22	147.49
20/05/2023 06:00	9.13	30.01	2.57	13.73	63.22	31.04
20/05/2023 07:00	9.06	30.66	2.56	13.69	55.67	26.64
20/05/2023 08:00	8.9	31.77	2.47	13.06	62.44	30.62
20/05/2023 09:00	8.97	32.06	2.45		90.82	44.15
20/05/2023 10:00	9.16	30.67	2.38	19.81	136.62	76.95
20/05/2023 11:00	8.76	30.84	2.4	20.24	73.3	34.81
20/05/2023 12:00	8.8	31.48	2.38	20.02	58.79	32.71
20/05/2023 13:00	8.63	31.75	2.34	21.77	55.39	28.13
20/05/2023 14:00	8.57	31.62	2.39	22.73	62.95	26.03
20/05/2023 15:00	8.69	31.23	2.22	22.71	58.91	26.48
20/05/2023 16:00	8.74	30.65	2.08		62.6	27.31
20/05/2023 17:00	8.6	29.52	2.22	19.9	57.57	24.47
20/05/2023 18:00	9	28.91	2.09	14.33	54	25.43
20/05/2023 19:00	8.96	28.79	2.31	15.56	51.75	24.41
20/05/2023 20:00	8.94	31.2	2.23		60.24	23.08
20/05/2023 21:00	8.29	27.83	1.95		69.96	32.34
20/05/2023 22:00	8.75	27.53	1.68		63.52	36.88
20/05/2023 23:00	8.77	27.6	1.72		66.75	31.8
21/05/2023 00:00	8.76	27.58	1.63		58.73	32.68
Average result	8.8375	30.33292	2.244583	16.88529	73.53042	39.62666667

উল্লেখ্য যে মানদন্ড অনুযায়ী ডাটা সমুহের গড় ফলাফল গ্রহণযোগ্য পর্যায়ে আছে যা স্থাপিত যন্ত্রসমুহের কার্যকারিতাকে নির্দেশ করে।

চিত্র-৪২: বার্ক সেন্টার, ঢাকার ফার্মগেইট-এ স্থাপিত CAMSসমূহ পরিদর্শন

CAMS-8 গাজীপুর জয়দেবপুর এর ষ্টেশন টু কসাইবাড়ী রোডে অবস্থিত। স্থাপিত ২০১২, যাহর টাইপ এসইউবি ১ টাওয়ার হাইট (মি.) ৮.৮ এবং ১১। পরিদর্শক কালে দেখ যায় SO_2 , CO, O_3 পরিমাপ যন্ত্রগুলো চলমান ছিল না যা মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে অবহিত করা হয় PM_{10}, $PM_{2.5}$, , & NOx ডাটা সংগ্রহ করা হয়। (২৪ ঘন্টা) যাহা নিম্নরুপ

Average	SO2_GAZIPUR	NOX_GAZIPUR	CO_GAZIPUR	O3_GAZIPUR	PM10_GAZIPUR	PM2_5_GAZIPUR
	ppb	ppb	ppm	ppb	ug/m3	ug/m3
5/21/2023 1:00		0.27			102.53	58.37
5/21/2023 2:00		0.46			95.59	58.22
5/21/2023 3:00		0.49			107.21	65.36
5/21/2023 4:00		0.5			103.92	66.32
5/21/2023 5:00		0.49			98.26	56.16
5/21/2023 6:00		0.48			91.48	62.44
5/21/2023 7:00		0.42			60.26	45.73
5/21/2023 8:00		0.45			63.04	50.88
5/21/2023 9:00		0.42			68.06	50.12
5/21/2023 10:00		0.3			97.16	55.53
5/21/2023 11:00		0.31			127.17	64.71
5/21/2023 12:00		0.3			100.71	64.12
5/21/2023 13:00		0.23			119	56.79
5/21/2023 14:00		0.5			111.55	53.42
5/21/2023 15:00		0.5			117.58	48.1
5/21/2023 16:00		0.5			110.22	43.36
5/21/2023 17:00		0.5			102.68	44.38
5/21/2023 18:00		0.5			97.27	41.49
5/21/2023 19:00		0.3			97.89	43.26
5/21/2023 20:00		0.3			86.28	40.27
5/21/2023 21:00		0.3			57.51	28.98
5/21/2023 22:00						
5/21/2023 23:00						
5/22/2023 0:00		0.3			22.02	16.66
Average/result		0.405714			95.97	52.28619

উল্লেখ্য যে মানদন্ড অনুযায়ী ডাটা সমুহের গড় ফলাফল গ্রহণযোগ্য পর্যায়ে আছে যা স্থাপিত যন্ত্রসমুহের কার্যকারিতাকে নির্দেশ করে।

চিত্র-৪৩: গাজীপুর, জয়দেবপুরে স্থাপিত CAMSসমূহ পরিদর্শন

CAMS-৫ নারায়ণগঞ্জ জেলার খানপুর হাসপাতাল এর ক্যাম্পাসে অবস্থিত। স্থাপিত ২০১২, যা টাইপ ইউবি ১/ শিল্প, টাওয়ার হাইট (মি.) ৮.৮ এবং ১১। পরিদর্শককালে দেখ যায় SO_2 , CO, পরিমাপ যন্ত্রগুলো চলমান ছিল না যা মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে জানানো হয় PM_{10}, $PM_{2.5}$, , & NOx ডাটা সংগ্রহ করা হয়। (২৪ ঘন্টা) যা নিম্নরুপঃ-

Average	SO2_NG	NOX_NG	CO_NG	O3_NG	PM10_NG	PM2_5_NG
	ppb	ppb	ppm	ppb	ug/m3	ug/m3
21/05/2023 01:00		5.59		2.58	117.45	
21/05/2023 02:00		5.42		3.09	157.79	
21/05/2023 03:00		5.38		2.48	118.62	
21/05/2023 04:00		5.55		2.44	96.75	
21/05/2023 05:00		5.56		2.28	63.32	
21/05/2023 06:00		5.53		2.44	54.25	
21/05/2023 07:00		5.47		2.37	61.84	
21/05/2023 08:00		5.46		2.50	67.33	
21/05/2023 09:00		5.53		2.45	83.8	
21/05/2023 10:00		5.47		2.33	112.01	
21/05/2023 11:00		5.60		2.12	139.22	
21/05/2023 12:00		3.27		1.96	104.39	
21/05/2023 13:00		14.12			131.58	203.74
21/05/2023 14:00						
21/05/2023 15:00						
21/05/2023 16:00						
21/05/2023 17:00						
21/05/2023 18:00						
21/05/2023 19:00		15.62		2.45		
21/05/2023 20:00		13.51		2.74	126.33	84.59
21/05/2023 21:00		12.05		3.59	85.51	41.72
21/05/2023 22:00		10.86		2.97	99.25	33.29
21/05/2023 23:00		10.09		3.02	238.36	15.48
22/05/2023 00:00		9.46		4.07	28.2	14.74
Average/result		7.87		2.66	104.78	65.59

উল্লেখ্য যে মানদন্ড অনুযায়ী ডাটা সমুহের গড় ফলাফল গ্রহণযোগ্য পর্যায়ে আছে যা স্থাপিত যন্ত্রসমুহের কার্যকারিতাকে নির্দেশ করে।

চিত্র-৪৪: নারায়ণগজ্ঞ এর খাঁনপুর হাসপাতাল-এ স্থাপিত CAMSসমূহ পরিদর্শন

CAMS-৭ আগ্রাবাদ চট্রগ্রামে অবস্থিত। স্থাপিত ২০১২, যাহার টাইপ ইউবি ১, ইউবি রেসি/১ টাওয়ার হাইট (মি.) ৪.৮ এবং ৭ এবং ৮.৮ এবং ১১। উল্লেখ্য যে, CO, পরিমাপ যন্ত্রটি চলমান ছিল না বিধায় ডাটা পাওয়া যায়নি যা মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে পরামর্শকগনকে অবহিত করা হয়। PM_{10}, $PM_{2.5}$,, & NOx ডাটা সংগ্রহ করা হয়। (২৪ ঘন্টা) যাহা নিম্নরুপঃ-

Average	SO2_AGRABAD	NOX_AGRABAD	CO_AGRABAD	O3_AGRABAD	PM10_AGRABAD	PM2.5_AGRABAD
	ppb	ppb	ppm	ppb	ug/m3	ug/m3
21/05/2023 01:00	7.1	29.66		5	82.27	34.03
21/05/2023 02:00	7.12	29.38		5.03	75.07	29.07
21/05/2023 03:00	7.15	20.78		5.02	68.74	26.55
21/05/2023 04:00	7.2	21.54		4.89	58.58	23.99
21/05/2023 05:00	7.17	23.72		5	61.86	25.12
21/05/2023 06:00	7.19	24.66		4.92	78.5	29.24
21/05/2023 07:00	7	16.36		4.97	89.85	29.67
21/05/2023 08:00	6.95	10.87		4.9	77.84	30.42
21/05/2023 09:00	6.74	19.09		4.87	68.35	25.24
21/05/2023 10:00	6.5	31.58		4.88	68.55	21.06
21/05/2023 11:00	6.38	27.22		4.81	68.54	23.02
21/05/2023 12:00	6.28	31.07		5.07	68.81	24.17
21/05/2023 13:00	10.87	211.87		4.86		
21/05/2023 14:00	6.22	24.61		4.81		
21/05/2023 15:00	9.09	199.87		4.73		
21/05/2023 16:00	6.25	34.07		4.93		
21/05/2023 17:00	6.57	36.5		4.91	336.1	305.73
21/05/2023 18:00	6.41	38.14			95.48	24.61
21/05/2023 19:00	6.32	38.82			85.04	24.58
21/05/2023 20:00	6.19	39.1			72.94	21.18
21/05/2023 21:00	6.24	44.98			74.45	24.79
21/05/2023 22:00	6.19	44.74			72.86	24.72
21/05/2023 23:00	6.22	47.49			69.92	22.96
22/05/2023 00:00	6.23	38.91			102.61	33.71
Average/result	6.899167	45.20958		4.917647	88.818	40.193

উল্লেখ্য যে মানদন্ড অনুযায়ী ডাটাসমুহের গড় ফলাফল গ্রহণযোগ্য পর্যায়ে আছে যা স্থাপিত যন্ত্রসমুহের কার্যকারিতাকে নির্দেশ করে।

৩.১৬.২ সিটি কর্পোরেশনের আওতায় স্থাপিত কার্যসমূহের বর্তমান অবস্থা

নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্পের ডিসিসি অঙ্গের আওতায় ঢাকা মহানগরীর তেজগাঁও, খিলগাঁও, মোহাম্মদপুর ও পুরাতন ঢাকা এলাকায় ৭৮ কি:মি: রাস্তা, ফুটপাত ও নর্দমা উন্নয়ান; ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে পথচারী বান্ধব ২৩টি ফুটওভার ব্রীজ নির্মাণ, ঢাকা মহানগরীর ৩৯টি সড়ক ইন্টারসেকশন উন্নয়ন, ঢাকা মহানগরীর ট্রাফিক সিগন্যাল সৌর বিদ্যুৎ ব্যবস্থা প্রয়োগের মাধ্যমে আধুনিকীকরণ, সিভিল ওয়ার্কস এক্সেসরিজ রক্ষণাবেক্ষণ, লাইটিং, সৌন্দর্যবর্ধন, গার্ডরেল ইত্যাদি (১৩ ফুটওভার ব্রীজ লোকেশনে), সিগনাল অবকাঠামোর উন্নয়ান, পুরাতন ক্যাবল কানেকশন সংস্কার, রোড মার্কিং ও রোড সাইন (৯২টি ইন্টারসেকশনে), সাইডওয়ার্ক, ড্রেনেজ ও সড়ক উন্নয়ান ১৩.৬৫ কি:মি: (ডিএসসিসি ও ডিএনসিসি), বাস স্টপেজ/প্যাসেঞ্জার শেড নির্মাণ (২০টি), টার্ম কন্ট্রাক্টের মাধ্যমে পূর্ত কাজ (সাইড ওয়াক ও অন্যান্য মেরামত) ৭০ কি:মি:, প্রতিবন্ধীদের চলাচলের ব্যবস্থা উন্নয়ানের জন্য ভৌত কাজ (৫টি লোকেশনে) ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। সমীক্ষার পরামর্শকগণ সরেজমিনে রাস্তা, ড্রেনেজ ব্যবস্থা, ফুটপাত, ফুটওভার ব্রীজ এবং ইন্টারসেকশন রোড ইত্যাদি কার্যকর অবস্থায় দেখতে পেয়েছেন, তবে অনিয়ন্ত্রিত পার্কিং, ফুটপাত দখল, ড্রেন পরিস্কার না করা এবং ফুটওভার ব্রীজ হকারদের দখলে থাকায় জনসাধারণ প্রকল্পের সুফল পাচ্ছেনা। তাছাড়া ফুটপাত কোথাও উঁচু বা নিচু হওয়ায় পথচারীগণ স্বাচ্ছন্দে চলাচল করতে পারছেনা। এছাড়াও সকল স্থানে ফুটপাতের প্রশস্ততা সমান না হওয়ায় পথচারীদের চলাচলে সমস্যা হয়। এছাড়ও যানজটের সময় মোটর সাইকেল ফুটপাতের উপর চলাচল করে পথচারীদের সমস্যার সৃষ্টি করে। এছাড়া প্রকল্পের আওতায় ট্রাফিক সিগনাল নির্মাণ, স্বয়ংক্রিয় রিমোট কন্ট্রোল সিস্টেম ও ট্রাফিক সিগনালে সোলার প্যানেল সিস্টেম চালু করা হলেও প্রায় সকল ক্ষেত্রে ট্রাফিক পুলিশ হাত দ্বারা নিয়ন্ত্রণ করায় স্থাপিত ট্রাফিক সিগনাল, স্বয়ংক্রিয় রিমোট কন্ট্রোল সিস্টেম ও সোলার প্যানেল অকার্যকর ও অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। প্রকল্পের আওতায় যাত্রী ছাউনি নির্মিত হলেও কিছু কিছু স্থানে যাত্রী ছাউনির ভিতরে দোকান গড়ে উঠেছে, ফলে তা আর যাত্রী ছাউনি হিসাবে ব্যবহৃত হচ্ছেনা।

সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্যসমূহের উল্লেখযোগ্য কিছু নিম্নে উল্লেখ করা হলোঃ-

নং	অবস্থান	বর্তমান অবস্থা	মিটিগেশন
ট্রাফিক ব্যবস্থা			
১	গুলশান ১ লিংক রোড ইন্টারসেকশন	অটো কল্টোল সিস্টেম চালু নাই, বর্তমানে ম্যনুয়্যালি কাজ করছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ বিষয়ে সিটি কর্পরোশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ।
২	হাউস ব্লিডিং কলোনী ইন্টারসেকশন	অটো কল্টোল সিস্সটেম চালু নেই, বর্তমানে ম্যনুয়্যালি কাজ করছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ বিষয়ে সিটি কর্পরোশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন
৩	ঝিগাতলা ইন্টারসেকশন	বর্তমানে ম্যনুয়্যালি কাজ করছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ বিষয়ে সিটি কর্পরোশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন
৪	সাত মসজিদ রোড (শংকর) ইন্টারসেকশন	বর্তমানে ম্যনুয়্যালি কাজ করছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ বিষয়ে সিটি কর্পরোশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
৫	বনানী রোড ১১ নং	বর্তমানে ম্যনুয়্যালি কাজ করছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ বিষয়ে সিটি কর্পরোশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
৬	জসিম উদ্দিন রোড ইন্টারসেকশন	এয়ারপোট টু জসিম উদ্দিন রোড ফ্লাইওভার এর কাজ বিদ্যমান থাকায় চালু নেই। সৌরবিদ্যৎ অকার্যকর।	এ কাজ সমাপ্তের পর সিটি কর্পোরেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ।
৭	গুলশান -২ রোড ইন্টারসেকশন	রিমোট কল্টোল সিস্টেম চালু আছে। সৌরবিদ্যৎ অকার্যকর।	

চিত্র-৪৫: গুলশান ১,২ এবং তেজগাও ট্রাফিক ইন্টারসেকশনে স্বয়ংক্রিয় ট্রাফিক ব্যবস্থার পর্যবেক্ষন

নং	অবস্থান	বর্তমান অবস্থা	মিটিগেশন
১	লামমাটিয়া ব্লক-ই বাবরী মসজিদ রোড (সাত মসজিদ রোড হইতে লালমাটিয়া মহিলা কলেজ পর্যন্ত (৩৬০) মি:	ফুটপাতের ভাঙ্গা অংশ সংস্কার করা প্রয়োজন। ফুটওভার ব্রীজ না থাকায় কলেজ ছুটির সময় যানজটের সৃষ্টি হয়। রাস্তায় অবৈধ দোকান বাসানোর কারণে কারণে যানজেটর তৈরি হয়। ফুটপাতের প্রস্থ প্রয়োজনের তুলনায় কম।	কলেজের সামনে ফুটওভার ব্রীজ প্রয়োজন। অবৈধ দোকান উচ্ছেদ করা প্রয়োজন।
২	লাল মাটিয়া ব্লক-ডি , (২৯৩) মি.	ফুটপাত এবং রোড ডিভাইডারের কাজ করা হয়েছে, রাস্তা সরু হওয়ার কারণে যানজটের সৃষ্টি হয়। রাস্তায় ফেরিওয়ালা দাঁড়ানোর কারণে ও অনিয়ন্ত্রিত পার্কিং এর কারণে যানজেটর তৈরি হয়। ফুটপাত কিছু জায়গায় ভাঙ্গা আছে।	ভাঙ্গা অংশ মেরামত করা প্রয়োজন। অনিয়ন্ত্রিত পার্কিং বন্ধ করা প্রয়োজন।
৩	তাজমহল রোড (৬৯৪)মি.	রোড ডিভাইডারের কাজ করেছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, রোড ডিভাইডারের কারণে রাস্তার যানজট হ্রাস পেয়েছে; জনগণ সাচ্ছন্দে চলাচল করতে পারছে। ফুটপাত কিছু জায়গায় ভাঙ্গা রয়েছে।	ভাঙ্গা অংশ মেরামত করা প্রয়োজন।
৪	শের শাহ সুরি রোড (৫১৩) মি.	রাস্তায় মালামাল রেখে ফুটপাত দখল করে রাখা হয়েছে ; ফুটপাত ভাঙ্গা এবং অপরিস্কার। ফুটপাতের প্রস্থ প্রয়োজনের তুলনায় কম।	দোকানদারদের মালামাল অপসারন করার ও পরিস্কার এবং ফুটপাতের ভাঙ্গা মেরামত করা প্রয়োজন।
৫	রিং রোড হইতে কলেজ গেইট ১১৭৮মি.	এ রাস্তার কাজের মান খুব ভাল হয়েছে, রোড ডিভাইডারের ফলে পূর্বের তুলনায় যানজট অনেক কমেছে। এখানে একজন সিএনজি চালাকের সাথে আলোচনা করে জানা যায় রাস্তার ধারে অযাচিত গ্যারেজ ও খাবারের দোকান থাকার কারণে কলেজ ছুটির সময় মাঝে মাঝে যানজটের সৃষ্টি হয়।	রোড ডিভাইডার মেরামত প্রয়োজন ও ফুটপাত থেকে গ্যারেজ দোকান অপসারণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
৬	খিলগাও সড়ক হাউস নং ২৯১/১ হইতে ২৭৫ পর্যন্ত (১৬৯মি.)	রাস্তার বর্তমান অবস্থা ভাল আছে তবে ফুটপাত কিছু কিছু স্থানে অবৈধ হকারদের দখলে রয়েছে এবং ফুতপাতে কিছু স্থান ভাঙ্গা রয়েছে।	ফুটপাত সংস্কার করা প্রয়োজন এবং হকার উচ্ছেদ করা প্রয়োজন।
৭	খিলগাও আনসার ক্যাম্প সড়ক	রাস্তায় অল্প কিছু পোট হোল রয়েছে এবং ফুটপাত নির্মাণ সামগ্রী ফেলে রাখা হয়েছে।	পোট হোল মেরামত প্রয়োজন।
৮	খিলগাও আনসার ক্যাম্প থেকে বাকি সরণী	রাস্তার পাশে ফেলে রাখা আবর্জনার কারণে ড্রেন বন্ধ হয়ে আছে।	আবর্জনা অপসারণ করে পানি নিষ্কাশনের পথ সুগম করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৯	খিলগাও চৌধুরী পাড়া সড়ক (৩৭৬মি.)	রিক্সা এবং ভ্যান দাঁড়িয়ে থাকায় চলাচলে অসুবিধা হচ্ছে।	সিটি করপোরেশন কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
১০	মালিবাগ চৌধুরী পাড়া রোড (২৪২.৫মি.)	রাস্তার পাশে ফেলে রাখা আবর্জনা ও অবৈধ হকারদের কারণে চলাচলে অসুবিধা হচ্ছে ।	সিটি করপোরেশন কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
১১	গুলশান -১ যাত্রী ছাউনি	গুলশান ডিডিসি মার্কেট সংলগ্ন যাত্রী ছাউনিটি অবৈধ দখলদারদের দখলের কারণে চলাচলের অসুবিধা হচ্ছে।	সিটি করপোরেশন কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

ফুটওভার ব্রীজ			
নং	অবস্থান	বর্তমান অবস্থা	মিটিগেশন
১	শাহাজাদপুর ফুটওভার ব্রীজ	ফুটওভার ব্রীজ এর মধ্যে অবৈধ হকারদের দখলে আছে যাতে জনগণের চলাচলে অসুবিধা হয়। সামনে ফুটপাথের দোকান থাকাতে চলাচলে অসুবিধা হয়। সিঁড়ির উচ্চতা উঁচু হওয়াতে বয়স্ক এবং প্রতিবন্ধী লোকদের উঠা নামায় সমস্যা হয় ।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
২	বনানী-কাকলী ফুটওভার ব্রীজ	অবৈধ হকরদের দখলে থাকার কারণে জনগণের চলাচলের অসুবিধা হচ্ছে। সিঁড়ির উচ্চতা উঁচু হওয়াতে বয়স্ক এবং প্রতিবন্ধী লোকদের উঠা নামায় সমস্যা হয় ।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
৩	শ্যমলী ফুটওভার ব্রীজ	অবৈধ হকরদের দখলে থাকার কারণে জনগণের চলাচলের অসুবিধা হচ্ছে। সিঁড়ির উচ্চতা উঁচু হওয়াতে বয়স্ক এবং প্রতিবন্ধী লোকদের উঠা নামায় সমস্যা হয় ।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
৪	পীরজঙ্গী মাজার কমলাপুর ফুটওভার ব্রীজ	ফুটওভার ব্রীজ এর ল্যান্ডিং সিঁড়ি একপাশে হওয়ায় জনগণের যাতায়াত এর অসুবিধা হয মর্মে স্থানীয় জনগণ জানায় ।	ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন কর্তৃক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ।
৫	মতিঝিল গভ: বালক উচ্চ বিদ্যালয় সংলগ্ন ফুটওভার ব্রীজ	ফুটওভার ব্রীজ এর ল্যান্ডিং সিঁড়ি একটি করে হওয়ায় জনগণের যাতায়াত এর অসুবিধা হয মর্মে স্থানীয় জনগণ জানায় ।	ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন কর্তৃক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ।
৬	বসুন্ধর শপিংমল ফুটওভার ব্রীজ	অবৈধ হকারদের দখলের কারণে চলাচলের অসুবিধা হয় ।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
৭	সোবাহানবাগ মসজিদ এর নিকট	অবৈধ হকারদের দখলের কারণে চলাচলের অসুবিধা হয়।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
৮	নর্দ্দা-বারীধারা বাস স্ট্যান্ড ফুটওভার ব্রীজ	ফুটওভার ব্রীজ এর উপর ও সিঁড়ির আশেপাশে অবৈধ হকারদের দখলের কারণে চলাচলের অসুবিধা হয়।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
৯	উত্তর বাড্ডা বাজার	ফুটওভার ব্রীজ এর উপর ও সিঁড়ির আশেপাশে অবৈধ হকারদের দখলের কারণে চলাচলের অসুবিধা হয়।	ফুটওভার ব্রীজ এর উপর অবৈধ হকার উচ্ছেদ করে জনগণের চলাচল সুগম করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
১০	বনানী-১১ নং রোড ফুটওভার ব্রীজ	চলন্ত সিঁড়ি সকল সময় কার্যকর থাকে না, চলন্ত সিঁড়ি বন্ধ থাকা অবস্থায় উঠা নামায় অসুবিধা হয়।	ঢাকা উত্তর সিটি করপোরেশন কর্তৃক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ।

চিত্র ৪৬: মোহাম্মদপুর পূর্ব পশ্চিম খিলগাও রাস্তা ফুটপাত, ড্রেনেজ ব্যবস্থার পর্যবেক্ষণ

৩.১৭ প্রকল্পের এক্সিট প্ল্যান সংক্রান্ত

প্রকল্পের ডিপিপিতে প্রকল্পের Exit Plan সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ ছিল না। তবে প্রকল্পের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের আওতায় পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও প্রকল্পের আওতায় সংগৃহীত যাবতীয় সম্পদ স্ব-স্ব সংস্থায় ব্যবহার ও পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর জন্য হস্তান্তর করা হয়েছে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো ও সংগৃহীত মালামাল প্রকল্প সমাপ্তির পর কোথায় কোন শাখার অধীনে হস্তান্তর হবে এবং কোন শাখার মাধ্যমে নির্মিত অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ করা হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট দিক নির্দেশনা থাকতে হবে। তবে আরডিপিপি-তে এ বিষয়ে আরো সুনির্দিষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন ছিল।

প্রকল্পটির অঙ্গসমূহ টেকসই করার জন্য অঙ্গসমূহের রক্ষণাবেক্ষণের জন্য জনবল কাঠামো ও প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্পর্কে সুস্পষ্ঠ কোনো নির্দেশনা প্রকল্পের ডিপিপি-তে ছিল না। এবিষয়ে স্ব-স্ব সংস্থাকে রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবল ও অর্থের সংস্থানের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথায় প্রকল্পের অঙ্গসমূহ দীর্ঘ মেয়াদী লাইফ টাইম অতিক্রম করতে পারবেনা।

সীমাবদ্ধতাঃ

প্রকল্পটি একটি সমাপ্ত প্রকল্প হওয়ায় এবং ডিটিসিএ এবং ডিসিসি কর্তৃক প্রকল্পের দলিলাদি যথাযথভাবে সংরক্ষিত না হওয়ায় প্রকল্পের ডিসিসি ও ডিটিসিএ অঙ্গের আংশিক তথ্য অত্যন্ত বিলম্বে পাওয়া গেছে । এ বিষয়ে পত্র মারফত এবং সরাসরি একাধিকবার যোগাযোগ করা হলেও ডিসিসি ও ডিটিসিএ থেকে আংশিক তথ্য প্রদান করা হয়। ডিসিসি ও ডিটিসিএ থেকে পরামর্শকের চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করতে আরোও সময়ের প্রয়োজন বলে পরামর্শকগণকে অবহিত করা হয়, যা সমীক্ষাটি মানসম্মত ও তথ্যবহুলভাবে সম্পাদনের একটি অন্তরায়।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুকিঁ পর্যালোচনা (SWOT Analysis)

৪.১ প্রকল্পের প্রাপ্ত সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি

"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ প্রকল্প (CASE) (৩য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য বিভিন্ন ধরণের সুবিধাভোগীদের মধ্যে জরিপ করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে কেআইআই করা হয়েছে। প্রকল্প এলাকায় সুবিধাভোগী এবং গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে এফজিডি করা হয়েছে। প্রকল্প এলাকায় প্রকল্প সংশ্লিষ্ট ও সুবিধাভোগী ব্যক্তিদের নিয়ে নিয়ে স্থানীয় কর্মশালা করা হয়েছে। প্রকল্প এলাকা থেকে নমুনা নির্বাচন করে প্রকল্প পরিদর্শন করা হয়েছে। এছাড়াও সকল প্রয়োজনীয় সেকেন্ডারী উপাত্ত বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। উপরোক্ত সকল প্রক্রিয়ায় প্রাপ্ত সকল উপাত্তগুলো বিশ্লেষণ করে যে ফলাফল পাওয়া গিয়াছে সেই সকল ফলাফল বিশ্লেষণের আলোকে এই প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, প্রকল্পের সুযোগ এবং ঝুঁকি চিহ্নিত করা হয়েছে। যা নিম্নে উপস্থাপন করা হলোঃ-

প্রকল্পের সবল দিকসমূহ (Strengths)	প্রকল্পের দুর্বল দিকসমূহ (Weaknessess)
➢ প্রকল্পের ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সামগ্রিক কার্যক্রম সম্পাদন করা হয়েছে; ➢ প্রকল্পে স্বল্পমেয়াদে বা ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি; ➢ প্রয়োজনীয় অর্থের সংস্থান ছিল এবং অর্থছাড় যথাসময়ে হয়েছে; ➢ প্রকল্পের বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে; ➢ প্রকল্প বাস্তবায়নে সুফলভোগীদের সহযোগিতা পাওয়া গিয়েছিল; ➢ প্রকল্পটি বিভাগ ও মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত মনিটরিং হয়েছে, ➢ খাতওয়ারী বাজেট চাহিদা ও বরাদ্দ পাওয়া গিয়েছিল।	➢ ডিপিপি বার বার সংশোধন ও সময় বৃদ্ধি করা হয়েছে; ➢ প্রকল্পের কার্যক্রম সুনিদিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত না হওয়া; ➢ প্রকল্পটির স্কোপ অব ওয়ার্ক সঠিকভাবে নির্ধারিত হয়নি বিধায় যার ফলে স্কোপ অব ওয়ার্ক পরিবর্তন করতে হয়েছে; ➢ মূল ডিপিপি'তে যে বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল বাস্তবে সে অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি; ➢ ঠিকাদারের কর্ম-পরিকল্পনার দূর্বলতা পরিলক্ষিত হয়েছে; ➢ ক্রয় কার্যক্রমে জটিলতা ও দীর্ঘসময় ব্যয়; ➢ প্রকল্পের ডিপিপি'তে প্রকল্পের Exit Plan ও প্রকল্পের অঙ্গসমূহের টেকসইকরণের লক্ষ্যে Sustainability Plan সুস্পষ্টভাবে উল্লেখ নেই; ➢ প্রকল্পের আওতায় সংগৃহীত সোলার সিস্টেম ও স্বয়ংক্রিয় ট্রাফিক সিস্টেম ব্যবস্থা অকার্যকর রয়েছে।
প্রকল্পের সুযোগসমূহ (Opportunities)	**প্রকল্পের ঝুঁকিসমূহ (Threats)**
➢ পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক ক্ষমতা শক্তিশালী হয়েছে; ➢ প্রকল্প বাস্তবায়নের ফলে ইট ভাটা থেকে নির্গত দূষিত ধোঁয়া নিঃসরণ কমানো সম্ভব হয়েছে; ➢ প্রকল্প কার্যক্রম সঠিকভাবে সমাপ্তির ফলে উন্নয়ন সহযোগীর আস্থা অর্জন ও তাদেরকে ভবিষ্যতে অনুরূপ প্রকল্পে অর্থায়নে উৎসাহিত করা সম্ভব হবে; ➢ প্রকল্পের মাধ্যমে বাস সেক্টরেরর সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপিত হয়েছে; ➢ বায়ু দূষণের সমস্যাগুলি মোকাবেলা করার জন্য একটি শক্তিশালী আইনি এবং নিয়ন্ত্রক কাঠামো সৃষ্টি হয়েছে;	➢ প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি; ➢ নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবল ও অর্থের অভাব; ➢ প্রকল্পের প্রকৃত সুফলে ব্যঘাত সৃষ্টিকারী যেমন অবৈধ দখলকারী, অবৈধ পার্কিং ইত্যাদির রিরুদ্ধে যথাযথ আইনের প্রয়োগের অভাব; ➢ সেবা প্রদানকারী সংস্থারকারী মধ্যে সমন্বয়ের অভাব।

➢ Sustainable Urban Transport বাস্তবায়নে প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পেয়েছে; ➢ প্রকল্পে আওতায় সড়ক একমুখীকরণ ও ফুটপাত ও নর্দমা নির্মাণের ফলে যানজট, দুর্ঘটনা ও দূষণ হ্রাস পেয়েছে এবং জলাবদ্ধতা হ্রাস পেয়েছে; ➢ দক্ষ ট্রাফিক সিগন্যালিং সিস্টেম এর সম্ভাবনা তৈরি হয়েছে এবং ➢ মানুষের ব্যবসা-বানিজ্যের অধিকতর সুযোগ সৃষ্টি হয়েছে।	

পর্যালোচনাঃ

প্রকল্প কর্তৃক প্রকল্পের অধিকাংশ সবলদিকসমূহ যথাযথ ব্যবহার করতে পারেননি। প্রকল্পের যাবতীয় কার্যক্রম ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হলেও প্রকল্প বাস্তবায়নের পর তার কিছু কিছু অঙ্গ যেমন স্বয়ংক্রিয় ট্রাফিক সিগনাল ব্যবস্থা ও সোলার সিস্টেম অকার্যকর রয়েছে। প্রকল্পে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকা সত্ত্বেও প্রকল্প কার্যক্রম নির্ধারিত মেয়াদে সম্পন্ন করা যায়নি এবং প্রকল্পটি তিন বার সংশোধনের প্রয়োজন পড়েছে। তবে প্রকল্পের মাধ্যমে পরিবেশ অধিদপ্তর ইট প্রস্তুতের ক্ষেত্রে যে zigzag পদ্ধতির ডেমন্সট্রেশন করেছিল তার ফলাফল হিসেবে zigzag পদ্ধতি বাদ্ধতামূলককরণ প্রকল্পের একটি সাফল্য হিসেবে বিবেচিত হতে পারে।

প্রকল্পে বেশ কিছু দুর্বল দিক ছিল যা যথাযথ পদক্ষেপের মাধ্যমে সবলে রুপান্তর সম্ভব ছিল। প্রকল্পের ১ম সংশোধনীর সময় প্রকল্পের স্কোপ অব ওয়ার্ক পুনঃনির্ধারণ করা হলে তার মাধ্যমে পরবর্তীতে সময় ও ব্যয় বৃদ্ধির সম্ভাবনা কিছুটা হলেও হ্রাস পেত। প্রকল্পের ভৌত কার্যক্রমসমুহ বাস্তবায়নে নিয়োজিত ঠিকাদারকে কঠোর মনিটরিং এর আওতায় রেখে ভৌত কাজ দ্রুত সম্পাদন এর ব্যবস্থা গ্রহণ করলে প্রকল্পের সার্বিক কার্যক্রম কিছুটা বেগবান হতো। প্রকল্পের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী প্রকল্পে প্রয়োজনীয় জনবল নিয়োগ করা গেলে প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করত। প্রকল্পের ডিপিপি'তে এক্সিট প্ল্যান এর সুস্পষ্ট রূপরেখা না থাকলেও প্রকল্প বাস্তবায়নের পর অঙ্গসমূহ রক্ষণাবেক্ষণের দিক স্ব-স্ব সংস্থার উপর ন্যস্ত করা হয়েছে এবং সে অনুযায়ী অঙ্গসমূহ পরিচালিত হচ্ছে।

প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগসমূহের যথাযথ প্রয়োগ হচ্ছে। উদাহরণসরূপ ইট প্রস্তুতের ক্ষেত্রে যে zigzag সারা দেশে বাধ্যতামূলক করা হয়েছে যা যথাযথ প্রতিপালন করলেই কেবল ইট ভাটার লাইসেন্স প্রদান করা হচ্ছে। প্রকল্পের মাধ্যমে ডিটিসিএ কর্তৃক বাস্তবায়িত ফিজিবিলিটি ও বাস নেটওয়ার্ক স্টাডির উপর ভিত্তি করে MRT প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং BRT বাস্তবায়ন প্রায় শেষের পথে। তাছাড়া বাসের রুট যৌক্তিকীকরণের মাধ্যমে বাস সেক্টরের সংস্কার সাধিত হচ্ছে এবং বাসের নিঃসরণ কমানোর ক্ষেত্রে একটি রেগুলেটরি ভিত্তি স্থাপিত হচ্ছে। সিটি কর্পোরেশনের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রমের মাধ্যমে যানজট ও দুর্ঘটনা হ্রাস পেলেও ফুটপাত ও ওভারব্রীজ দখল ও স্বয়ংক্রিয় ট্রাফিক সিগনাল ব্যবস্থা ও সোলার সিস্টেম অকার্যকর থাকার কারণে প্রকল্পের সুফলভোগীরা প্রকল্পের সর্বোচ্চ সুফল হতে বঞ্চিত হচ্ছেন।

প্রাকৃতিক দুর্যোগ ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য জনবল ও অর্থের অভাবে প্রকল্পের অঙ্গুসমূহ ঝুঁকির মুখে পরতে পারে। তাছাড়া অন্যান্য প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশনের অঙ্গসমুহ ভাঙ্গা পরলে তা প্রকল্পের জন্য ঝুঁকি। এ সমস্ত ঝুঁকি প্রশমনে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য জনবল ও অর্থের সংস্থান রাখতে হবে এবং উন্নয়ন কর্মকান্ড পরিচালনাকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয় বৃদ্ধি করতে হবে।

পঞ্চম অধ্যায়
প্রভাব মূল্যায়ন সমীক্ষার ফলাফলের আলোকে পর্যবেক্ষণ

৫.১ প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি

প্রকল্পের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (এমওইএফসিসি) অঙ্গে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ২৫৬.০০ লক্ষ টাকা। প্রকৃত পক্ষে প্রকল্প শেষে এখাতে ব্যয় হয়েছে ২০৭.৭৯ লক্ষ টাকা যার বাস্তব অগ্রগতির পরিমাণ (১০০%) এবং আর্থিক অগ্রগতির পরিমাণ ৮০%। প্রকল্পের ডিওই অঙ্গে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ২৮,৪৭৯.০০ লক্ষ টাকা। প্রকৃত পক্ষে এখাতে ব্যয় হয়েছে ২৩,০২৬.৪৩ লক্ষ টাকা যার বাস্তব অগ্রগতির পরিমাণ (১০০%) এবং আর্থিক অগ্রগতির পরিমাণ ৮০%। প্রকল্পের ডিসিসি অঙ্গে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ৪৬০৯৪.১৭ লক্ষ টাকা। প্রকৃত পক্ষে এখাতে ব্যয় হয়েছে ৪২৫০৫.২২ লক্ষ টাকা যার বাস্তব অগ্রগতির পরিমাণ (১০০%) এবং আর্থিক অগ্রগতির পরিমাণ ৯২%। ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) অংশের অর্থ বছরভিত্তিক ব্যয় পরিকল্পনা ও অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের সংশোধিত ডিপিপি-তে বরাদ্দ ছিল মোট ৫৪২৩.০০ লক্ষ টাকা। ব্যয় হয় মোট ৫১৪৩.৯১ লক্ষ টাকা। ডিপিপির লক্ষ্যমাত্রার বিপরীতে মোট আর্থিক অগ্রগতি প্রায় ৯৪%। ডিটিসিএ অংশে কোন ভৌত কার্যক্রম না থাকায় এক্ষেত্রে এর বাস্তব অগ্রগতি নিরূপন করা সম্ভব নয়।

৫.২ প্রকল্প ব্যয় বৃদ্ধি

প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৪৪৫০১.৬৪ লক্ষ টাকা। প্রকল্পের অর্থ জিওবি ও প্রকল্প সাহায্য হিসাব খাতের। প্রকল্পটি যথা সময়ে সমাপ্ত না হওয়ায় ১ম সংশোধনে সময় ও ব্যয় বৃদ্ধি করা হয় ৪৮০৭১.৪১ লক্ষ টাকা । প্রকল্পটি বর্ধিত সময়েও সমাপ্ত না হওয়ায় পুনরায় ২য় সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় প্রকল্পটি সংশোধন করা হয় ব্যয় দাঁড়ায় ৫২১৫৫.০০ লক্ষ টাকা **(১৭.২%)**। ৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ দাঁড়ায় জুলাই ২০০৯- জুন-২০১৯ পর্যন্ত এবং প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৮০২৫২.১৭ লক্ষ টাকা **(৮০.৩৩%)** । প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংশোধনীতে প্রকল্পের ব্যয় যথাক্রমে ৭.৮%, ১৭.২% ও ৮০.৩৩% বৃদ্ধি পায়।

৫.৩ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয় জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ পর্যন্ত। প্রকল্পটি যথা সময়ে সমাপ্ত না হওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয় এবং প্রকল্পটির সময় বৃদ্ধি করা হয়। ১ম সংশোধনে সময় বৃদ্ধি না হলেও ২য় সংশোধনে পর প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয় জুলাই ২০০৯ হতে জুন ২০১৬ । অর্থাৎ সময় বৃদ্ধি পায় ২৪ মাস। প্রকল্পটি বর্ধিত সময়েও সমাপ্ত না হওয়ায় পুনরায় সময় বৃদ্ধি এবং ব্যয় সংশোধন প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় প্রকল্পটি সংশোধন করা হয়। ৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ দাঁড়ায় জুলাই ২০০৯- জুন-২০১৯ পর্যন্ত। এই ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির মোট পরিমাণ ৬০ মাস।

৫.৪ প্রকল্প ব্যবস্থাপনা

প্রকল্প মনিটরিং এর সর্বোচ্চ ফোরাম তথা Project Steering Committee (PSC) গঠন করা হয়। পরিবেশ অধিদপ্তর অঙ্গে উক্ত সর্বমোট ৪০টি পিএসসি সভায় মিলিত হওয়ার কথা থাকলেও সভা হয়েছে মাত্র ৯টি। এটি প্রকল্পের একটি দুর্বল দিক। তবে সভার সংখ্যা কম হলেও সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। ডিটিসিএ ও সিটি কর্পোরেশন অংশ থেকে প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি।

৫.৫ প্রকল্পের জনবল সংক্রান্ত

প্রকল্পের জনবল নিয়োগের চিত্র পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের ডিটিসিএ অংশ ব্যতীত কোন অংশই আরডিপিপি অনুযায়ী জনবল প্রকল্পে নিয়োগ করতে পারেনি। পরিবেশ অধিদপ্তরের অংশ ও সিটি কর্পোরেশন অংশ যথাক্রমে ৬৯ ও ৪২ জন

